


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 23 September, 2023 ■ আগরতলা ২৩ সেপ্টেম্বর ২০২৩ ইং ■ ৪ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

### শোক মুখ্যমন্ত্রী, প্রাক্তন মুখ্যমন্ত্রী ও সাংসদ বিপ্লবের

# প্রয়াত হলেন প্রজাপিতা ব্রহ্মকুমারীর কবিতা বেহেনজি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।।** প্রজাপিতা ব্রহ্মকুমারী ত্রিপুরা এবং বাংলাদেশের ইনচার্জ কবিতা বেহেনজি শুক্রবার প্রয়াত হয়েছেন। দীর্ঘদিন ধরে তিনি অসুস্থ ছিলেন বলেও জানা গেছে। ভর্তি ছিলেন আইএলএস হাসপাতালেও। শুক্রবার উনার মৃত্যুর খবর শুনতে পেয়েই শোকের আবহ নেমে আসে প্রজাপিতা ব্রহ্মকুমারীর সকল সদস্যদের মধ্যে। তাঁর মরদেহ বনমালীপুর ও আড়ালিয়া আশ্রমে নিয়ে যাওয়া হয়েছে। খবর পেয়েই ছুটে গিয়েছেন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা, সস্ত্রীক প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার সহ অগনিত ভক্ত, গুনমুগ্ধ এবং বিশিষ্টজনেরা। আড়ালিয়া প্রজাপিতা ব্রহ্মাকুমারী ঐশ্বরিয় মহাবিদ্যালয়ে গিয়ে প্রয়াতের প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করেন মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা, সস্ত্রীক প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার।



এদিন মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা বলেন, প্রজাপিতা ব্রহ্মকুমারী ত্রিপুরা এবং বাংলাদেশের ইনচার্জ কবিতা বেহেনজি আজ বেসরকারি হাসপাতালে দেহত্যাগ করেছেন। তাঁর প্রয়াণে গভীরভাবে মর্মাহত হয়েছেন তিনি। ঈশ্বরের কাছে তাঁর বিদেহী আত্মার চিরশান্তি কামনা করেছেন মুখ্যমন্ত্রী।

তার প্রয়াণে শোক ব্যক্ত করেছেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার। তিনি বলেন, খুব ভালো মানুষ ছিলেন। ত্রিপুরার জন্য অনেক কিছু করেছেন। তিনি ত্রিপুরার ভালো কিছু দেখলে সেটা নিঃসংকোচে বলেতেন। এমনকি নেশার বিরুদ্ধেও তিনি প্রচুর কাজ করেছেন। ত্রিপুরাকে নেশামুক্ত করতে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছেন ও বেশ কিছু যুবককে নেশার গ্রাস থেকে বের করে এনেছেন বলেও জানিয়েছেন মানিক সরকার। তিনি আরও বলেন তার এই প্রয়ান ত্রিপুরার জন্য বড় ক্ষতি।

উনার প্রয়াণে শোক ব্যক্ত করেছেন সাংসদ বিপ্লব কুমার দেব। তিনি বলেন, তিনি গভীরভাবে মর্মাহত উনার প্রয়াণে। রাজ্যে এসে বহুবার তিনি তার মাতৃসুলভ স্নেহ লাভ করেছেন। এনার এই প্রয়াণে ত্রিপুরার ক্ষতি হল বলে জানিয়েছেন তিনি।

উল্লেখ্য মাত্র ১১ বছর বয়সে ঈশ্বরীয় জ্ঞানে আলোকিত হওয়ার অভিপ্রায় নিয়ে মহান কর্মযজ্ঞে ব্রতী হওয়ার পাশাপাশি পরবর্তী সময়ে ১৯৮৯ সাল থেকে সর্বক্ষণের সেবাধারী হিসাবে এবং ১৯৯৫ সাল থেকে বিশ্বসেবা তথা ঈশ্বরীয় সেবায় ত্রিপুরায় সমর্পিত হয়েছিলেন কবিতা বেহেনজী।

☛ ৬ এর পাতায় দেখুন



সংসদে মহিলা সংরক্ষণ বিল পাস হওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানান কেন্দ্রীয় মহিলা মোর্চার কর্মীরা। শুক্রবার বিজেপির কেন্দ্রীয় সদর কার্যালয়ে।

# মহিলা সংরক্ষণ বিল পাশে খুশি রাহুল, সন্দেহ বাস্তবায়ন নিয়ে

**নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর (হি.স.):** সংসদে মহিলা সংরক্ষণ বিল পাশ হওয়ায় খুশি ব্যক্ত করলেন কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী। শুক্রবার এক সাংবাদিক সম্মেলনে রাহুল গান্ধী বলেছেন, মহিলা সংরক্ষণ বিল দুর্দান্ত, তবে আমরা দুটি বিষয় জানতে পেয়েছি যে তার আগে আদমশুমারি এবং আসন পুনর্বিন্যাস করা দরকার। এই দুটির জন্যই কয়েক বছর সময় লাগবে। সত্য হল যে সংরক্ষণ আজই কার্যকর করা যেতে পারে... এটি কোনও জটিল বিষয় নয়, কিন্তু সরকার তা করতে চায় না। সরকার এটা দেশের সামনে উপস্থাপন করেছে, কিন্তু এখন থেকে ১০ বছর পর তা বাস্তবায়ন করা হবে। কেউ জানে না এটি আদৌ বাস্তবায়িত হবে কি-না। এটি একটি বিভ্রান্তিকর কৌশল।'



কংগ্রেস নেতা রাহুল গান্ধী আরও বলেছেন, 'সমস্যা হল বাস্তবায়ন। তারা যা বলেছে তা হল - আমরা সদনে একটি বিল উত্থাপন করছি, কিন্তু আমরা এখন থেকে ১০ বছর পরে এটি বাস্তবায়ন করব। এর অর্থ কী?

...আমরা একমত বিলের পাশে, অবিলম্বে কার্যকর করুন এবং ভারতের মহিলাদের বুদ্ধিমত্তাকে অপমান করবেন না।'

## আজ ঘুম ভাঙবে প্রজ্ঞা ও বিক্রমের

**নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর (হি.স.):** ভারতের চন্দ্রযান ৩-এর ল্যান্ডার বিক্রম এবং রোভার প্রজ্ঞানকে আবার ঘুম থেকে জাগিয়ে তোলার কাজ শুরু করবে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো। আর সেই আশাতেই বুক বাঁধছে ইসরোর বিজ্ঞানীরা-সহ গোটা দেশ। তবে, ২২ সেপ্টেম্বর (শুক্রবার) নয়, বিক্রম ও প্রজ্ঞানকে ঘুম থেকে ওঠানো হবে ২৩ সেপ্টেম্বর।

চন্দ্রযান-৩ প্রসঙ্গে স্পেস অ্যাপ্লিকেশন সেন্টারের ডিরেক্টর নীলেশ দেশাই বলেছেন, 'আগে আমরা ২২ সেপ্টেম্বর সন্ধ্যায় (প্রজ্ঞান) রোভার এবং (বিক্রম) ল্যান্ডারকে পুনরায় সক্রিয় করার পরিকল্পনা করেছিলাম, কিন্তু কিছু কারণে ☛ ৬ এর পাতায় দেখুন

### যুব, নতুন, আত্মনির্ভর ৩ কর্মসূচি

# শিল্প স্থাপনে যুবাদের উৎসাহিত করতে নিগমের বিশেষ উদ্যোগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।।** শিল্প স্থাপনে যুবাদের উৎসাহিত করতে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম বিশেষ উদ্যোগ নিয়েছে। এই উদ্যোগের লক্ষ্য হচ্ছে যুব ত্রিপুরা, নতুন ত্রিপুরা ও আত্মনির্ভর ত্রিপুরা গড়ে তোলা। এই কর্মসূচিতে রাজ্যের ৮টি জেলা থেকে ১৮ থেকে ৪৫ বছর বয়সী আগ্রহী ১০০ জন করে যুবক যুবতীকে জেলা শিল্পকেন্দ্রে নথিভুক্ত করা হবে। আগ্রহী যুবাদের বোধজংনগর ও আরকেনগর শিল্প নগরীতে অভিজ্ঞতা সঞ্চয়ের জন্য পরিদর্শনে নিয়ে যাওয়া হবে। রাজ্যের সাম্প্রতিক শিল্প পরিকাঠামোর বিকাশ ও সংশ্লিষ্ট বিভিন্ন সুবিধা সম্পর্কে সুস্পষ্ট ধারণা দিতেই এই পরিদর্শনের ব্যবস্থা করা হবে। আজ এক সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান নবাদল বণিক একথা জানান। ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম লিমিটেড কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত এই সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান আরও জানান, এই বিশেষ উদ্যোগে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের ক্রেডিট যুক্ত বিভিন্ন প্রকল্পের সাথে আগ্রহী যুবাদের পরিচয় করিয়ে দেওয়া হবে। পরবর্তীকালে অগ্রাধিকারের ভিত্তিতে এই সমস্ত যুবাদের বিভিন্ন স্বরোজগারের উপযুক্ত প্রকল্পগুলিতে শিল্প স্থাপনে সহায়তা দেওয়া হবে। তিনি জানান, এই উদ্যোগে উৎসাহী যুবাদের ঋণ পাওয়ার পদ্ধতি সম্পর্কে অবহিত করা হবে এবং ব্যাঙ্কারদের সাথে সরাসরি সংযোগ স্থাপন করিয়ে দেওয়া হবে। তাছাড়াও আমদানি রপ্তানি ব্যবসা এবং লজিস্টিক সেক্টরের সুযোগ সম্পর্কে তাদের অবহিত ও সচেতন করা হবে।

সাংবাদিক সম্মেলনে শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান জানান, আগামী ২৯ সেপ্টেম্বর থেকে ৩০ ডিসেম্বরের মধ্যে বোধজংনগর ও আরকেনগর শিল্প নগরীতে উৎসাহী যুবাদের পরিদর্শনের জন্য নিয়ে যাওয়া হবে। তিনি জানান, রাজ্যে এখন ১৮টি শিল্প নগরীর মধ্যে ১২টি শিল্প নগরী চালু রয়েছে। রাজ্যের শিল্প নগরীগুলিতে ১৭০টি শিল্প ইউনিট চালু রয়েছে। এরমধ্যে বোধজংনগর শিল্প নগরীতে ৬৭টি ও আরকেনগর শিল্প নগরীতে ১৭টি শিল্প ইউনিট চালু আছে। তিনি জানান, গত ৬ মাসে রাজ্যের শিল্প নগরীগুলিতে ২৩টি শিল্প ইউনিটকে শেড ও জমি দেওয়া হয়েছে। গত ৬ মাসে রাজ্যের শিল্প নগরীতে ৬৮.৪০ কোটি টাকা বিনিয়োগ হয়েছে। তিনি জানান, রাজ্যের শিল্প নগরীগুলিতে চালু থাকা শিল্প ইউনিটগুলি থেকে মাসে প্রায় ৩০ লক্ষ টাকা রাজস্ব পাওয়া যাচ্ছে। সাংবাদিক ☛ ৬ এর পাতায় দেখুন

## গলায় দা দিয়ে কোপ দিয়ে আত্মহত্যার চেষ্টা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।।** নিজ বাড়িতে নিজে গলায় দা দিয়ে আঘাত করে গুরুতর আহত এক যুবক। ঘটনা শুক্রবার দুপুরে উত্তর জেলার কদমতলা বাজার এলাকায়। বর্তমানে ওই যুবক আশঙ্কাজনক অবস্থায় জেলা হাসপাতালে চিকিৎসাধীন। জানা গেছে, বেশ কিছু দিন ধরে বসন্ত রোগে আক্রান্ত হয়ে অসুস্থ ছিল বিধু নাথ নামে ওই যুবক। শুক্রবার সকালে নিজ বাড়িতে কাউকে কিছু না বলে ঘরে থাকা দা দিয়ে নিজের গলায় কোপ বসায় সে।

তার বৌদি তার জন্য ভাত নিয়ে ঘরে গেলে তাকে রক্তাক্ত অবস্থায় ঘরে পড়ে থাকতে দেখে তিনি চিৎকার শুরু করেন। পরিবারের লোকজন সহ আশপাশের লোকজন ছুটে এসে তাকে উদ্ধার করে নিয়ে আসে কদমতলা হাসপাতালে। আহতের অবস্থা বেগতিক দেখে তাকে রেফার করা জেলা হাসপাতালে। বর্তমানে সেখানেই চিকিৎসা চলছে তার। জেলা ☛ ৬ এর পাতায় দেখুন

## বাইক ও মারুতি সংঘর্ষে আহত চার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।।** মনপাথর ফাঁড়ী থানার অধীনে বাইক ও মারুতি গাড়ীর সংঘর্ষে আহত ৪। ঘটনার বিবরনে জানাযায় শুক্রবার বেলা আনুমানিক ১২ টা ২০ মিনিট নাগাদ শান্তির বাজার মহকুমার মনপাথর ফাঁড়ী থানার অধীনে পতিছড়ী এলাকায় টি আর ০৮ ডি ০৩৭০ নাম্বারের মারুতি গাড়ী ও টি আর ০৩ এফ ৬৫৩৪ নাম্বারের দুটি বাইকের মধ্যে সংঘর্ষ ঘটে। এতে করে বাইকে থাকা চালক উনার স্ত্রী ও দুইটি শিশু সন্তান সহ মোট ৪ জন জাতীয় সড়কে ছিটকে পরে গিয়ে গুরতর আহত হয়েছেন বলে জানা গেছে। দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় শান্তির বাজার দমকল বাহনীর কর্মীরা। পতিছড়ী ☛ ৬ এর পাতায় দেখুন

## বন্‌ধের হুমকি দিয়ে তিপ্রাসাদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান প্রদ্যোতের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।।** বনধের হুমকি তিপ্রা মথার। শুক্রবার দলীয় নেতৃত্বদের নিয়ে বৈঠক শেষে প্রদ্যুত কিশোর বলেন, কেন্দ্রীয় সরকার তিপ্রা মথার দাবীগুলি নিয়ে ইতিবাচক দৃষ্টিভঙ্গি রাখছে। তিনি দাবী করেন গৃহমন্ত্রী অমিত শাহ তিপ্রাসাদের দাবিগুলি নিয়ে ইতিবাচক চিন্তাধারা করছেন। তাই সমস্ত তিপ্রাসাদের একজোটে আন্দোলনে নামার আহ্বান করেছেন তিনি। এদিন প্রদ্যুত কিশোর এও বলেন, তিপ্রাসাদের দাবিগুলি পূরণ করার জন্য সরকারের উপর চাপ বজায় রাখতে হবে। আর সেই কারনেই তারা বনধের পথে হাঁটছেন বলে জানিয়েছেন। যদিও বনধের দিনক্ষন এখনো জানানো হয়নি। তবে সকল তিপ্রাসাদের একজোট করতে ফের একবার জোর চেষ্টা চালাচ্ছে তিপ্রা মথা দল, তা আর বলার অপেক্ষা রাখে না। ☛ ৬ এর পাতায় দেখুন

## মোদি সরকার নিজ ভুল ঢাকতে মহিলা সংরক্ষণ বিল ঃ সুদীপ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।।** মহিলা সংরক্ষিত বিল পাশ করিয়েছে কেন্দ্র সরকার। কিন্তু তাতে কারো লাভ নেই। সরকার নিজেই সেই বিল কার্যকর করতে চাইছে না। শুক্রবার সাংবাদিক সম্মেলন থেকে এমনই অভিযোগ করেছেন কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মণ। তিনি বলেন, মোদী সরকার শুধুমাত্র নিজেদের লাভের জন্য জনসমক্ষে এই বিল পাশ করিয়েছে। সামনেই ২০২৪ এর লোকসভা নির্বাচন। তার আগে সরকারের বিভিন্ন ব্যর্থতা ঢাকার জন্যই এই বিল পাশ করানো হয়েছে বলে মোদী সরকারের বিরুদ্ধে এক রাশ তোপ দাগলেন তিনি। এদিন বিধায়ক আরও বলেন, মহিলা সংরক্ষন বিল নিয়ে আলোচনার সময় এসসি, এসটি ও ওবিসি সম্প্রদায়ের মহিলা জনপ্রতিনিধিদের সংরক্ষণের জন্যও দাবী জানানো ☛ ৬ এর পাতায় দেখুন




### উৎসবের মুখে সুখবর

# বাংলাদেশ থেকে ৭ টন ইলিশ এসেছে রাজ্যে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।।** বাঙালির প্রধান উৎসব দূর্গোৎসবকে ঘিরে উন্মাদনা রীতিমতো চড়তে শুরু করেছে। এরই মধ্যে বাঙালির রসনা তৃপ্তির জন্য ত্রিপুরার বাজারে চলে এসেছে পদ্মার ইলিশ। মূলত, উৎসবে ভোজন রসিক বাঙালির পাতে ইলিশ ছাড়া চলে না। আর তা যদি হয় পদ্মার ইলিশ তাহলে অনুভূতি প্রকাশ করার ভাষা খুজে পাওয়া মুশকিল।

এ বিষয়ে আমদানিকারক বিমল রায় জানিয়েছেন, আপাতত ত্রিপুরায় বাংলাদেশ থেকে ১৫০টন ইলিশ মাছ আমদানির অনুমতি মিলেছে। আজ শুক্রবার প্রথম দিনে মাত্র ৭ মেট্রিক টন মাছ এসেছে রাজ্যে। কিন্তু এবার পদ্মা নদীতে মাছের প্রজনন কম হওয়ায় ত্রিপুরায় মৎস্য প্রেমীদের পাতে ইলিশ মাছ কি পরিমাণে পড়বে তা নিয়ে সংশয় রয়েছে বলে জানিয়েছেন তিনি।

তিনি আরও জানিয়েছেন, বাংলাদেশ সরকার আগামী ৩০ অক্টোবর পর্যন্ত এই মাছ আমদানির জন্য সময়সীমা বেঁধে দিয়েছে। দুর্গাপূজার সময় আপামর বাঙালি ইলিশ মাছ ছাড়া আনন্দ উপভোগ করতে পারেন না। ফলে এই সময়ে ইলিশের চাহিদাও বেশী থাকে। প্রতি কেজি মাছ ১০ ডলারের বিনিময়ে ক্রয় করা হয়েছে, বলেন তিনি। তাঁর দাবি, এবার পদ্মার ইলিশের দাম চড়া হওয়ায় দূর্গোৎসবের মুহুর্তে বাজারেও বেশি দামেই বিক্রির সম্ভাবনা রয়েছে।

তবে বিশ্বকর্মা পুজো থেকে শুরু হয় ভোজন রসিক বাঙালি ইলিশের চাহিদা। শারদ উৎসবের আগেই এবার বাজারে ইলিশের যোগান অনেকটা বেশি। গতবারের চেয়ে এবার ইলিশের আমদানি অনেকটাই বেড়েছে বলে জানালেন মহারাজগঞ্জ বাজারে পাইকারি বিক্রেতা হারাধন দাস। তিনি বলেন এবার বর্ষার শুরুতেই ☛ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ৩৫০ ▫ ২৩ সেপ্টেম্বর ২০২৩ইং ▫ ৫ আশ্বিন ▫ শনিবার ▫ ১৪৩০ বঙ্গাব্দ

## শুকাইয়া যাইতেছে বিশ্বের উচ্চতম হ্রদ

দেশের ৫৪৪ জেলায় জলবায়ু জরুরি অবস্থা জারি করিয়াছে পেরু। জলস্তর বিপজ্জনক স্তরে নামিয়া যাওয়ায় এই সিদ্ধান্ত। লাতিন আমেরিকার এই দেশের আবহাওয়া মন্ত্রক জানাইয়াছে ২০২৪ পর্যন্ত চলিতে পারে এই সঙ্কট। প্রশান্ত মহাসাগরে সমুদ্রের ওপরভাগের উষ্ণতা বাড়ি য়া যাওয়ার ফলাফল এই জল সঙ্কট। এই মর্মেই ব্যাখ্যা দিয়াছে চিলির সরকার। মাটির নিচ থেকে জল তোলার ওপরে কড়া নিষেধাজ্ঞা জারি করা হইয়াছে। জানানো হইয়াছে যে বিশ্বের উচ্চতম মিষ্টি জলের হ্রদ টিটিকাকা প্রতি সেকেন্ডে ১০ লিটার করিয়া জল হারাইতেছে। বাষ্প

হইয়া মিশিয়া যাইতেছে বাতাসে। খরার শঙ্কায় ভুগিতেছেন কৃষিজীবীরা। অন্য সব অংশের স্বাভাবিক জীবনযাপন ব্যাহত হইতেছে। পেরু এবং বলিভিয়ার বিস্তীর্ণ এলাকায় জীবিকার ভরসা এই হ্রদ। পরিবেশবিদরা বলিয়াছেন, জলবায়ু সঙ্কটের মারাত্মক প্রভাব পড়িয়াছে মানুষের জীবনে। দেশ এবং প্রাদেশিক সরকারগুলির যে মাত্রায় ভূমিকা নেওয়া উচিত, তাহা হইতেছে না। তাঁহারা বলিয়াছেন, ২০২৪'র গরমেও এল নিনো দাপট দেখাইতে পারে। যাহার অর্থ সমুদ্রের উপরিভাগের উষ্ণতা বাড়িবে। ভয়াবহ সামুদ্রিক ঝড় হইবে। আবার জলের সঙ্কটও বাড়িবে। প্রশান্ত মহাসাগরের মধ্য এবং পূর্ব অঞ্চলে বিশ্ব উষ্ণায়নের জন্যই চলিবে এমন অবস্থা। সঙ্কটে থাকিবে পেরুর মতো একাধিক দেশ।পেরুর সরকার ডিক্রি জারি করিয়া প্রাদেশিক এবং স্থানীয় স্তরের প্রশাসনকে এখনই সতর্ক হইতে বলিয়াছে। অসামরিক প্রতিরক্ষা গবেষণা প্রতিষ্ঠান 'আইএনডিইসিআই' বিশদে রিপোর্ট দিয়া জলবায়ু সঙ্কটের প্রভাব সম্পর্কে সতর্ক করিয়াছে। বলা

হইয়াছে, আগামকী গ্রীষ্ম পর্যন্ত জলস্তর নামিয়া যাওয়ার অবস্থা থাকিবে।

## লোকসভায় বিরোধী সাংসদকে কটাক্ষ, ঘৃণা ভাষণ করে দেশজুড়ে সমালোচিত রমেশ বিধুরী

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর (হি.স.): সংসদে কু-কথা, ঘৃণার ভাষণে নয়া লজ্জার নজির গড়লেন বিজেপি সাংসদ রমেশ বিধুরী। লোকসভায় চন্দ্রযান-৩-এর সাফল্য নিয়ে বলতে গিয়ে বাধা পেয়ে মেজাজ হারিয়ে উত্তর প্রদেশের আমরোহার বিএসপির সাংসদ কুনওয়ার দানিশ আলি-কে উদ্দেশ্য করে কুরুচিকর মন্তব্য করলেন দক্ষিণ দিল্লির বিজেপি সাংসদ রমেশ বিধুরী।

সংসদের ভিতরেই বিএসপি সাংসদ দানিশ আলিক উদ্দেশ্য করে বিজেপির রমেশ বিধুরী বলতে থাকেন, """"ইয়ে উগরাওয়াদি (জঙ্গি), ইয়ে আতঙ্কওয়াদি হ্যায় (সন্ত্রাসী), উগরাওয়াদি হ্যায়, ইয়ে আতঙ্কওয়াদি হ্যায়, ।"""" এরপর তিনি সাংসদ আলিকে, """"মোল্লা আতঙ্কওয়াদি, কাটোয়া"""" বলেন যখন তিনি এই সব কুকথা বলছেন, সংসদের টিভির সরাসরি সম্প্রচারে শোনা যায় তাঁর এই """"ঘৃণা ভাষণ""""।

বিজেপি সাংসদ রমেশ বিধুরী-র এই ঘৃণা ভাষণ নিয়ে গোটা দেশে সমালোচনার ঝড় বয়ে গিয়েছে। সোশাল মিডিয়ায় রমেশ বিধুরীর ঘৃণা ভাষমের ভিডিয়ো শেয়ার করে নেটিজেনরা নিন্দা করছেন।

এক নজরে দেখে নেওয়া যাক কে এই রমেশ বিধুরী

১) তিনি দক্ষিণ দিল্লির বিজেপি সাংসদ। এর আগে তুঘলকাবাদ থেকে তিনবার বিধায়ক ছিলেন। বেশ কম বয়স থেকেই আরএসএস-এর সদস্য।

২) দক্ষিণ দিল্লি লোকসভা কেন্দ্র থেকে রমেশ বিধুরী টানা তিনবার জিতেছেন। ২০০৯ লোকসভায় বিজেপির বিপর্যয়ের মধ্যেও রমেশ প্রায় ৯৩ হাজার ভোটে হারান কংগ্রেসের রমেশ কুমারকে।

৩) ২০১৯ লোকসভায় দক্ষিণ দিল্লি থেকে বিজেপির রমেশ বিধুরী হারান আম আদমি পার্টির নেতা রাঘব চাড্ডাকে। রমেশ বিধুরী সাড়ে ৩ লক্ষেরও বেশী ব্যবধানে রাঘব চাড্ডাকে হারিয়েছিলেন। এই কেন্দ্রে কংগ্রেস প্রার্থী অলিম্পিক বক্সিংয়ে পদকজয়ী বিজেন্দর সিং ১ লক্ষ ৬৪ হাজার ভোট পেয়ে তৃতীয় স্থানে ছিলেন।

৪) ২০১৪ লোকসভায় বিজেপির রমেশ বিধুরী ৯৩ হাজার ভোটে হারিয়েছিলেন আপ প্রার্থী দেবিন্দার শেরওয়াতকে। কংগ্রেস প্রার্থী সেবার ১ লক্ষ ২৫ হাজার ভোট পেয়ে তৃতীয় হয়েছিলেন।

৫) রমেশ বিধুরী দিল্লি বিশ্ববিদ্যালয় থেকে কমার্সে স্নাতক পাশ করেছিলেন। ছাত্র রাজনীতিতে এবিভিপি-র সক্রিয় সদস্য ছিলেন।

৬) ২০০৮ সাল থেকে দিল্লি বিজেপির সাধারণ সম্পাদক।

## চিনে ঢুকতে দেওয়া হল না অরুণাচলের তিন অ্যাথলিটকে; ক্ষোভ ভারতের, সফর বাতিল করলেন অনুরাগ ঠাকুর

নয়া দিল্লি, ২২ সেপ্টেম্বর(হি.স.): চিনে হচ্ছে এ বারের ১৯ তম এশিয়ান গেমস। এই গেমসে অরুণাচলের তিন অ্যাটলিটকে পরিচয়পত্র দেওয়ার পরও চিনে ঢুকতে দেওয়া হল না! এই বিস্ময়কর ঘটনা জেরে চিন সফর বাতিল করলেন কেন্দ্রীয় যুব ও ক্রীড়ামন্ত্রী অনুরাগ ঠাকুর।

এশিয়ান গেমসের মত জায়গায় চিনের এই আচরণ মেনে নিতে পারছে না ভারত সরকার। জানা গিয়েছে আজ অরুণাচলের তিন উসু প্লেয়ারকে চিনে ঢুকতে দেওয়া হয়নি। এই তিন অ্যাথলিট হলেন নেইমান ওয়াংসু, অনিলু তেগা, মেপাং লামগু। আজই এই তিন অ্যাথলিটের উসু ইভেন্টে নামার কথা। অথচ আয়োজকদের পক্ষ থেকে তাঁদের অ্যাক্রেডিটেশন কার্ড দেওয়া সত্বেও এই ধরনের আচরণ করা হলো। তারা চিনে ঢোকার অনুমতি পেল না। এই বিষয়টা অবাক করছে ভারত সরকারকে। তাই এই ঘটনার পরিপ্রেক্ষিতে চিন সফর বাতিল করলেন কেন্দ্রীয় যুব ও ক্রীড়ামন্ত্রী অনুরাগ ঠাকুর।

ভারত সরকারের পররাষ্ট্র মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, চিনের এই পদক্ষেপের তীব্র বিরোধিতা করছে ভারত সরকার। সরকারের পক্ষ থেকে স্পষ্ট বলা হয়েছে, চিনের এই ধরণের আচরণ বরদাস্ত করা হবে না।

## এশিয়ান গেমস ভলিবল : চাইনিজ তাইপেকে হারিয়ে শেষ আটে অমিত-হরিরা !

হানঝাউ, ২২ সেপ্টেম্বর(হি.স.): এশিয়ান গেমসে চমকে দিচ্ছে ভারতের ভলিবল টিম। অমিত, হরি প্রসাদদের টিম উঠে পড়ল এশিয়ান কোয়ার্টার ফাইনালে। আজ তাইপেকে ৩-০ সেটে হারিয়ে কোয়ার্টার ফাইনালে পৌছে গেল ভারতের ভলিবল টিম। শেষ চারে শামিমউদ্দিন, ভিনিত, মুখুস্বামীদের মুখে জাপান। জাপান ভলিবলে শক্তিশালী দল। তবে ভারতীয় ভলিবল টিমের এই ফর্ম পদকের স্বপ্ন দেখাচ্ছে।

# নেদারল্যান্ডে গবেষণা থেকে সূর্যের করোনার ছবি

**পুরুষোত্তম চক্রবর্তী**

নেদারল্যান্ডসের পথে যাত্রা শুরু করি ১৯৮৪ সালের আগস্টে। উদ্দেশ্য ছিল আমস্টারডামের বিখ্যাত ফোম ইনস্টিটিউটে কাজ শুরু করা। সেটাই ছিল জীবনের প্রথম বিদেশ যাত্রা। কলকাতা থেকে বাংলাদেশ বিমানের প্লেনে প্রথম ঢাকায় এসে নামি। তখন বেলা একটা। পরবর্তী ফ্লাইট (অর্থাৎ ঢাকা থেকে আমস্টার্ডাম) পরদিন ভোরে। মাঝে অনেকটা সময় অপেক্ষা। তাই বাংলাদেশ বিমান আমাদের (আমি ও আমার স্ত্রী) একটি চমৎকার হোটেলে থাকার বন্দোবস্ত করে দেয় সেই রাতের জন্য। যতদূর মনে পড়ে, হোটেলটির নাম 'পূর্বাণী ইন্টারন্যাশনাল'। পরদিন খুব সকালে বাংলাদেশ বিমানের একটি গাড়ি আমাদের আবার ঢাকা আন্তর্জাতিক বিমানবন্দরে নিয়ে আসে।

আমি পোস্ট-ডক্টরাল গবেষণা করছিলাম আমস্টার্ডামের ফাউন্ডেশন অন ম্যাটার বা ফোম: ইনস্টিটিউট ফর অ্যাটমিক অ্যান্ড মলিকিউলার ফিজিকসে। পৃথিবীখ্যাত এই গবেষণা প্রতিষ্ঠানটি মলিকিউলার ফিজিকস (আণবিক পদার্থবিজ্ঞান) ও কনডেসড ম্যাটার ফিজিকস গবেষণায় পৃথিবীর সেরা গবেষণা প্রতিষ্ঠানগুলোর অন্যতম। তা ছাড়া লেজার স্পেকট্রোস্কপির গবেষণাগার ছিল অত্যাধুনিক, একেবারে যাকে বলে, স্টেট অব দ্য আর্ট! আমি গবেষণা করতাম 'অপটিকস ফর সফট এক্স-রেস টু এক্সট্রিম আল্ট্রাভায়োলেট'-এর ওপর। তড়িৎচৌম্বক তরঙ্গের বর্ণালির এই বিশেষ তরঙ্গদৈর্ঘ্যএক্স-ইউভি অংশটুকুর (৪.৫ ন্যানোমিটার থেকে ২০ ন্যানোমিটার) ক্ষেত্রে প্রতিফলন ঘটানোই ছিল তখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ। এই তরঙ্গদৈর্ঘ্যের সীমায় শোষণক্ষমতা এত বেশি যে প্রতিসরণক্ষমতা প্রায় শূন্যের কাছাকাছি। আলোর প্রতিফলনই যদি না হয়, প্রতিবিম্ব গঠন কীভাবে সম্ভব? সুতরাং, কোনোরকম ইমেজিং ডিভাইস ছিল না এই তরঙ্গদৈর্ঘ্যের আলোর ক্ষেত্রে। আমরাই প্রথম এই পরিসরের তরঙ্গদৈর্ঘ্যের আলো প্রতিফলিত বা প্রতিসৃত করতে পেরেছিলাম বিশেষ একধরনের কৃত্রিম কেলাস তৈরি করে। এটি দিয়ে ওই নির্দিষ্ট পরিসরের কম্পাঙ্কবিশিষ্ট তড়িৎচৌম্বক তরঙ্গকে প্রায় নিয়ার-নরমাল ইনসিডেন্স-এ প্রতিফলিত করতে সক্ষম হয়েছিলাম। আমাদের এই পদ্ধতি ছিল অত্যন্ত জটিল। তবে যন্ত্রগুলোকে কম্পিউটারের মাধ্যমে সম্পূর্ণ নিয়ন্ত্রণ করতে পেরেছিলাম আমরা। এই গবেষণার সঙ্গে যুক্ত ছিল নেদারল্যান্ডসের 'ফিলিপস রিসার্চ ল্যাবরেটরি'।

আমাদের এই নতুন পদ্ধতি আন্তর্জাতিক স্তরে অসম্ভব সুখ্যাতি অর্জন করে। স্পাই আয়োজিত যুক্তরাষ্ট্রের সান ডিয়েগোতে অনুষ্ঠিত একটি আন্তর্জাতিক কনফারেন্সে এ বিষয়ে বক্তৃতা দিতে আমন্ত্রণ জানানো হয় আমাকে। ওই কনফারেন্সে আমার সেই বক্তৃতা কিছুটা সাড়াও ফেলে। সে বছরই (১৯৮৫) নেদারল্যান্ডে ইউরোপিয়ান স্পেস এজেন্সি বা ইসা আমাদের এ পদ্ধতি অনুসরণ করে প্রথম 'সফট এক্স-রে টেলিস্কোপ' নির্মাণ করে। এর সাহায্যে প্রথম সূর্যের করোনার ছবি তোলা সম্ভব হয়। ফোম ইনস্টিটিউটে 'সফট এক্স-রে রিফ্লেকটিং ডিভাইস' তৈরির যন্ত্রটির সঙ্গে আমাকে দেখা যাচ্ছে একটি ছবিতে। এ ধরনের অভিনব যন্ত্র নির্মাণে আমরাই ছিলাম পথপ্রদর্শক। বেশ কয়েক বছর আগে জার্মানির ইয়েনা শহরে ফ্রেডরিক শিলার ইউনিভার্সিটিতে বক্তৃতা দিতে আমন্ত্রিত হই আমি। এক্স-রে অপটিকস গবেষণায় এই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ইকারহার্ট ফরস্টার একেবারে প্রথম সারির বিজ্ঞানী ছিলেন। ওখানে সফট এক্স-রে অপটিকসের ওপর আমি বেশ কয়েকটি লেকচার দিই। কথায় কথায় ওঁর কাছ থেকে জানতে পারি, আমাদের সফট এক্স-রে সম্পর্কিত নেদারল্যান্ডসের গবেষণা জার্মানির প্রায় সব কটি অপটিকস গবেষণাগারে উচ্চ প্রসংশিত। অধ্যাপক ফরস্টার আরেকটি কথা বলেন। এই বিষয়ের ওপর প্রকাশিত আমার একটি বিশদ গবেষণা-প্রবন্ধ ইউরোপের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে একরকম পাঠ্যপুস্তক হিসেবে সমাদৃত হয়েছে! এ কথা শুনে আমি তো দারুণ খুশি। ইয়েনা জার্মানির গর্ব। মিউনিখ থেকে বার্লিনগামী রেলপথের মোটামুটি মাঝামাঝি অবস্থানে ইয়েনা স্টেশন। 'থুরিঙ্গিয়া' প্রভিন্সের অন্তর্ভূক্ত এই শহরটির এক পাশে এরফুর্ট, আরেক পাশে লিপজিগ। ইয়েনাতে পৃথিবীখ্যাত 'জেইস লেন্স' তৈরি হয়, একসময় যা নোকিয়ার ফোনেও ব্যবহৃত হতো। অনেকে তাই শহরটিকে 'সিটি অব অপটিক গ্লাস' বলে ডাকেন। আমার সৌভাগ্য হয়েছিল সেই জেইস কারখানা পরিদর্শনের!

অধ্যাপক জ্যাকব কিস্তেমাকার ছিলেন ফোম ইনস্টিটিউটের প্রতিষ্ঠাতা ও সর্বপ্রথম অধিকর্তা। তাঁর পাণ্ডিত্য ছিল আকাশছোঁয়া। কলকাতার সাহা ইনস্টিটিউট অব নিউক্লিয়ার ফিজিকসে পিএইচডি করার সময় তাঁর যুগান্তকারী গবেষণাপত্র আমাকে সমৃদ্ধ করেছে নানা দিক দিয়ে। 'অ্যাটমিক কলিশনস ইন সলিডস' বা কঠিন পদার্থের ভেতরে পরমাণুদের সংঘর্ষ নিয়ে আমার এক্সপেরিমেন্টাল রিসার্চ-থিসিসের পরীক্ষক ছিলেন তিনি। আমি এই বিষয়ে এক্সপেরিমেন্টগুলো করার জন্য সাহা ইনস্টিটিউটের গবেষণাগারে একটি রেডিও-ফ্রিকোয়েন্সি কোয়াড্রুপোল মাস স্পেকট্রোমিটার' তৈরি করেছিলাম সম্পূর্ণ নিজস্ব চিন্তাধারা প্রয়োগ করে। ভারতবর্ষে প্রথম এ ধরনের অভিনব 'মাস স্পেকট্রোমিটার' তৈরির জন্য কলকাতা বিশ্ববিদ্যালয় আমাকে 'প্রেমচাঁদ রায়চাঁদ স্কলারশিপ' ও 'মুয়াত পদক' দিয়ে সম্মানিত করে। এই দুর্লভ সম্মানে সম্মানিত হওয়ার জন্য আমার অশেষ কৃতজ্ঞতা পিএইচডি সুপারভাইজার প্রফেসর শচীদুলাল দের কাছে, যিনি আমাকে একরকম হাতে ধরে এক্সপেরিমেন্ট করা শিখিয়েছিলেন। প্রফেসর জ্যাকব কিস্তেমাকার আমার থিসিস পরীক্ষা করে এত মুগ্ধ হয়েছিলেন যে তিনি আমাকে সরাসরি ডেকে নিয়েছিলেন তাঁর গবেষণাকেন্দ্রে রিসার্চ করার জন্য। এই সুযোগ আমার কাছে একেবারে অপ্রত্যাশিত ছিল। নিজেকে মনে হয়েছিল ভাগ্যবান। ফোম ইনস্টিটিউটে তাঁর সাহচর্য ও অপরিসীম স্নেহ পেয়ে আমি ধন্য হয়েছি। ফোম ইনস্টিটিউট এখনও গোটা বিশ্বে সেরা গবেষণা প্রতিষ্ঠানগুলোর মধ্যে অন্যতম, যেখানে ফোটনিকসে যুগান্তকারী গবেষণা আজও চলমান। আমরা যখন আমস্টার্ডামে থাকতাম (১৯৮৪-৮৬), সেই সময় ওখানে আমাদের সঙ্গে একজন শিল্পীর খুব ঘনিষ্ঠতা হয়। তাঁর নাম উস্তাদ জামির আহমেদ খান। উনি খুব ভালো সেতার বাজাতেন।

> **অনুষ্ঠানের শুরুতে আমি ওঁর গাওয়া প্রতিটি রবীন্দ্রসঙ্গীতের সারাংশ ইংরেজিতে তর্জমা করে বুঝিয়ে দিয়েছিলাম শ্রোতাদেরকে। গানের কথা যে এত উঁচু ভাবনার হতে পারে, তা বোধ হয় ওঁরা সেদিন হৃদয় দিয়ে অনুভব করেছিলেন।**

উস্তাদ জামির আহমেদ খানের বাড়িতে গানবাজনার আসর বসত। জামির সেতার বাজাতেন, আর আমি তবলায় সঙ্গত করতাম। একটানা বহুদিন তবলা শিখেছি লক্ষ্ণৌ ঘরানার বিখ্যাত শিল্পী পন্ডিত সামতা প্রসাদের কাছে। সৌভাগ্যক্রমে অতীতে বেশ কিছু বড় বড় শিল্পীর সঙ্গে তবলা সঙ্গত করার সুযোগও হয়েছিল ঘরোয়া অনুষ্ঠানে। এঁদের মধ্যে উল্লেখযোগ্য খেয়াল-গায়ক শ্রী উষারঞ্জন মুখোপাধ্যায়, রবীন্দ্রসঙ্গীত শিল্পী স্বপন গুপ্ত, বাণী ঠাকুর প্রমুখ। চাইলে গবেষণা বা পড়াশোনার ফাঁকে ফাঁকে তবলার চর্চাটুকু হয়তো রাখতে পারতাম, কিন্তু যেকোনো কারণেই হোক হয়ে ওঠেনি।

জামির আহমেদ খান প্রত্যেক বছর আমস্টার্ডামের বিখ্যাত কনসার্ট হল কনসার্টগুহবাউয়ে ভারতীয় চিরায়ত সঙ্গীত বা ক্লাসিক্যাল মিউজিকের প্রোগ্রাম আয়োজন করতেন। আমরা হল্যান্ডে তিন বছর থাকায় এ ধরনের প্রোগ্রামের সঙ্গে একরকম একাত্ম হয়ে গিয়েছিলাম। এই প্রোগ্রামগুলোয় আমার স্ত্রী অনিবার্যভাবে প্রত্যেক বড় বড় শিল্পীর সঙ্গে তানপুরায় সহযোগিতা করতেন। তিনি উচ্চাঙ্গসঙ্গীতে বেনারস ঘরানার প্রখ্যাত শিল্পী পন্ডিত দামোদর মিশ্র ও তাঁর সুযোগ্য পুত্র পণ্ডিত মোহনলাল মিশ্রের কাছে দীর্ঘদিন তালিম নিয়েছেন। এ ছাড়া রবীন্দ্রসঙ্গীত শিখেছেন স্বনামধন্য শিল্পী শ্রীমতী সুচিত্রা মিত্রের কাছে।

আমস্টার্ডামের ফোম ইনস্টিটিউট একবার ওদের বার্ষিক ক্রিসমাস অনুষ্ঠানে আমার স্ত্রীকে গাইতে অনুরোধ করে। আমার স্ত্রীর সম্মতি পেয়ে ওরা যারপরনাই আনন্দিত হয়েছিল এবং ওকে বিশেষভাবে সম্মানিতও করে অনুষ্ঠানের দিন। অনুষ্ঠানের শুরুতে আমি ওঁর গাওয়া প্রতিটি রবীন্দ্রসঙ্গীতের সারাংশ ইংরেজিতে তর্জমা করে বুঝিয়ে দিয়েছিলাম শ্রোতাদেরকে। গানের কথা যে এত উঁচু ভাবনার হতে পারে, তা বোধ হয় ওঁরা সেদিন হৃদয় দিয়ে অনুভব করেছিলেন। স্ত্রীর গানের সঙ্গে তবলা সঙ্গতে আমিই ছিলাম। আমাদের অবাক করে দিয়ে একটি হারমোনিয়াম ও একজোড়া বায়া-তবলা আমস্টার্ডামের 'ইন্ডিয়ান মিউজিয়াম' থেকে কেউ একজন জোগাড় করে রেখে দিয়েছিল আগে থেকেই। আমার স্ত্রীর ন্ট্রে রবীন্দ্রসঙ্গীত শুনে ইনস্টিটিউটের বিজ্ঞানীদের যেন মুগ্ধতার শেষ ছিল না!

সেই অনুষ্ঠানে 'আমস্টার্ডাম রেডিও' স্টেশনের এক কর্মকর্তা উপস্থিত ছিলেন। ওঁর নাম ছিল ফ্র্যাঙ্ক মিলার। অনুষ্ঠানের শেষে তিনি আমাদের কাছে এক অপ্রত্যাশিত প্রস্তাব পেশ করলেন। বললেন, আমার স্ত্রীকে আমস্টার্ডাম রেডিওতে গাইতে হবে। আমি হতচকিত হয়ে বললাম, 'ও তো শুধু বাংলা গান গায় এবং সেটা একমাত্র রবীন্দ্রসঙ্গীত। ওর গুরুর নাম সুচিত্রা মিত্র।' ফ্র্যাঙ্ক বলল, 'অসুবিধে নেই। নেদারল্যান্ডসে প্রচুর বাঙালি বাস করে, তাঁরা শুনবেন। আপনার স্ত্রী খুব ভালো গান করেন, তাই ওঁকে নিয়ে রেডিওতে একটা অনুষ্ঠান করতে চাই। তা ছাড়া, আমরা এই অনুষ্ঠানটি সম্পর্কে আগে থেকেই বারবার রেডিওতে প্রচার করব।'

এর মাসখানেকের মধ্যেই আমাদের সেই লাইভ রবীন্দ্রসঙ্গীতের অনুষ্ঠানটি আমস্টার্ডাম রেডিওতে সম্প্রচারিত হয়। আমার স্ত্রীর ন্ট্রের রবীন্দ্রসঙ্গীত ও আমার তবলা সঙ্গতআমাদের এই দ্বৈত রেডিও প্রোগ্রাম গোটা নেদারল্যান্ডসের বাঙালি-মহলে আমাদেরকে সুপরিচিত করে দিয়েছিল অল্প কয়দিনের মধ্যেই। ফলে মাঝে মধ্যেই আমাদের ডাক পড়ত রটারডাম, ইন্ডোভেন, ডেলফ, গ্রোনিঙ্গেন ইত্যাদি শহরের বাঙালিদের কাছ থেকে। সেই স্মৃতি আমার এখনও মনে পড়ে।

# যেভাবে বদলে যায় বাস্তবতা

**উচ্ছ্বাস তৌসিফ**

এক

২৯ ডিসেম্বর ২০২২। বৃহস্পতিবার। গবেষণাগারে বসে আছেন মহসিন শারমিন। ঈষৎ হাঁ হয়ে আছে তাঁর মুখ। অবাক তো হয়েছেন বটেই, তবে এখন তিনি আসলে চিন্তা করছেন গভীরভাবে। কোড সাজাচ্ছেন মাথায়। সিমুলেশন নিয়ে ভাবছেন। গবেষণাগারটির অবস্থান রাজধানী ঢাকা থেকে খানিকটা দূরে, সাভারের বলিভদ্র এলাকায়। সাধারণত ঢাকার বাইরে এ রকম বড় গবেষণাগার বানানো হয় না। কিন্তু এই গবেষণাগারটি বুঝেশুনে, পরিকল্পনা করেই বানানো হয়েছে এখানে। ব্যক্তিমালিকানাধীন এ গবেষণাগার বাইরের মানুষের কাছে কৃষি গবেষণাগার হিসেবে পরিচিত। কৃষি নিয়ে কাজও করা হয় এখানে। এই কিছুদিন আগেই নতুন একধরনের ধানের বীজ কৃত্রিমভাবে বানিয়েছেন তাঁরা। বছরে মোট ১২ বার ধান হয় এই বীজে, মাসে একবার। বীজটির নাম রাখা হয়েছে 'সুপ্তরাগ'। শিগগিরই এটি বাজারে আসতে পারে। হয়তো দেশের মানুষের খাদ্যের অভাব মেটাতেও ভূমিকা রাখবে এ বীজ। তবে আরও নানা রকম গবেষণা হয় এই গবেষণাগারে। বিভিন্ন অণুজীব আর প্রাণীর জিন নিয়ে যেমন গবেষণা হয়, তেমনি তাত্ত্বিক পদার্থবিজ্ঞান, সৃষ্টিতত্ত্বের নানা বিষয় নিয়েও গবেষণা করেন বিজ্ঞানীরা। বাংলাদেশে বসে আকাশ পর্যবেক্ষণ করে, সংগৃহীত তথ্য নিয়ে গবেষণা করা কঠিন। আকাশ পর্যবেক্ষণের জন্য যে ধরনের উন্নত দুরবিন বা নভোদুরবিন লাগে, তা এ দেশের টাকা ডলারে বদলে নিয়ে কেনা কিংবা বানানো আর আকাশকুসুম স্বপ্ন দেখা একই কথা। তা ছাড়া আলোকদূষণের বিষয় তো রয়েছেই। কিন্তু পৃথিবীর বিভিন্ন দেশের বিজ্ঞানীরা পর্যবেক্ষণ করে যেসব তথ্য পান, সেসব তথ্যের কিছু এমনিতেই সবার জন্য উন্মুক্ত থাকে। গোপনীয় তথ্যগুলোর কিছু আবার অল্প মূল্যে কিনে নেওয়া যায়। টাকা জিনিসটা সবখানে একই ভাষায় কথা বলে। এটাই পৃথিবীর সবচেয়ে বড় সত্য। মহসিন শারমিন এ গবেষণাগারের একমাত্র নারী জ্যোতিঃপদার্থবিজ্ঞানী। ইংরেজিতে বলে কম্পিউটেশনাল অ্যাস্ট্রোফিজিসিস্ট। মূলত কম্পিউটারেই তাঁর কাজ। বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্যগুলোর মানে বের করেন তিনি। সে অনুযায়ী বানান সিমুলেশন। চালিয়ে দেখেন, সিমুলেশন কতটা কাজ করল। তিনিসহ মোট চারজন জ্যোতিঃপদার্থবিজ্ঞানী কাজ করেন এ গবেষণাগারে। কিছুদিন আগে এমআইটির একদল গবেষকের সঙ্গে যুগ্মভাবে ওয়ার্মহোলের একটি কৃত্রিম সিমুলেশন বানানোর কাজ করলেন তিনি। সুবিধা হলো পুরো সিমুলেশনটা রান করা যায় ওদের সার্ভারে। তাঁর কম্পিউটার শুধু ইনপুট ডিভাইস, কোডে টুকটাক এদিক-ওদিক করে দিলেই হলো। ওয়ার্মহোলের সেই গবেষণায় তাঁর নাম কোথাও প্রকাশিত হয়নি। কারণ, এই গবেষণাগারের প্রতিষ্ঠাতা ও প্রধান তা চান না। বিনিময়ে তাঁরা যদি নিজেরা কিছু আবিষ্কার করেন, সেগুলো অনেক সময় কোথাও প্রকাশিত হয় না। চড়া দামে বিক্রি হয়ে যায় বিভিন্ন ব্যবসাপ্রতিষ্ঠানের কাছে। যেমন চ্যাটজিপিটি নামের একটি কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে কাজ করছে ওপেন এআই নামের একটি মার্কিন প্রতিষ্ঠান। এই কৃত্রিম বুদ্ধিমত্তাটি একটা চ্যাটবট। আপনি প্রশ্ন করলে জবাব দেবে, কথা চালিয়ে যাবে আপনার সঙ্গে। বাংলা ভাষা যেন বুঝতে পারে বুদ্ধিমত্তাটি, সেটা নিয়ে কাজ করছেন এ গবেষণাগারের চারজন কম্পিউটারবিজ্ঞানী। বাংলা বুঝলে লাভ হলো, গুগলের প্রতিদ্বন্দ্বী হিসেবে পাওয়া যাবে দারুণ একটি সার্চ ইঞ্জিন। পাশাপাশি বিভিন্ন ব্যবসায়ী ও বাংলা ভাষাভাষী ক্রেতার কেনার ইচ্ছেটাও নিয়ন্ত্রণ করা যাবে সুকৌশলে। যে রিপোর্টটি এখন মহসিন শারমিনের সামনে, তা একটি সুপারনোভা বিস্ফোরণের তথ্য। মহাবিশ্বের উজ্জ্বলতম সুপারনোভা বিস্ফোরণ হয়েছে চলতি বছরের অক্টোবর। সেই বিস্ফোরণ থেকে সবচেয়ে বেশি আর বৈচিত্র্যময় তথ্য সংগ্রহ করেছে চীন। চিনের সিচুয়ান প্রদেশে অবস্থিত লার্জ হাই অলটিচ্যুড এয়ার শাওয়ার অবজারভেটরি। উচ্চশক্তির কণা পর্যবেক্ষণ করা এই অবজারভেটরির অন্যতম কাজ। সে কাজ তারা করেছে বটে, তবে এখনো প্রকাশ করেনি সব তথ্য। এর মধ্যে বেশ কিছু কণার যে পরিমাণ শক্তি এবং কোনো বস্তুর সঙ্গে মিথস্ক্রিয়া না করে ছুটে চলার যে বৈশিষ্ট্য, তা থেকে মনে হচ্ছে, এটি ডার্ক ম্যাটার কণা হতে পারে। মোটা অঙ্কের অর্থের বিনিময়ে পাওয়া গেছে এই তথ্য। তা ছাড়া বেশ কিছু গবেষণায় গোপনে চীনা বিজ্ঞানীদের সাহায্য করার বিষয়টি তো আছেই। ঝামেলাটা হলো শনাক্ত করা গেছে কণাগুলোকে। কিন্তু ডার্ক ম্যাটারের কণাকে তো শনাক্ত করাই সম্ভব হওয়ার কথা নয়! কারণ, এরা কোনো কিছুর সঙ্গেই মিথস্ক্রিয়া করে না। তার মানে, ডিটেকটরের সঙ্গেও এদের মিথস্ক্রিয়া করার কথা নয়।

কিন্তু প্রমাণ আরও আছে। অ্যান্টার্কটিকায় অবস্থিত আইসকিউব অবজারভেটরি। মূলত নিউট্রিনো শনাক্ত করার কাজ করে এটি। কিন্তু ডার্ক ম্যাটার শনাক্ত করার মতো কিছু ডিটেকটরও বসানো আছে ওতে, বরফের নিচে। এ রকম কয়েকটি ডিটেকটরেও একই ধরনের কণার অস্তিত্ব পাওয়া গেছে। চীনারা অবশ্য এখনো জানে না এই কথা। জানলে হুলুস্থুল বেঁধে যাবে পৃথিবীতে। কারণ, এক ডার্ক ম্যাটার কণা ছাড়া স্ট্যান্ডার্ড মডেলের আর কোনো কণার সঙ্গে এদের মিল নেই। কণাগুলোর ভর অতিসামান্য, প্রচণ্ড শক্তি, আবার ২.৪ বিলিয়ন আলোকবর্ষ দূরের একটি সুপারনোভা বিস্ফোরণ থেকে এত দূরে এসেছে কারও সঙ্গে মিথস্ক্রিয়া না করেডার্ক ম্যাটার ছাড়া আর কী হতে পারে! অন্যান্য অবজারভেটরি থেকেও তথ্য আসছে মহসিন শারমিনের কাছে। তিনি সেসব তথ্য দেখেশুনে একটি সিমুলেশন মডেলে ইনপুট দিচ্ছেন। সুপারনোভা বিস্ফোরণটি সিমুলেশন করার ইচ্ছে তাঁর। দেখতে চাচ্ছেন, এই কণাগুলো ঠিক কোন জায়গা থেকে উৎপন্ন হয়েছে। এ রকম নিখুঁত সিমুলেশন করার মতো অ্যালগরিদম পৃথিবীর আর কারও কাছে নেই। এমআইটির একটি সার্ভারে এর প্রাথমিক বিষয়গুলো রান করবেন তিনি। এরপর চলে যাবেন গুগলের টেন্সরে। নাহয় এ জিনিস করা যাবে না ঠিকভাবে। ধাপে ধাপে পুরো কাজটি শেষ করলে দেখা যাবে পুরো সিমুলেশন। ভিডিও হিসেবে সেটাকে নামিয়ে দেখতে হবে।

কিন্তু মহসিন শারমিন ঠিক শান্তি পাচ্ছেন না। কিছুদিন আগে মিউয়ন জি-২ কণা শনাক্ত করেছেন বিজ্ঞানীরা। কিন্তু সেটা আশা জাগিয়েও পূর্ণ করতে পারেনি। তাঁর মনে হচ্ছে, এবারে হয়ে যাবে। কিন্তু সেটা বোধ হয় খুব ভালো কিছু হবে না। কোডটা সাজিয়ে নিয়ে, গুগলের সার্ভারে টেন্সর ইঞ্জিনকে কাজে লাগিয়ে দিলেন তিনি। এরপর উঠে পড়লেন। ঘড়িতে রাত দুইটার বেশি বাজে। একটু ঘুমিয়ে নিতে হবে। ঘণ্টা দুয়েক পর পাওয়া যাবে সিমুলেশন। ততক্ষণ বসে থেকে লাভ নেই। নিজেকে সান্ত্বনা দিলেন মহসিন শারমিন। নতুন আবিষ্কারের উত্তেজনা ছাড়া এসব আর কিছু না।

দুই

শোবার ঘরটা গবেষণাগারের পাশেই। বিছানায় শুয়ে বালিশের পাশে রাখা বইটা টেনে নিলেন শারমিন। মারিয়ো পুজোর গডফাদার বহুবার পড়া বই। তবু মাঝেমধ্যে এ বইটা খুলে পড়েন তিনি। বিচলিত বোধ কমে।

গডফাদার ডন কর্লিয়নি মৃত্যুর মুখ থেকে ফিরে এসেছেন। বসেছেন আর সব ডনের সঙ্গে। তিনি শান্তি চান। বক্তব্যে সে কথাটাই তুলে ধরবেন। উঠে দাঁড়ালেন ডন। বক্তব্য শুরু করলেন। শোয়া থেকে উঠে বসে পড়লেন মহসিন শারমিন। কপাল ঘামছে তাঁর। কারণ, ডন বক্তব্যে বলছেন, 'মাইকেলের আত্মা শান্তি পাক! ছেলেটা আমার কখনো এসব সাতে-পাঁচে ছিল না। কেন যে ও এর মধ্যে ঢুকতে গেল! বোকা ছেলে, বয়স হয়নি তো, বুদ্ধিশুদ্ধিও হয়নি। আমি অবসর নেব। কারণ, আমি শান্তি চাই। সনিকে দায়িত্ব বুঝিয়ে দেব। ও যে শান্তিপ্রিয়, তা আপনারা জানেন। তবে শান্ত মানুষের রাগ প্রচণ্ড হয়। সনির হাতে দায়িত্ব বুঝিয়ে দেওয়ার পর যদি ও কোনো দুর্ঘটনার মুখে পড়ে, তবে' এক হাতে কপালের ঘাম মুছলেন শারমিন। বইয়ে এ রকম কিছু লেখা ছিল না। বইয়ের বক্তব্য বদলে গেছে। যেন সংবিৎ ফিরে পেয়েছেন হঠাৎ, এমনভাবে দ্রুত হাতে পুরো বই ওল্টাতে শুরু করলেন তিনি। সনি কর্লিয়নি বেঁচে আছে। মাইকেল কর্লিয়নি মারা গেছে। বদলে গেছে মারিয়ো পুজোর গডফাদার। নাকি তাঁর হ্যালুসিনেশন হচ্ছে? মহসিন শারমিন গবেষণাগারের দিকে ছুট দিলেন। মাথা ঘোরাচ্ছে তাঁর। বমি পাচ্ছে। তবু যন্ত্রের মতো ছুটছেন তিনি। মিনিটখানেক পরই তিনি এসে দাঁড়ালেন কম্পিউটারের পর্দার সামনে। সিমুলেশন কেবল রান হচ্ছে। আইডিই ইন্টারফেসে কোডের মধ্যে লাল রঙের কালিতে চকচক করছে তার বিশেষ ইনপুট শব্দগুলো। কিন্তু একটি জায়গায় লাল দেখাচ্ছে না। অথচ তিনি কন্ডিশন দিয়ে এখানে বিশেষ ইনপুট, মানে ওই কণাগুলোর কথা লিখেছেন। যদি ওগুলোর উৎপত্তি সুপারনোভার কেন্দ্র থেকে না হয়ে একদম কিনারার দিকে হয়, তাহলে তিনি নিশ্চিত হতে পারবেন, ওগুলো ডার্ক ম্যাটার। চোখ বন্ধ করে স্থির দাঁড়িয়ে রইলেন তিনি। শ্বাস ফেলছেন জোরে জোরে। চোখ খুলে আবার কোডের দিকে তাকাতেই তাঁর মনে হলো, আরও খানিকটা বদলে গেছে কোড। *ক্রমশঃ*

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# দিল্লি হাই কোর্টে জামিন মণীশের, তবে খারিজ মেয়ে সুকন্যার আবেদন

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর (হি. স.) : জামিন পেলেন অনুব্রত মণ্ডল অর্থাৎ কেষ্টর হিসাবরক্ষক মণীশ কোঠারি। যদিও জামিনের আর্জি ০খারিজ হয়ে গেল কেষ্টকন্যা সুকন্যার আবেদন।

চলতি বছরের শুরুতে দিল্লিতে ইডি-র সদর দফতরে জিজ্ঞাসাবাদের পরে গ্রেফতার করা হয়েছিল মণীশকে। সেই সময় দিল্লির রাউস অ্যাভিনিউ কোর্ট চত্বরে দাঁড়িয়ে ঝরঝর করে কেঁদে ফেলেছিলেন অনুব্রত মণ্ডল অর্থাৎ কেষ্টর হিসাবরক্ষক। ধরা গলা তাঁকে বলতে শোনা গিয়েছিল, "আমি কিচ্ছু করিনি। কোনও ভুল করিনি। আমার একমাত্র ভুল চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট (সিএ) হওয়া।"

তবে স্থানীয় সূত্রে খবর, ২০১৩-'১৪ থেকে বীরভূম তৃণমূলের সভাপতি অনুব্রতের 'ঘনিষ্ঠ' হয়ে ওঠেন বোলপুরের চৌরাস্তার বাসিন্দা মণীশ। এর পরেই তাঁর সম্পত্তি বাড়তে থাকে। ইডি সূত্রেও খবর ছিল, গরু পাচারের কালো টাকা সাদা করার পিছনে মণীশের সক্রিয় ভূমিকা ও পরিকল্পনা ছিল। বোলপুরের আশপাশেও মণীশের নামে বিপুল অঙ্কের সম্পত্তির হদিস মিলেছে। তাঁর নামে সমস্ত জমির বাজারমূল্য ১৭-১৮ কোটি টাকা। সেই মণীশ জামিন পেলেও খারিজ হল সুকন্যার আর্জি। গরু পাচার মামলায় বীরভূমের তৃণমূল সভাপতি অনুব্রত এখন দিল্লির তিহাড় জেলে বন্দি। বুধবার দিল্লির আদালত অনুব্রতের জেল হেফাজতের মেয়াদ বাড়িয়ে ৩০ অক্টোবর করেছে। অন্য দিকে, তিহাড়ে বন্দি তাঁর কন্যা সুকন্যাও। আগেই সুকন্যার জেল হেফাজতের মেয়াদ আগামী বছরের জানুয়ারি করেছে আদালত।

দলের অনেকের আশা, সুপ্রিম কোর্টে অনুব্রতের জামিনের আবেদন হয়েছে। তাতে ইতিবাচক কিছু হতেও পারে। এর আগে কলকাতা হাই কোর্টে জামিনের আবেদন করেছিলেন অনুব্রত। সেই আবেদন খারিজ করে দেয় হাই কোর্ট। ওই নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে যান কেষ্ট।

## বিহারে পাচারের আগেই উদ্ধার বেআইনি মদ, গ্রেফতার ১

হুগলি, ২২ সেপ্টেম্বর (হি. স.) : বিহারে পাচার করার আগেই ব্যাগ ভর্তি নিষিদ্ধ মদ উদ্ধার করল শেওড়াফুলি জিআরপি। বৃহস্পতিবার রাতের এই ঘটনায় গ্রেফতার এক যুবক। ধৃতকে শুক্রবার শ্রীরামপুর আদালতে তোলা হয়।

বৃহস্পতিবার রাতে শ্রীরামপুর স্টেশন থেকে উদ্ধার হয় ব্যাগ ভর্তি বিলিতি মদ। রাতে কর্মরত জিআরপি থানার পুলিশ শ্রীরামপুর স্টেশনে এক সন্দেহভাজন যুবককে আটক করে। ধৃত যুবকের নাম সিভাম ভূঁইয়া (৩৫)। বাড়ি বিহারের পূর্ব চম্পারণ জেলার ছোট তৌরী এলাকায়। তল্লাশি চালিয়ে দেখা যায় যুবকের ব্যাগে রয়েছে ২৫ বোতল বিদেশি মদ। যার আনুমানিক মূল্য ত্রিশ হাজার টাকা। কোনওরকম বৈধ কাগজ দেখাতে না পারায় যুবককে বেআইনি মদ পাচারের অভিযোগে গ্রেফতার করা হয়। ধৃতকে শুক্রবার শ্রীরামপুর আদালতে তোলা হয়। পুলিশ গোটা বিষয়টি তদন্ত করে দেখছে।

# ফের বাজ পড়ে মৃত ১, গুরুতর আহত দুই মহিলা পূর্ব বর্ধমানে

পূর্ব বর্ধমান, ২২ সেপ্টেম্বর (হি. স.) : রাজ্যে ফের বাজের বলি আরও এক। মাঠে কাজ করতে গিয়ে বাজ পড়ে মৃত্যু হল এক ব্যক্তির।গুরুতর আহত দুই মহিলা। ঘটনাটি ঘটেছে শুক্রবার মেমারি বহরমপুর এলাকায়।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মেমারির বহরমপুরের বাসিন্দা শেখ আব্দুল ওয়াহিদ, উত্তরা ক্ষেত্রপাল ও জ্যোৎস্না ক্ষেত্রপাল তিনজনই বহরমপুরের একটি মাঠে কাজ করছিলেন। সেই সময় হঠাৎই বাজ পড়ায় গুরুতর আহত হন তিনজন। স্থানীয়রা তাঁদের চিকিৎসার জন্য উদ্ধার করে মেমারি গ্রামীণ হাসপাতালে নিয়ে এলে চিকিৎসক শেখ আব্দুল ওয়াহিদকে মৃত বলে ঘোষণা করেন।

জানা গিয়েছে, ওই ব্যক্তির বয়স হয়েছিল ৬৫ বছর। অবস্থার অবনতি হওয়ায় উত্তরা ক্ষেত্রপালকে পাঠানো হয় বর্ধমান মেডিকেলে এবং জ্যোৎস্না ক্ষেত্রপাল চিকিৎসাধীন রয়েছেন মেমারি হাসপাতালে। প্রসঙ্গত, বাজ পড়ে মৃত্যুর ঘটনাটা প্রায় প্রতিবছরই বেড়ে চলেছে। কখনও বৃষ্টির জমা জলের মধ্যে বিদ্যুৎ প্রবাহিত তারে শহরতলির মর্মান্তিক ঘটনা প্রকাশ্যে আসছে। কখনও মফস্বলে, গ্রামগুলিতে আসছে বাজ পড়ে মৃত্যুর মর্মান্তিক ঘটনার খবর। একদিকে, যখন ভ্যাপসা গরমে প্রাণ ওষ্ঠাগত, ঠিক তখনই শুরু হয়েছে প্রবল বর্ষণ। সেই সঙ্গে বাজও পড়ছে একাধিক এলাকায়। বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সময় কী কী করা উচিত, এবং কী কী করা উচিত নয়, এই সচেতনতা অনেক ক্ষেত্রেই মেনে চলা হয় না। যার ফলে বছর বছর মৃত্যু হয় এই কারণে।

## আকাশের মুখ ভার, কপালে ভাঁজ কুমারটুলি সর্বজনীনের

অশোক সেনগুপ্ত

কলকাতা, ২২ সেপ্টেম্বর (হি. স.) : আকাশের মুখ ভার। বৃষ্টির জন্য আটকে মণ্ডপ তৈরির কাজ। তাই রীতিমত চিন্তায় কুমারটুলি সর্বজনীন দুর্গোৎসবের সভ্য-সদস্যরা।

ব্যানার উত্তোলনের মাধ্যমে সঙ্ঘের তিরানব্বই তম বর্ষের দুর্গা পুজোর শুভ সূচনা গত ৫ মে সন্ধ্যায় হয়েছিল। রীতি মেনে ২০ জুন জগন্নাথ দেবের শুভ রথযাত্রার দিন সকালে পবিত্র ঢাকেশ্বরী মন্দিরে কাঠামো পুজো অনুষ্ঠিত হয়। ১৬ জুলাই রবিবার সকালে পুজো মন্ডপের সূচনা খুঁটি পুজো ও রক্তদান শিবিরের মাধ্যমে হয়। তার পর কাটতে চলল আরও প্রায় এক পক্ষকাল। আমাদের এই বছরের দুজন শিল্পী সুবল পাল এবং নব কুমার পাল।

সংগঠনের অন্যতম প্রধান কর্মকর্তা দেবাশিস ভট্টাচার্য এই প্রতিবেদককে বলেন, "আবহাওয়া নিয়ে চিন্তা হওয়া স্বাভাবিক। এই অবস্থা আরও কয়েকদিন চললে কাজ শেষ করা মুশকিল হয়ে যাবে। বাইরের কাজ করার সমস্যা হয়ে যাবে।"

এবার বাড়তি কোনও সুরক্ষা ব্যাবস্থা প্রসঙ্গে তিনি জানান, "পুজোর জন্য এই বছরেও নেওয়া হয়েছে। এই জন্য নতুন করে কিছু নেওয়া হয়নি। তবে ডেঙ্গু ম্যালেরিয়ার জন্য সচেতনতা প্রচার চালানো হচ্ছে।"

দেবাশিসবাবু বলেন, "২০২১ সালে ভুগিয়েছিল কোভিডের জন্য খোলামেলা মন্ডপে বৃষ্টিতে পুজো করতে খুবই অসুবিধা হয়েছিল। এবার হাতেয়এখনও সময় আছে। আশা করি এর মধ্যে আকাশ পরিস্কার হয়ে যাবে। আমরাও কাজ ভালোয় ভালোয় শেষ করে ফেলতে পারব।"

# নিপা আক্রান্ত নন কেরল ফেরত পশ্চিমবঙ্গের পরিযায়ী শ্রমিক

কলকাতা, ২২ সেপ্টেম্বর (হি.স.) : নিপা ভাইরাস আক্রান্ত নন কেরল ফেরত পশ্চিমবঙ্গের পরিজায়ী শ্রমিক। এমনটাই জানিয়েছে পুণের ন্যাশনাল ইনস্টিটিউট অফ ভাইরোলজি। রিপোর্ট দিতেই স্বস্তিতে শ্রমিকের পরিবার। বর্তমানে বেলেঘাটা আইডি-তে ভর্তি আছেন কেরল ফেরত মঙ্গলকোটের যুবক।

ডেঙ্গি-ম্যালেরিয়ার জোড়া ফলার মধ্যেই রাজ্যের মানুষের কপালে ভাঁজ ফেলেছিল নিপা-শঙ্কার মেঘ! নিপা ভাইরাসে আক্রান্ত সন্দেহে বেলেঘাটা আইডি হাসপাতালে ভর্তি হন কেরল থেকে আসা এক পরিযায়ী শ্রমিক। বর্ধমানের বছর ছাব্বিশের ওই পরিযায়ী শ্রমিক কিছুদিন আগে রাজ্যে ফেরেন। তিনি ফেরামাত্রই প্রশাসনের তরফে তাঁকে ভর্তি করা হয় ন্যাশনাল মেডিক্যাল কলেজে। তাঁর ফুসফুসে সংক্রমণও ছিল। অসুস্থ ওই ব্যক্তির দুটি পা-ই ফোলা ছিল। রামমোহন ব্লকের একাংশে তাঁকে আইসোলেশনে রেখে চিকিৎসা চলছিল। সন্দেহ ছিল, নিপা ভাইরাস আক্রান্ত ওই যুবক। সেই কারণে তাঁকে বেলেঘাটা আইডি হাসপাতালে রেফার করা হয় গত সোমবার। মঙ্গলবার তাঁকে স্থানান্তরও করা হয়েছে আইডি-তে। কেরলে ওই যুবক যাঁদের সঙ্গে ছিলেন, তাঁদের অনেকেই নিপা ভাইরাসে আক্রান্ত বলে জানা যায়, এর মধ্যে অজানা জ্বরে একজনের মৃত্যু হয়েছে বলে জানা যায়। তাতেই আতঙ্ক বাড়ছিল। সমস্যা হল, তিনি নিপা ভাইরাসে আক্রান্ত কিনা, তা জানার কোনও উপায় ছিল না পশ্চিমবঙ্গে। কারণ, এখনও এখানে এরকম কোনও পরিকাঠামোই গড়ে ওঠেনি! মানুষের শরীরে নিপা ভাইরাস সংক্রমণকে চিহ্নিত করার জন্য ভরসা করতে হয়, পুণের ন্যাশনাল ইনস্টটিউট অফ ভাইরোলজি। অবশেষে সেখান থেকেই এল স্বস্তির খবর। শুক্রবার মিলল নমুনা পরীক্ষার রিপোর্ট। জানা গিয়েছে, নিপা ভাইরাস আক্রান্ত নন ওই যুবক। রিপোর্ট দিতেই স্বস্তিতে শ্রমিকের পরিবার।

## মালদায় শুটআউট, গুলিবিদ্ধ ব্যক্তি

মালদা, ২২ সেপ্টেম্বর (হি. স.) : মালদা রতুয়ার বাহারালের উত্তর সাহাপুরে ভরদুপুরে মালদায় চলল গুলি। গুলিবিদ্ধ হলেন এক ব্যক্তি। শুক্রবার ঘটনাটি ঘটেছে।

জানা গিয়েছে, গুলিবিদ্ধ ব্যক্তির নাম শেখ মোস্তাক। অভিযোগ উঠেছে তাঁর দাদা শেখ গ্যানার বিরুদ্ধে। গুলিবিদ্ধ ভাই শেখ মোস্তাক বর্তমানে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। তবে কী নিয়ে গণ্ডগোল তা এখনও জানা যায়নি। ঘটনাস্থলে পৌঁছেছে রতুয়া থানার পুলিশ। গুলিবিদ্ধ ওই ব্যক্তির স্ত্রী ফাতেমা বিবির অভিযোগ, তাঁর স্বামী ছাদের ওপরে ছিল। হঠাৎ দেওর ঘর থেকে বন্দুক নিয়ে এসে নীচ থেকে গুলি করে। তখনই বুকে গুলি লাগে শেখ মোস্তাকের। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# রাজ্য সরকারের আইনকে চ্যালেঞ্জ, দ্রুত ছাত্রভোটের দাবিতে হাই কোর্টে মামলা

কলকাতা, ২২ সেপ্টেম্বর (হি. স.) : অবিলম্বে ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে কলকাতা হাই কোর্টে দায়ের হল জনস্বার্থ মামলা। পুজোর পর রাজ্যে ছাত্র সংসদ নির্বাচনের ইঙ্গিত আগেই দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তবে তার আগেই দায়ের হল মামলা।

২০১৭ সালের পর বিক্ষিপ্তভাবে দু-একটি কলেজ, বিশ্ববিদ্যালয়ে নির্বাচন হলেও সামগ্রিকভাবে ছাত্রভোট হয়নি। সেই কারণে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ছাত্র সংসদে একাধিক জটিলতা তৈরি হয়েছে বলে নানা স্তরে অভিযোগ উঠছে। শুক্রবার হাই কোর্টে ছাত্র সংসদ নির্বাচন চেয়ে হাই কোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেন প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের ছাত্র ঋষভ সাহা। তাঁর আইনজীবী সৌম্য দাশগুপ্ত, ঋতঙ্কর দাস জানান, রাজ্য সরকারের কাউন্সিল আইনকে চ্যালেঞ্জ করে মামলা দায়ের করা হয়েছে। ওই আইন সংবিধান পরিপন্থী বলে অভিযোগ।

তাঁদের দাবি, ২০১৭ সালের পর থেকে যাদবপুর, ডায়মন্ড হারবার ও প্রেসিডেন্সি ৩টি বিশ্ববিদ্যালয় ছাড়া রাজ্যের কোনও বিশ্ববিদ্যালয়ে ছাত্রভোট হয়নি। তাও এই তিনটি বিশ্ববিদ্যালয়ে শেষ ২০২০ সালে নির্বাচন হয়েছে। তাই অবিলম্বে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র সংসদ নির্বাচন করাতে চেয়ে মামলা দায়ের করা হল।

মামলাকারী ছাত্রের দাবি, অন্যান্য রাজ্যে যেমন প্রত্যেক বছর বছর ছাত্রভোট হয়, এ রাজ্যেও তা করা হোক।

মামলায় সেই আবেদন জানানো হয়েছে। এনিয়ে সুপ্রিম কোর্টের নির্দেশও উল্লেখ করেছেন তিনি। মামলাটি গৃহীত হয়েছে কলকাতা হাই কোর্টে। আগামী সপ্তাহে প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানমের ডিভিশন বেঞ্চে এই মামলার শুনানির সম্ভাবনা।

# রমেশ বিধুরিকে শোকজ নোটিশ বিজেপির, বিএসপি সাংসদ দানিশ বললেন এজন্যই কী আমরা নির্বাচিত হয়েছি!

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর (হি.স.): বহুজন সমাজ পার্টি (বিএসপি)-র সাংসদ দানিশ আলীর বিরুদ্ধে অসংসদীয় ভাষা ব্যবহারের জন্য বিজেপি সাংসদ রমেশ বিধুরিকে শোকজ নোটিশ পাঠাল বিজেপি। দলের সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডার নির্দেশে কারণ দর্শানোর জন্য রমেশ বিধুরিকে নোটিশ পাঠানো হয়েছে।

এদিকে, বিজেপি সাংসদ রমেশ বিধুরির মন্তব্য প্রসঙ্গে বিএসপি সাংসদ দানিশ আলী বলেছেন, 'আমার মতো একজন নির্বাচিত সদস্যের যখন এই অবস্থা তখন একজন সাধারণ মানুষের কী অবস্থা হবে। আমি আশা করি, আমি ন্যায়বিচার পাব, স্পিকার তদন্ত করবেন বা অন্যথায় ভারাক্রান্ত হৃদয়ে, আমিও এই সংসদ ছেড়ে দেওয়ার কথা ভাবছি। কারণ এটি সহ্য করা যায় না। এই জন্যই কি আমরা নির্বাচিত হয়েছি, এই জন্যই কি আমাদের পূর্বপুরুষরা স্বাধীনতার জন্য নিজেদের জীবন উৎসর্গ করেছিলেন... তারা (বিজেপি) ঠিক করেনি। আমাকে এবং আমার অনুগামীদের অপমান করা হচ্ছে, তারা গোটা দেশকে অপমান করেছে... এখন দেখা যাক বিজেপি রমেশ বিধুরির বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিচ্ছে কিনা বা তাকে পদোন্নতি দিয়ে কেন্দ্রীয় মন্ত্রীসভায় অন্তর্ভুক্ত করা হবে কিনা... হয়তো এটা তাদের মধ্যে একটা প্রতিযোগিতায় পরিণত হয়েছে। বিজেপি নেতারা শুধু বাইরে নয়, সংসদের ভিতরেও এই ধরনের বিবৃতি দিচ্ছেন।'

## কলকাতা থেকে দিঘা যাওয়ার পথে বাস দুর্ঘটনা, আহত ১২

পূর্ব মেদিনীপুর, ২২ সেপ্টেম্বর (হি. স.) : দিঘার কাছে ফের বাস দুর্ঘটনা। দিঘা-কলকাতা এসি বাসের চাকা ফুটো হয়ে নয়ানজুলিতে পড়ে গেল। আহত হয়েছেন ১০ থেকে ১২ জন বাস যাত্রী। গুরুতর আহত ২ জনকে আইসিইউতে ভর্তি করা হয়েছে। দুর্ঘটনাটি ঘটেছে দিঘা-কাঁথি জাতীয় সড়কে। গতকাল রাতে দিঘা থেকে কলকাতা আসার পথে টায়ার পাংচার হয়ে জাতীয় সড়কের পাশে নয়ানজুলিতে পড়ে যায় বাসটি। দুর্ঘটনার জেরে এলাকায় যানজটের সৃষ্টি হয়। পরে রামনগর থানার পুলিশ দুর্ঘটনাস্থলে গিয়ে এলাকা যানজটমুক্ত করে।

চলতি মাসের শুরুতেই একটি মর্মান্তিক দুর্ঘটনা ঘটেছিল। যার রেশ এখনও কাটেনি। সম্প্রতি দীঘা থেকে একটি বেসরকারি বাস যাত্রীদের নিয়ে ৬০ নম্বর জাতীয় সড়ক ধরে বিষ্ণুপুরের দিকে যাচ্ছিল। সেই সময় উল্টো দিক থেকে আসা একটি পিক আপ ভ্যান সজোরে বাসটিকে ধাক্কা মারে।

# ৪ বছর পর গৃহবন্দী থেকে মুক্ত মিরওয়াইজ, খুশি ব্যক্ত করলেন ওমর আব্দুল্লাহ

শ্রীনগর, ২২ সেপ্টেম্বর (হি.স.): প্রায় ৪ বছর পর গৃহবন্দী থাকার পর শুক্রবার মুক্তি পেলেন কাশ্মীরের বিচ্ছিন্নতাবাদী নেতা মিরওয়াইজ উমর ফারুক। মিরওয়াইজ উমর ফারুক প্রায় ৪ বছর ধরে গৃহবন্দী ছিলেন, শুক্রবার শ্রীনগরের জামিয়া মসজিদে জুমার নামাজ পাঠ করেন তিনি।

এ বিষয়ে আপনি পার্টির প্রধান আলতাফ বুখারী বলেছেন, আমরা সুসংবাদ পেয়েছি যে মীরওয়াইজ সাহেব আজ জুমার নামাজ প্রার্থনা করবেন। ধন্যবাদ স্বরাষ্ট্রমন্ত্রী ও উপ-রাজ্যপালকে যারা সঠিক সিদ্ধান্ত নিয়েছেন। আমি আশা করি মিরওয়াইজ সাহেব এখানে শান্তিপূর্ণ পরিবেশকে আরও এগিয়ে নিয়ে যাবেন...আমরা আমাদের সন্তান, নারী, বোনদের জন্য শান্তি চাই। দেশের উন্নয়নের জন্য জম্মু ও কাশ্মীরে শান্তি অপরিহার্য। জম্মু ও কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী ওমর আব্দুল্লাহ বলেছেন, 'আমরা সরকারের এই পদক্ষেপকে স্বাগত জানাই। তাকে এতদিন গৃহবন্দী করে রাখা উচিত হয়নি। এখন যেহেতু তাকে মুক্তি দেওয়া হয়েছে তার মানে এখানে পরিস্থিতি এতটা খারাপ নয় এবং নির্বাচন হতে পারে। আমরা আশা করি তিনি এখন তার সামাজিক-ধর্মীয় ভূমিকা পালন করবেন।'

# সনাতন ধর্ম নিয়ে বেফাঁস মন্তব্য করে বিপাকে উদয়নিধি, নোটিশ পাঠাল সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর (হি.স.): সনাতন ধর্ম নিয়ে বেফাঁস মন্তব্য করে বিপাকে পড়লেন তামিলনাড়ুর মন্ত্রী ও ডিএমকে নেতা উদয়নিধি স্ট্যালিন। এক আবেদনের প্রেক্ষিতে উদয়নিধি স্ট্যালিনকে নোটিশ পাঠিয়েছে সুপ্রিম কোর্ট।

তামিলনাড়ু সরকার এবং ডিএমকে নেতা উদয়নিধি স্ট্যালিনের কাছ থেকে """সনাতন ধর্ম"""" নিয়ে মন্তব্যের জন্য জবাব চাওয়া হয়েছে। বিচারপতি অনিরুদ্ধ বোস এবং বেলা এম. ত্রিবেদীর একটি বেঞ্চ অ্যাডভোকেট জি. বালাজির প্রতিনিধিত্বকারী অ্যাডভোকেট বি. জগন্নাথের দায়ের করা পিটিশনের উপর নোটিশ জারি করেছে, যাতে তামিলনাড়ু পুলিশকে অবিলম্বে উদয়নিধি এবং অন্যদের বিরুদ্ধে এফআইআর নথিভুক্ত করার নির্দেশনা দেওয়া হয়েছে। উদয়নিধি ছাড়াও এমপি এ রাজা, এমপি থিরুমাবলাভান, এমপি সু ভেঙ্কটেসন, তামিলনাড়ুর ডিজিপি, বৃহত্তর চেন্নাই পুলিশ কমিশনার, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক, হিন্দু ধর্মীয় ও দাতব্য এনডাউমেন্ট বিভাগের মন্ত্রী পি কে সেকার বাবু, তামিলনাড়ু রাজ্য সংখ্যালঘু কমিশনের চেয়ারম্যান পিটার আলফোনস এবং অন্যান্যদের নোটিশ পাঠিয়েছে সুপ্রিম কোর্ট।

# আদালতে অভিষেক রক্ষাকবচ পেতেই তোপ তৃণমূলের

কলকাতা, ২২ সেপ্টেম্বর (হি. স.) : নিয়োগ দুর্নীতি মামলায় অভিষেক বন্দ্যোপাধ্যায়কে বড় স্বস্তি দিয়েছে কলকাতা হাই কোর্ট। আদালত জানিয়ে দিয়েছে, ইডির দায়ের করা (এনফোর্সমেন্ট কেস ইনফরমেশন রিপোর্ট) ইসিআইআরের ভিত্তিতে অভিষেকের বিরুদ্ধে কোনও কড়া পদক্ষেপ করা যাবে না।

সেই সঙ্গে আদালতের পর্যবেক্ষণ, অভিষেকের বিরুদ্ধে গ্রহণযোগ্য কোনও প্রমাণ দেখাতে পারেনি ইডি। আদালতের এই সিদ্ধান্তকে হাতিয়ার করে এবার পুরদস্তুর আসরে নেমে পড়ল তৃণমূল কংগ্রেস। তৃণমূলের বক্তব্য, অভিষেককে যে অহেতুক হেনস্তা করা হচ্ছিল, সেটা এবার প্রমাণিত হল।

তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষের বক্তব্য, "রাজনীতিতে বিরোধীরা শকুনের চোখ লাগিয়ে রাখে। সেজন্য দু-একটি কথা বলে রাখা দরকার। অভিষেক বন্দ্যোপাধ্যায় নিজে বারবার বলেছেন যে তিনি বিন্দুমাত্র অপরাধ করেননি। কেউ তাঁর বিরুদ্ধে বিন্দুমাত্র কোনও প্রমাণ যদি দেখাতে পারে, তাহলে তিনি নিজে শাস্তি মাথা পেতে নেবেন। আজ আদালতের রায়ে অভিষেকের কথাগুলিই প্রতিধ্বনিত হয়েছে।" কুণালের দাবি, "বিজেপি যে এতদিন জোর করে কোনও প্রমাণ ছাড়া স্রেফ রাজনৈতিক ভাবে হেনস্তা করার জন্য অভিষেককে ফাঁসানোর চেষ্টা করেছে, সেটা প্রমাণিত।" একই কথা বলছেন রাজ্যের মন্ত্রী শশী পাঁজাও। তাঁর বক্তব্য,"হাই কোর্টের নির্দেশের পর এটা পরিষ্কার অভিষেককে হেনস্তা করার জন্য বারবার লক্ষ্য করা হয়েছে। উদ্দেশ্য একটাই যে তাঁকে বদনাম করো, এবং রাজনৈতিক ভবিষ্যৎ শেষ করে দাও। আমরা ধিক্কার জানাই।"বিরোধীরা অবশ্য অভিষেককে এখনই ক্লিনচিট দিতে নারাজ। বিজেপি নেতা রাহুল সিনহা বলছেন, অভিষেকের বিরুদ্ধে ইডির আনা ইসিআইআর পুরোপুরি বাতিল করেনি হাই কোর্ট। অর্থাৎ আদালতও মানছে কিছু একটা ব্যাপার আছে। হয়তো এ বিষয়ে আরও তদন্ত প্রয়োজন। সিপিএমের আবার প্রশ্ন, অভিষেক যদি নির্দোষই হবেন, তাহলে রক্ষাকবচ চাইছেন কেন? সিপিএম নেতা সুজন চক্রবর্তীর বক্তব্য, "অভিষেককে এত রক্ষাকবচ নিতে হচ্ছে কেন? কখনও মোদীর রক্ষাকবচ, কখনও আদালতের রক্ষাকবচ, এতেই বোঝা যায় ও অপরাধী।"

## জবলপুর : দুটি ট্রাকের সংঘর্ষে নিহত চার

সিহোরা, ২২ সেপ্টেম্বর (হি. স.) : মধ্য প্রদেশের জবলপুরের গোসলপুর থানা এলাকার অন্তর্গত জাতীয় সড়কের মোহত্রা টোল প্লাজার কাছে এক ভয়াবহ সড়ক দুর্ঘটনায় চারজনের মৃত্যু হয়েছে।দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে পুলিশ তদন্ত শুরু করেছে এবং মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠিয়েছে।

সড়ক দুর্ঘটনার বিষয়ে গোসলপুর পুলিশ জানিয়েছে, শুক্রবার ধীমারখেদা খামত্রার বাসিন্দা ৪০ বছর বয়সী প্রকাশ বর্মণ টোলনাকার কাছে হিরণ নদীর সেতুর কাছে একটি ধাবায় রাস্তার পাশে ট্রাক দাঁড় করিয়ে রেখে তার বন্ধুদের সাথে চা খাচ্ছিলেন, তখন দ্রুতগতিতে আসা একটি ট্রাক ধাক্কা দেয়। দুর্টনায় ঘটনাস্থলেই সন্দীপ বর্মণ, শিবম কুশওয়াহা, সন্দীপ উপাধ্যায় সহ চারজনের মৃত্যু হয়। দুর্ঘটনার খবর পেয়ে আশপাশের লোকজন ও গ্রামবাসীও ঘটনাস্থলে ভিড় জমায়। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

## কিশনগঞ্জে জমি নিয়ে বিবাদের জেরে গুলিবিদ্ধ যুবক

কিশনগঞ্জ, ২২ সেপ্টেম্বর (হি. স.) : বিহারের আরারিয়ার ফুলকাহা এলাকার মথুরা উত্তর গ্রামে জমি নিয়ে বিবাদের জেরে গুলিবিদ্ধ হলেন এক যুবক। শুক্রবার ঘটনাটি ঘটে।

জানা গিয়েছে, এদিন জমি নিয়ে দু'পক্ষের মধ্যে বিবাদ শুরু হয়। সেইসময় ললিত কুমার যাদব নামে এক যুবক গুলিবিদ্ধ হন। গুরুতর জখম অবস্থায় তাঁকে প্রথমে ফুলকাহা গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়। শারীরিক পরিস্থিতির অবনতি হলে কর্তব্যরত চিকিৎসকরা তাঁকে পূর্ণিয়া জেলা হাসপাতালে রেফার করেন। খবর পেয়ে পূর্ণিয়ার মহকুমা পুলিশ আধিকারিক পুষ্কর কুমার ঘটনাস্থলে পৌঁছান। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# প্রজ্ঞান ও বিক্রমকে ঘুম থেকে তোলা হবে শনিবার, জানালেন স্পেস অ্যাপ্লিকেশন সেন্টারের ডিরেক্টর নীলেশ

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর (হি.স.): ভারতের চন্দ্রযান ৩-এর ল্যান্ডার বিক্রম এবং রোভার প্রজ্ঞানকে আবার ঘুম থেকে জাগিয়ে তোলার কাজ শুরু করবে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো। আর সেই আশাতেই বুক বাঁধছে ইসরোর বিজ্ঞানীরা-সহ গোটা দেশ। তবে, ২২ সেপ্টেম্বর (শুক্রবার) নয়, বিক্রম ও প্রজ্ঞানকে ঘুম থেকে ওঠানো হবে ২৩ সেপ্টেম্বর।

চন্দ্রযান-৩ প্রসঙ্গে স্পেস অ্যাপ্লিকেশন সেন্টারের ডিরেক্টর নীলেশ দেশাই বলেছেন, 'আগে আমরা ২২ সেপ্টেম্বর সন্ধ্যায় (প্রজ্ঞান) রোভার এবং (বিক্রম) ল্যান্ডারকে পুনরায় সক্রিয় করার পরিকল্পনা করেছিলাম, কিন্তু কিছু কারণে আমরা আগামীকাল ২৩ সেপ্টেম্বর তা করব। ল্যান্ডার এবং রোভারকে স্লিপ মোড থেকে বের করে আনার পরিকল্পনা রয়েছে আমাদের।... আমাদের রোভারটিকে প্রায় ৩০০-৩৫০ মিটারে নিয়ে যাওয়ার পরিকল্পনা ছিল। কিন্তু কিছু কারণে, রোভারটি সেখানে ১০৫ মিটার সরে গেছে।

# অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৯৪ ডলারের কাছাকাছি, পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর (হি.স.) : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। আজ ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি প্রায় ৯৪ এবং ডব্লিউটিআই অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি ৯১ ডলারের কাছাকাছি। যদিও শুক্রবার সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।

ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, শুক্রবার দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে। মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা। ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবগারি শুল্ক নিয়ে থাকে। প্রসঙ্গত, গত বছর ২১ মে থেকে সারা ভারতে জ্বালানির দাম স্থিতিশীল রয়েছে।

# ২২-৩০ সেপ্টেম্বর আমেরিকা সফরে যাচ্ছেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর, রয়েছে একগুচ্ছ কর্মসূচি

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর (হি.স.): আগামী ২৬ সেপ্টেম্বর রাষ্ট্রসঙ্ঘের ৭৮-তম সাধারণ পরিষদের উচ্চ পর্যায়ের অধিবেশনে ভাষণ দেওয়ার জন্য বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর ২২-৩০ সেপ্টেম্বর পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্র সফরে যাচ্ছেন। শুক্রবার বিদেশমন্ত্রকের পক্ষ থেকে এমনটাই জানানো হয়েছে।

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর মার্কিন যুক্তরাষ্ট্র সফরের সময়, একটি বিশেষ অনুষ্ঠান 'ইন্ডিয়া-ইউএন ফর গ্লোবাল সাউথ: ডেলিভারিং ফর ডেভেলপমেন্ট'-এর আয়োজন করবেন। তিনি রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস এবং রাষ্ট্রসঙ্ঘের সাধারণ পরিষদের ৭৮-তম অধিবেশনের সভাপতি ডেনিস ফ্রান্সিসের সঙ্গেও সাক্ষাৎ করবেন। বিদেশমন্ত্রী জয়শঙ্কর দ্বিপাক্ষিক বৈঠকের জন্য ২৭ থেকে ৩০ সেপ্টেম্বর ওয়াশিংটন ডিসি সফর করবেন এবং তার প্রতিপক্ষ মার্কিন সেক্রেটারি অফ স্টেট এন্টনি ব্লিঙ্কেনের সাথে দেখা করবেন।

## মাটিগাড়ায় আসবাব তৈরির কারখানায় ভয়াবহ আগুন

মাটিগাড়া, ২২ সেপ্টেম্বর (হি. স.) : শিলিগুড়ির মাটিগাড়ার ফাঁসিদেওয়া মোড় সংলগ্ন এলাকায় কাঠের আসবাবপত্র তৈরির কারখানায় ভয়াবহ আগুন। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার রাতে। ঘটনাকে ঘিরে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে এলাকায়। জানা গিয়েছে, বৃহস্পতিবার রাতে ফাঁসিদেওয়া মোড় সংলগ্ন এশিয়ান হাইওয়ে ২-এর পাশে ওই কারখানায় আগুন লাগে। কাঠের প্রচুর আসবাবপত্র, রং সহ অন্যান্য রাসায়নিক পদার্থ থাকায় আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। ঘটনাস্থলে পৌঁছোয় দমকলের চারটি ইঞ্জিন।

# কাজের সন্ধান

## পরীক্ষা ছাড়াই রেলে চাকরির লক্ষ্যে ২,৪০৯ জন এপ্রেন্টিস

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** সারা দেশ জুড়ে ভারতীয় রেলে এপ্রেন্টিস নিয়োগের জন্য অনলাইনে অথবা ডাকযোগে দরখাস্ত পাঠাতে বলা হয়েছে, আসন সংখ্যা এই মুহূর্তে প্রায় ৯,০০০টি হলেও সেন্ট্রাল রেলওয়ে বা মধ্য রেলের জন্য ২,৪০৯টি। শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, অধিক নম্বর এবং আইটিআই পাশ হলে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ১৫ - ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ সেপ্টেম্বর, বাছাইকৃতদের লিখিত ইন্টারভিউর জন্য পরে ডাকা হবে। ইচ্ছুক উপযুক্ত প্রার্থীরা সেন্ট্রাল রেলওয়ে বা মধ্য রেলের মুম্বাই, ভূশোয়াল, পুনে, নাগপুর, সোলাপুর-এর যে-কোনও একটি ক্লাস্টারের উদ্দেশ্যে অনলাইনে দরখাস্ত পাঠাতে পারেন। অন্য রেলওয়ের জন্যও অনলাইনে দরখাস্ত পাঠানো সুবিধা রয়েছে। ইন্টারভিউ বা সাক্ষাৎকারের সময়সূচি পরে জানানো হবে। বিস্তারিত খবর হলো —

ভারতীয় রেলে চাকরির জন্য এধরনের ট্রেড এপ্রেন্টিস ট্রেনিংয়ের যথেষ্ট প্রয়োজন রয়েছে। ভারতীয় রেলে সারা দেশ জুড়ে ট্রেড এপ্রেন্টিস হিসেবে প্রায় ৯,০০০ জনকে বাছাইয়ের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। ইন্ডিয়ান রেলওয়েতে ট্রেড এপ্রেন্টিস হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ২৯-০৮-২০২৩-এর হিসেবে ১৫ থেকে ২৪ বছর বয়স হলে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। আসন সংখ্যার বিশদ বিভাজন ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন 'ইন্ডিয়ান রেলওয়ে'র ওয়েব সাইটে, 'এপ্রেন্টিস' ট্যাব লিঙ্কে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর -আরআরসি/ সিআর/ এএ/ ২০২৪, তারিখ ২৮ আগস্ট, ২০২৩। ক্লাস্টার ও ট্রেড অনুযায়ী আসন সংখ্যার বিভাজন এই রকম — মুম্বাই ক্লাস্টারে ক্যারেজ এন্ড ওয়াগন ওয়াড়ি বান্দেরে মোট আসন ২৫৮টির মধ্যে অসংরক্ষিত ১৩১টি, ওবিসি'র জন্য ৬৯টি, এসসি'র জন্য ৩৯টি, এসটি'র জন্য ১৯টি আসন সংরক্ষিত। ৯টি আসন শারীরিক প্রতিবন্ধী এবং ৭টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য। কল্যাণ ডিজেল শেডে মোট আসন ৫০টির মধ্যে অসংরক্ষিত ২৬টি, ওবিসি'র জন্য ১৩টি, এসসি'র জন্য ৮টি, এসটি'র জন্য ৩টি আসন সংরক্ষিত। ১টি করে আসন রয়েছে শারীরিক প্রতিবন্ধী ও এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য। কুরলা ডিজেল শেডে মোট আসন ৬০টির মধ্যে অসংরক্ষিত ৩১টি, ওবিসি'র জন্য ১৬টি, এসসি'র জন্য ৯টি, এসটি'র জন্য ৪টি আসন সংরক্ষিত। ২টি করে আসন রয়েছে শারীরিক প্রতিবন্ধী ও এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য। কল্যাণ ট্রেণিং স্লটে মোট আসন ১৭৯টির মধ্যে অসংরক্ষিত ৯২টি, ওবিসি'র জন্য ৪৮টি, এসসি'র জন্য ২৬টি, এসটি'র জন্য ১৩টি আসন সংরক্ষিত। ৫টি করে আসন রয়েছে শারীরিক প্রতিবন্ধী ও এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য। কুরলা ট্রেণিং স্লটে মোট আসন ১৯২টির মধ্যে অসংরক্ষিত ৯৭টি, ওবিসি'র জন্য ৫২টি, এসসি'র জন্য ২৯টি, এসটি'র জন্য ১৪টি আসন সংরক্ষিত। ৮টি আসন রয়েছে শারীরিক প্রতিবন্ধী ও ৬টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য। পারেল ওয়ার্কশপে মোট আসন ৩০৩টির মধ্যে অসংরক্ষিত ১৬৩টি, ওবিসি'র জন্য ৭২টি, এসসি'র জন্য ৪৫টি, এসটি'র জন্য ২৩টি আসন সংরক্ষিত। ৮টি আসন শারীরিক প্রতিবন্ধী ও ১০টি আসন এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত রয়েছে। মাতুঙ্গা ওয়ার্কশপে মোট আসন ৫৪৭টির মধ্যে অসংরক্ষিত ২৭৪টি, ওবিসি'র জন্য ১৪৯টি, এসসি'র জন্য ৮২টি, এসটি'র জন্য ৪২টি আসন সংরক্ষিত। ২০টি আসন শারীরিক প্রতিবন্ধী ও ১৭টি আসন এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত রয়েছে। বাইকুল্লা ওয়ার্কশপে মোট আসন ৬০টির মধ্যে অসংরক্ষিত ৩১টি, ওবিসি'র জন্য ১৭টি, এসসি'র জন্য ৯টি, এসটি'র জন্য ৩টি আসন সংরক্ষিত। ১টি করে আসন রয়েছে শারীরিক প্রতিবন্ধী ও এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য। অন্যান্য ক্লাস্টারের ট্রেড ও ক্যাটেগরী অনুযায়ী আসন সংখ্যার বিভাজন জানতে এঁদের ওয়েবসাইটে লগঅন করে দেখে নিতে হবে। প্রার্থীদের যোগ্যতা অনুযায়ী কেবলমাত্র যে-কোনও একটি ডিসিপ্লিন-এর জন্য অনলাইনে আবেদন করতে পারেন ২৮ সেপ্টেম্বরের মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদন করার শেষ তারিখ ২৮ সেপ্টেম্বর। যদি কোনও প্রার্থী একাধিক ট্রেড বা ডিসিপ্লিন-এর জন্য আবেদন করেন, তাঁর সমস্ত আবেদন বাতিল করা হবে। একইভাবে একাধিক ডিভিশনেও আবেদন করা যাবে না। অধিকতর পেশগত যোগ্যতা যথা বিই/ বিটেক/ এমবিএ/ এমসিএ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের বিবেচনা করা হবে না। সময়ে সময়ে প্রযোজ্য ভারত সরকারের নির্দেশাবলী অনুসারে ট্রেড এবং অবস্থানের জন্য প্রযোজ্যমতো প্রতি মাসে নির্ধারিত হারে স্টাইপেন্ড দেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাবলী পেয়ে যাবেন ইন্ডিয়ান রেলওয়ের ওয়েবসাইটে 'এপ্রেন্টিস' ট্যাব-এ। রেলওয়ের জোন অনুযায়ী অনলাইনে আবেদন করার পদ্ধতিও পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। প্রার্থিবাছাই পদ্ধতির বিস্তারিত সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।**

* কর্পোরেট সেক্টরে **অফিসার, ট্রেনি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ, বয়স ঃ অনূর্দ্ধ ৩০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর, বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, টেকনেশিয়ান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১১৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক থেকে ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **ইঞ্জিনিয়ারিং সার্ভিস**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৬৭টি, নিয়োগ হবে ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি ইঞ্জিনিয়ারিংপাশ, বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ সেপ্টেম্বর, লিখিত পরীক্ষা ১৮ ফেব্রুয়ারি, ২০২৪ ইং আগরতলা সহ সারা দেশে ৩২টি শহরে, কল লেটারে বিস্তারিত জানানো হবে।

* কর্পোরেট সেক্টরে **ম্যানেজমেন্ট স্টাফ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১১৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক পাশ, বয়স ঃ ২১-৪২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ সেপ্টেম্বর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় **প্রবেশনারি অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২০০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিবিএ/ বিই/ বিটেক ... ইত্যাদি গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ সেপ্টেম্বর, কম্পিউটারভিত্তিক পরীক্ষা নভেম্বরে, তারিখ কল লেটারে জানানো হবে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে।

* রেল মন্ত্রকে **এপ্রেন্টিস**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৪০৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৫-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ সেপ্টেম্বর, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **কনস্টেবল, এক্সিকিউটিভ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭,৫৪৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ হতে হবে, বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ডিসেম্বরে, কেন্দ্র আগরতলা।

* রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিই/ বিটেক/ বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, তবে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ২০-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে ৭২টি কেন্দ্রে, তারিখ ২০ অক্টোবর।

* স্টিল অথরিটি অফ ইন্ডিয়ায় **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৩৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর, বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

* বহিঃরাজ্যে স্বাস্থ্য মিশনে **একাউন্ট্যান্ট, ফার্মাসিস্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, এমবিএ, এমএসসি পাশ, বয়স ঃ ১৮-৩৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

* শক্তি মন্ত্রকে **ট্রেড এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২০৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* শিপ-ইয়ার্ডে **এপ্রেন্টিস**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৪০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৮-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্ত জমার শেষ তারিখ ২ অক্টোবর, বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকে **এনফোর্সমেন্ট অফিসার, একাউন্টস অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৫৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩ অক্টোবর, বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

* রিজার্ভ ব্যাঙ্কে **অ্যাসিস্ট্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিই/ বিটেক/ বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ অক্টোবর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ২১/২৩ অক্টোবরে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে অর্ধশতাধিক শহরে, কল লেটারে বিস্তারিত জানানো হবে।

* বহিঃরাজ্যে স্বাস্থ্য দপ্তরে **স্টাফ নার্স** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, জিএনএম, বিএসসি নার্সিংপাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ অক্টোবর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* স্টেট ব্যাঙ্কে **স্পেশালিস্ট অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪৩৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, এমসিএ পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ অক্টোবর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ডিসেম্বর/ জানুয়ারিতে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে ৩২টি শহরে, কল লেটারে বিস্তারিত জানানো হবে।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **অফিসার, ট্রেনি (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ৮৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্দ্ধ ৩০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, টেকনেশিয়ান (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ১১৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক থেকে ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ইঞ্জিনিয়ারিং সার্ভিস (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ১৬৭টি,
ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি ইঞ্জিনিয়ারিং পাশ,
বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ সেপ্টেম্বর,
লিখিত পরীক্ষা ১৮ ফেব্রুয়ারি, ২০২৪ ইং আগরতলা সহ সারা দেশে ৩২টি শহরে,
কল লেটারে বিস্তারিত জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ম্যানেজমেন্ট স্টাফ (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ১১৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক পাশ,
বয়স ঃ ২১-৪২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **প্রবেশনারি অফিসার (স্টেট ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ২০০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিবিএ/ বিই/ বিটেক ... ইত্যাদি গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ সেপ্টেম্বর,
কম্পিউটারভিত্তিক পরীক্ষা নভেম্বরে, তারিখ কল লেটারে জানানো হবে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (রেল মন্ত্রক),**
শূন্যপদ ঃ ২৪০৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৫-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ সেপ্টেম্বর,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **কনস্টেবল, এক্সিকিউটিভ (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৭,৫৪৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ হতে হবে,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ডিসেম্বরে, কেন্দ্র আগরতলা।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ৬০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিই/ বিটেক/ বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, তবে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন,
বয়স ঃ ২০-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে ৭২টি কেন্দ্রে, তারিখ ২০ অক্টোবর।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (স্টিল অথরিটি),**
শূন্যপদ ঃ ৩৩৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **একাউন্ট্যান্ট, ফার্মাসিস্ট (স্বাস্থ্য মিশন, বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ১০৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, এমবিএ, এমএসসি পাশ,
বয়স ঃ ১৮-৩৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ট্রেড এপ্রেন্টিস (শক্তি মন্ত্রক),**
শূন্যপদ ঃ ২০৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (শিপ-ইয়ার্ড),**
শূন্যপদ ঃ ২৪০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৮-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্ত জমার শেষ তারিখ ২ অক্টোবর,
বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এনফোর্সমেন্ট অফিসার, একাউন্টস অফিসার (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৫৫৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩ অক্টোবর,
বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট (রিজার্ভ ব্যাঙ্ক)**
শূন্যপদ ঃ ৪৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিই/ বিটেক/ বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ অক্টোবর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ২১/২৩ অক্টোবরে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে অর্ধশতাধিক শহরে, কল লেটারে বিস্তারিত জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **স্টাফ নার্স (স্বাস্থ্য দপ্তর, বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ৩০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, জিএনএম, বিএসসি নার্সিং পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ অক্টোবর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **স্পেশালিস্ট অফিসার (স্টেট ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ৪৩৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, এমসিএ পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ অক্টোবর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ডিসেম্বর/ জানুয়ারিতে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে ৩২টি শহরে, কল লেটারে বিস্তারিত জানানো হবে।

০--০--০--০০০--০--০--০

## আগরতলায় অনলাইনে পরীক্ষার মাধ্যমে কনস্টেবল এক্সিকিউটিভ ৭,৫৪৭ নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** এসএসসি বা স্টাফ সিলেকশন কমিশন পরীক্ষার মাধ্যমে দিল্লি পুলিশে কনস্টেবল পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদ ঃ ৭,৫৪৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে লাইট মোটর ভেহিকলে বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স ঃ ১৮ - ২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্ত জমার শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ডিসেম্বরে, কেন্দ্র আগরতলা। এককথায়, কেন্দ্রীয় পুলিশে অর্থাৎ দিল্লি পুলিশে ৭,৫৪৭ জন কনস্টেবল নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। প্রতিটি রাজ্যের জন্য নির্দিষ্ট কোটা অনুযায়ী ৭,৫৪৭ জন তরুণ-তরুণী নিয়োগ করা হবে। মহিলারাও আবেদন করতে পারেন, মহিলাদের জন্য নির্দিষ্ট কোটা রয়েছে। নিয়োগ করবে দিল্লি পুলিশ। এসএসসি পরিচালিত কনস্টেবল (এক্সিকিউটিভ) মেল এন্ড ফিমেল ইন দিল্লি পুলিশ এগজামিনেশন-২০২৩ পরীক্ষার মাধ্যমে। পুরুষ-মহিলা উভয় ক্ষেত্রেই প্রার্থীদের বয়স হতে হবে ১-৭-২০২৩ তারিখের হিসেবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। ওবিসি প্রার্থীদের ক্ষেত্রে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। এসসি/ এসটি প্রার্থীদের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছর। বিধবা বা বিবাহ বিচ্ছিন্না মহিলা প্রার্থীদের ক্ষেত্রে বয়সের ঊর্ধ্বসীমায় ৫ বছরের ছাড় রয়েছে। এক্স-সার্ভিসম্যানদের ক্ষেত্রেও রয়েছে বিশেষ ছাড়। শারীরিক মাপজোক হতে হবে পুরুষদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৬৫ সেমি.। তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬০ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ ও ৮২ সেমি (তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৭৩ ও ৭৭ সেমি)। মহিলাদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৫৭ সেমি। তফশিলি উপজাতি অথবা তফশিলি জাতিদের ক্ষেত্রে ১৫২ সেমি। সবক্ষেত্রেই ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সবক্ষেত্রেই দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া উভয় চোখে ৬/৬ এবং ৬/৯। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, তীর্যক চাউনি থাকলে আবেদন করবেন না। রং চেনার উচ্চ ক্ষমতা থাকা দরকার। মূল মাইনে স্তর-৪ পে মেট্রিক্স অনুযায়ী ২৫,৫০০ - ৮১,১০০ টাকা। দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে, এঁদের ওয়েবসাইটে লগ অন করে, অবশ্যই ৩০ সেপ্টেম্বরের মধ্যে। অর্থাৎ অনলাইনে ফর্ম ফিলাপের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর। উল্লেখ্য, অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটো, প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্টসও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবি (৪০ কেবির মধ্যে, জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে) ও সই (৪০ কেবির মধ্যে, জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে) স্ক্যান করে রাখবেন, পরে তা আপলোড করতে হবে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইন পেমেন্টের মাধ্যমে অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্দিষ্ট ফি জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন। কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (আধার কার্ড, প্যান কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি সাক্ষাৎকারের সম্ভাব্য প্রশ্নোত্তর সহ এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। প্রার্থিবাছাই হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা (সিবিটি), শারীরিক সক্ষমতা ও শারীরিক মাপজোকের পরীক্ষা (পিই এন্ড এমটি), ইন্টারভিউ ও ডাক্তরি পরীক্ষার মাধ্যমে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষা অক্টোবরে, কেন্দ্র আগরতলা। কার, কবে পরীক্ষা, সেটা কল লেটারে জানিয়ে দেওয়া হবে। এই কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় থাকবে অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েজ ভিত্তিক প্রশ্ন, মোট ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। সময় পাবেন দেড় ঘন্টা অর্থাৎ ৯০ মিনিট। ভুল উত্তরের জন্য কোনও নম্বর কাটা যাবে না, অর্থাৎ কোনও নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষায় ১০০ নম্বরের প্রশ্নপত্রে থাকবে ৫টি পার্ট। পার্ট-(এ): জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের মোট ২০ নম্বরের ২০টি প্রশ্ন। পার্ট-(বি): কোয়ান্টিটেটিভ এপ্টি টিউড বিষয়ের মোট ২০ নম্বরের ২০টি প্রশ্ন। পার্ট-(সি): জেনারেল ইন্টেলিজেন্স -এর মোট ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। পার্ট-(ডি): ইংলিশ ল্যাঙ্গুয়েজের বিষয়ে মোট ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। পার্ট-(এফ): কম্পিউটার ফাভামেন্টালস-এর বিষয়ে মোট ১০ নম্বরের ১০টি প্রশ্ন। এতে সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা ও শারীরিক মাপজোকের পরীক্ষা। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ৬ মিনিটে ১৬০০ মিটার দৌড়, ৩টি সুযোগে সাড়ে ১৪ ফুট লং জাম্প, ৩টি সুযোগে ৩ ফুট ৯ ইঞ্চি হাই জাম্প। মহিলাদের ক্ষেত্রে থাকবে ৮ মিনিটে ১৬০০ মিটার দৌড়, ৩টি সুযোগে ১০ ফুট লং জাম্প, ৩টি সুযোগে ৩ ফুট হাই জাম্প। সবশেষে ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা। এবিষয়ে আরও বিস্তারিত জানতে পারেন এঁদের ওয়েবসাইটে।

## অনলাইনে আবেদন ও পরীক্ষার মাধ্যমে রাস্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৬০০ চাকরির সুযোগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** প্রায় প্রতিটি ব্যাঙ্কেই এখন নিয়োগ প্রক্রিয়া চলছে। আই.ডি.বি.আই অর্থাৎ শিল্পোন্নয়ন ব্যাঙ্কে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/বিকম/বিএসসি/ বিবিএ/ বিই/ বিটেক... ইত্যাদি যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট পাশ, ব্যাঙ্কিং অথবা বীমা সেক্টরে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ২০-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ২০ অক্টোবরে, কেন্দ্র আগরতলা। বিস্তারিত খবর হলো — ত্রিপুরা, পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড সহ সারা দেশে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে ৬০০ জন নিয়োগ হচ্ছে ইড্বি অর্থাৎ ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ্ ইন্ডিয়ায়।

আই. ডি. বি. আই-তে চাকরি করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ৩১-০৮-২০২৩-এর হিসেবে ২০ থেকে ২৫-এর মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। এসসি/এসটিদের জন্য ৫ বছর, ওবিসিদের জন্য ৩ বছর এবং প্রতিবন্ধী প্রার্থীরা যাঁরা বয়সের ক্ষেত্রে বরাবর ১০ বছরের জন্য ছাড় পেয়ে আসছেন, তাঁরা এক্ষেত্রেও যথারীতি বয়সের ছাড় পাবেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে পদ সংরক্ষণ থাকবে দৃষ্টিহীন, কম দৃষ্টি-সংক্রান্ত ও চলতে-ফিরতে না পারা সংক্রান্ত প্রতিবন্ধীরাও (পিডব্লুডি) যথারীতি আবেদন করতে পারেন। শূন্যপদগুলির মধ্যে তফশিলি জাতিভুক্ত, তফশিলি উপজাতিভুক্ত এবং ওবিসি'র জন্য যেমন সংরক্ষিত পদ রয়েছে, তেমনি অসংরক্ষিত রয়েছে কিছু সংখ্যক পদ। এর মধ্যে আবার শারীরিক প্রতিবন্ধীদের জন্যও সংরক্ষিত কিছু শূন্যপদ। যেমন মোট শূন্যপদ ৬০০-এর মধ্যে এসসি'র জন্য ৯০টি, এসটি'র জন্য ৪৫টি, ওবিসি'র জন্য ১৬২টি ও ইডব্লিএস-দের জন্য ৬০টিপদ সংরক্ষিত। এছাড়া, ২৪৩টি পদ রয়েছে অসংরক্ষিত। অর্থাৎ এসসি, এসটি, ওবিসি, জেনারেল যে-কেউ এর জন্য আবেদন করতে পারেন। শারীরিকপ্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত রয়েছে ৫১টি শূন্যপদ। শূন্যপদের আরও বিশদ বিভাজন ইত্যাদি দেখতে পাবেন অনলাইনে আবেদনের সময়, ওয়েব সাইটের বিজ্ঞপ্তিতে। যোগ্যতা - বিএ, বিকম, বিএসসি, বিই, বিটেক ... যে কোনও ডিগ্রি পাশ, অধিকনম্বরে অগ্রাধিকার পাবেন। আগ্রহী প্রার্থীরা অবশ্যই আবেদন করার আগে বিজ্ঞপ্তির বিস্তারিত দেখে যোগ্যতার মাপকাঠি মিলিয়ে আবেদন করবেন। প্রার্থীবাছাই হবে অনলাইনে একটি মাত্র মূল পরীক্ষা ও সাক্ষাৎকারের ভিত্তিতে। অনলাইনে পরীক্ষা হবে অবজেক্টিভ ধরনের। ২০০ নম্বরের মূল পরীক্ষা। প্রশ্নও করা হবে ২০০টি। সময় ২ ঘন্টা। বিষয়গুলি পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে। প্রতি ৪টে ভুলের জন্য ১ নম্বর করে কাটা যাবে। জেনারেল ইংলিশ অংশটুকু ছাড়া প্রশ্ন হবে ইংরিজি/ হিন্দিতে। প্রত্যেকটি অংশে পাশ করতে হবে (অন্তত ৪০ শতাংশ, তফশিলি, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩৫ শতাংশ নম্বর)। ত্রিপুরার প্রার্থীদের জন্য চাকরি হতে পারে আগরতলায়, এবং কম্পিউটার ভিত্তিক পরীক্ষা দেওয়ার সুযোগও রয়েছে আগরতলা কেন্দ্রে। পরীক্ষা নেওয়া হবে ২০ অক্টোবরে। এসএমএস এবং কললেটারের বুকলেটের মাধ্যমেও পরীক্ষার নির্দিষ্ট স্থান-কাল ও সময় ইত্যাদি সংক্রান্ত তথ্য জানানো হবে। কল লেটার ডাউনলোড করে নিতে হবে পরীক্ষার ১ সপ্তাহ আগে, নিজের দরখাস্তের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড/ জন্মতারিখ ব্যবহারের পদ্ধতিতে ওয়েবসাইটে নিজের অ্যাকাউন্টে ঢুকে। আলাদা কোনও চিঠি পাঠানো হবে না। প্রয়োজনে নিয়োগকর্তারা সরাসরি ইন্টারভিউর মাধ্যমেও নিয়োগ করতে পারে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করেছেন। দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে, এঁদের ওয়েবসাইটে লগ অন করে ৩০ সেপ্টেম্বরের মধ্যে। অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইন পেমেন্টের মাধ্যমে অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্ধারিত ফি জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড, প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। বলা বাহুল্য, অনলাইনে দরখাস্ত করার পর অবশ্যই দরখাস্তের প্রিন্ট-আউট ও ক্যাশ রিসিপ্ট বা ই-রিসিপ্ট কপি নিজের কাছে যত্ন করে রেখে দেবেন, পরে কাজে লাগবে।

# এশিয়ান গেমসের ইতিহাসে ভারতের কয়েকটি স্মরণীয় মুহূর্ত

কলকাতা, ২২ সেপ্টেম্বর(হি.স.): এশিয়ান গেমসের ইতিহাসে ভারতের কয়েকটি স্মরণীয় মুহূর্ত দেখে নেওয়া যাক।

১৯৫১: শৈলেন মান্নার নেতৃত্বে ফুটবলে সোনা:
শৈলেন মান্নার নেতৃত্বে ১৯৫১তে ভারতে অনুষ্ঠিত প্রথম এশিয়ান গেমসের ফাইনালে ভারত ইরানকে ১-০ গোলে হারিয়ে সোনা জিতেছিল। আর ১৯৬২ সালে জাকার্তা এশিয়ান গেমসে কোরিয়াকে হারিয়ে দ্বিতীয়বার এশিয়াডে সোনা জিতেছিল ভারত।

১৯৫৮: জোড়া সোনা জিতেছিলেন মিলখা সিং:
মিলখা সিংয়ের ঐতিহাসিক সোনার পদক জিতেছিলেন এই এশিয়ান গেমসে। ট্র্যাক অ্যান্ড ফিল্ডে ভারতের নতুন যুগের সূচনা হয়েছিল এই এশিয়ান গেমস থেকে। ১৯৫৮র এই টোকিও গেমসে জোড়া সোনা জিতেছিলেন মিলখা সিং। ২০০মিটার এবং ৪০০ মিটারে সোনা জেতেন তিনি। এই জোড়া সোনার সৌজন্যেই এশিয়ার দ্রুততম মানব আখ্যা দেওয়া হয় মিলখা সিংকে।

১৯৮৬ : চারটি সোনার পদক পিটি উষার:
মিলখা সিংয়ের কীর্তি এগিয়ে নিয়ে যান পিটি উষা। ট্র্যাক অ্যান্ড ফিল্ডে ভারতের অন্যতম সফল অ্যাথলিট। ১৯৮২ সালের এশিয়ান গেমসে দুটি রুপোর পদক জিতেছিলেন উষা। ১৯৮৬ গেমসে চারটি সোনার পদক পান পিটি উষা। ২০০ মিটার, ৪০০ মিটার, ৪০০ মিটার হার্ডলস, ৪ক্ক৪০০০ মিটার রিলে-তে সোনা জেতেন।

১৯৯৮ : হকিতে সোনার ইতিহাস:
বিশ্বকাপে হতাশাজনক পারফরম্যান্স দেখিয়ে ১৯৯৮ এশিয়ান গেমসে গিয়েছিল ভারতীয় হকি দল। হারানো সম্মান পুনরুদ্ধারই লক্ষ্য ছিল। ধনরাই পিল্লাইয়ের নেতৃত্বে ব্যাঙ্কক এশিয়ান গেমসে সোনা জয় করে ভারত। ফাইনালে কোরিয়াকে ৫-৩ ব্যবধানে হারায় ভারত। অধিনায়ক ধনরাজ ১১টি গোল করেছিলেন।

২০১৮: নীরজের নজির:
জ্যাভলিনে সোনার ছেলে নীরজের সোনালি সফর শুরু হয়েছিল এই এশিয়ান গেমস থেকেই। ২০১৮ সালে জাকার্তা এশিয়ান গেমসে সোনা জেতেন নীরজ। এরপর একের পর এক কীর্তি গড়েই চলেছেন। টোকিও গেমসে সোনা, বিশ্ব চ্যাম্পিয়নশিপ, ডায়মন্ড, জ্যাভলিনে সব পদকই এসেছে ভারতের ঝুলিতে।

২০১৪ : মহিলাদের বক্সিংএ অধরা সোনা এনে দিলেন মেরি কম:
এশিয়ান গেমস বক্সিংয়ে মহিলাদের সোনা অধরা ছিল। ২০১৪ সালে দক্ষিণ কোরিয়া গেমসে সেই সোনা এনে দেন কিংবদন্তি মেরি কম। সেই সঙ্গে দেশের প্রথম মহিলা বক্সার হিসেবে এশিয়ান গেমসে সোনা জয়ের ইতিহাস গড়েন তিনি।

২০১৮ : টেবল টেনিসে প্রথম পদক জেতে ভারত:
এশিয়ান গেমস টিটিতে দাপট দেখা যায় চিন, দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুরের। ২০১৮ জাকার্তা গেমসে ইতিহাস গড়ে ভারত। টেবল টেনিসে প্রথম পদক জেতে ভারত। পুরুষদের টিম ইভেন্টে ব্রোঞ্জ পদক। মিক্সড ডাবলসেও ব্রোঞ্জ জেতে ভারত।

১৯৯৮ : বিলিয়ার্ডসে স্মরণীয় মুহূর্ত:
এশিয়ান গেমসে বিলিয়ার্ডসের অন্তর্ভুক্তি হয় ১৯৯৮ সালে। গীত শেঠি, অশোক শান্ডিল্যরা এই মুহূর্তকে স্মরণীয় করে রাখেন। ইংলিশ বিলিয়ার্ডস ডাবলসে সোনার পদক জেতে ভারত।

১৯৯৪ : শুটিংয়ে যশপাল রানার হতিহাস:
মাত্র ১৭ বছরে ইতিহাস গড়েছিলেন ভারতের পিস্তল শুটার যশপাল রানা। ১৯৯৪ এর হিরোসিমা গেমসে ২৫ মিটার সেন্টার ফায়ার ইভেন্টে শুটিংয়ে দেশের প্রথম সোনার পদক জেতেন যশপাল।

## নিউইয়র্কে স্কুল বাস খাদে পড়ে নিহত দুইজন, আশঙ্কাজনক পাঁচ

নিউইয়র্ক, ২২ সেপ্টেম্বর (হি. স.) : নিউইয়র্কে ফার্মিংডেল হাইস্কুলের একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে ৫০ ফুট খাদে পড়ে যায়। এই দুর্ঘটনায় দুই জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন আরও কয়েকজন। এদের মধ্যে পাঁচজনের অবস্থা আশঙ্কাজনক।

জানা গেছে, বৃহস্পতিবার নিউ অরেঞ্জ কাউন্টিতে এই দুর্ঘটনা ঘটেছে। প্রথমে উদ্ধারকর্মীদের সহায়তায় বাস থেকে শিক্ষার্থীদের বের করা হয়। নিউইয়র্ক পুলিশের লেফটেন্যান্ট কর্নেল রিচার্ড এল. ম্যাজজোনকে উদ্ধৃত করে এক প্রতিবেদনে বলা হয়েছে, বাসটি ফার্মিংডেল হাই স্কুলের ৪০ জন ছাত্র এবং চারজন প্রাপ্তবয়স্ক ছিল। আহতদের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। মাজজোন বলেন, প্রাথমিক তদন্তে অনুমান বাসের সামনের টায়ার ফেইল হয়ে দুর্ঘটনাটি ঘটেছে। ফার্মিংডেল হাই স্কুলের মুখপাত্র জ্যাক মেন্ডলিঙ্গার বলেন, বাসটি ক্যাম্পের জন্য পেনসিলভানিয়ার গ্রিলির দিকে যাচ্ছিল।

# মিস্ট্রি চিঠি হিস্ট্রি হয়ে গেছে, মন্তব্য রাজ্যপালের

কলকাতা, ২২ সেপ্টেম্বর (হি. স.) : মিস্ট্রি চিঠি হিস্ট্রি হয়ে গেছে। চিঠি সাসপেন্সে মুখ খুলে ইঙ্গিতপূর্ণ মন্তব্য রাজ্যপাল সিভি আনন্দ বোসের। তিনি বলেন, সাংবিধানিক সহকর্মীকে লেখা চিঠি গোপন থাকা উচিত। সংশ্লিষ্ট পক্ষের কেউ চাইলে সঠিক সময়ে এনিয়ে মুখ খুলবেন।

উপাচার্য নিয়োগ নিয়ে রাজ্য-রাজ্যপাল সংঘাতের আবহেই গত ৯ সেপ্টেম্বর নবান্ন ও রাজভবনে জোড়া চিঠি পাঠান রাজ্যপাল। রাজ্যপালের লেখা দুটি চিঠি নিয়ে কদিন আগেই বিতর্ক তুঙ্গে ওঠে রাজ্য-রাজনীতিতে। চিঠিতে কী লিখেছেন রাজ্যপাল, সেই প্রসঙ্গে বিদেশযাত্রার আগে মুখ খোলেননি মুখ্যমন্ত্রীও।

শুক্রবার রাজ্যপালকে এক অনুষ্ঠানের পাশে এ নিয়ে প্রশ্নয়করলে জানান, মিস্ট্রি চিঠি এখন হিস্ট্রি। পাশাপাশি রাজভবন রাজনীতির স্থান নয় বলেও মন্তব্য করেন রাজ্যপাল। তাঁর মন্তব্য, রাজভবন শিল্প-সংস্কৃতিকে তুলে ধরার জায়গা।

উপাচার্য নিয়োগ নিয়ে নবান্ন-রাজভবন নজিরবিহীন সংঘাত। মুখ্যমন্ত্রীর অর্থনৈতিক অবরোধের হুঁশিয়ারি, রাজ্যপালের মিডনাইট চ্যালেঞ্জ। পাল্টা রাজ্যপালকে শিক্ষামন্ত্রীর 'ভ্যাম্পায়ার' কটাক্ষ। এরপর কী হয়, কী হয়, তা নিয়েই দিনভর চলছিল জল্পনা। শেষপর্যন্ত রাজ্যপালের কড়া বার্তার ১২ ঘণ্টার মধ্যেই অ্যাকশন। আর তাতেই নতুন মাত্রা পায় রাজ্যপালের মধ্যরাত সাসপেন্স।

রাজভবন সূত্রে খবর, ঘড়ির কাঁটা রাত বারোটা ছোঁয়ার আগেই গত ৮ সেপ্টেম্বর দুটি কনফিনডেন্সিয়াল চিঠিতে সই করেন রাজ্যপাল।

খামবন্ধ দুটি চিঠির একটির ঠিকানা নবান্ন। আরেকটির ঠিকানা দিল্লি। এরপরই প্রশ্ন ওঠে কী রয়েছে রাজ্যপালের সই করা জোড়া চিঠিতে? উপাচার্য নিয়োগ-সহ একাধিক ইস্যুতে, রাজভবনের সঙ্গে রাজ্য সরকারের সাম্প্রতিক সম্পর্ক যেখানে গিয়ে পৌঁছেছে, তা নিয়েই কি কিছু লেখা রয়েছে কনফিডেন্সিয়াল চিঠিতে? চিঠির বিষয়বস্তু প্রকাশ্যে না এলেও, এই বিষয়টিকে কেন্দ্র করে মধ্যরাত থেকেই শুরু হয়ে যায় রাজনৈতিক বাগযুদ্ধ।

# এবার কামারহাটি পুরসভার কাছে নথি চাইল সিবিআই

কলকাতা, ২২ সেপ্টেম্বর (হি. স.) : রাজ্যে পুর নিয়োগ দুর্নীতি মামলায় কামারহাটি পুরসভার কাছে নথি চেয়ে পাঠাল সিবিআই। পাশাপাশি, পুরসভার ৩৪ জন কর্মীকেও তলব করা হয়েছে। শুক্রবার পুরসভা সূত্রে এখবর জানা গিয়েছে।

নিয়োগ দুর্নীতিতে ইডির মামলায় ধৃত অয়ন শীলের একটি সংস্থার মাধ্যমে ওই ১৪টি পুরসভায় কর্মী নিয়োগ করা হয়েছিল বলে সিবিআইয়ের অভিযোগ। তাদের দাবি, টাকার বিনিময়ে চাকরি বিক্রি করা হয়েছে, যার সঙ্গে সরকারি আধিকারিক, প্রভাবশালী নেতা-মন্ত্রী এবং বিধায়ক জড়িত রয়েছেন।

আগেও এই মামলায় পুরসভার ১৮ জন কর্মীকে তলব করেছিল কেন্দ্রীয় সংস্থা। সেই মতো তাঁরা তদন্তকারীদের জিজ্ঞাসাবাদের মুখোমুখিও হয়েছিলেন। আবার সেই পুরসভার কর্মীদের তলব করা হল।

পুরসভার পুরপ্রধান গোপাল সাহা বলেন, "সিবিআইয়ের নির্দেশ মতো পুরসভার কর্মীরা সিবিআই দফতরে হাজিরা দিচ্ছেন। পাশাপাশি, সিবিআই যে সমস্ত নথি চেয়ে পাঠিয়েছে, সেই সব নথিও পাঠানো হয়েছে। এর পরেও যা যা নির্দেশ আসবে, আমরা মেনে চলব।"

প্রসঙ্গত, কামারহাটি তৃণমূল নেতা মদন মিত্রের বিধানসভা কেন্দ্র। এর আগে সিবিআইয়ের বিরুদ্ধে উদ্দেশ্যপ্রণোদিত অভিযানের অভিযোগ তুলে পুরসভায় গিয়ে কর্মীদের সঙ্গে কথা বলেছিলেন তিনি।

গোয়েন্দা সংস্থা সূত্রে খবর, যে সব পুরসভায় নিয়োগ প্রশ্নের মুখে পড়েছে, সেই তালিকায় রয়েছে উত্তর ২৪ পরগনার দক্ষিণ দমদম, উত্তর দমদম, বরাহনগর, পানিহাটি, কামারহাটি, হালিশহর পুরসভা। বৃহস্পতিবারেই বরাহনগর পুরসভার কর্মী এবং আধিকারিকদের জিজ্ঞাসাবাদ করা হয়েছে।

তদন্তকারীদের দাবি, রাজ্যের ১৪টি পুরসভায় তল্লাশি চালানোর সময়েই নথি সংগ্রহ এবং আধিকারিকদের জিজ্ঞাসাবাদ করা হয়। মূলত ২০১৪ থেকে ২০১৯ পর্যন্ত পুরসভাগুলিতে নিয়োগের পদ্ধতি এবং নির্দেশিকার নথি যাচাই করা হয়েছে।

## নারী শক্তি বন্দন বিল নতুন ভারতের গণতান্ত্রিক প্রতিশ্রুতির অঙ্গীকার : প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর (হি.স.) : নারী শক্তি বন্দন বিল নতুন ভারতের গণতান্ত্রিক প্রতিশ্রুতির অঙ্গীকার। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, আজ আমি দেশের প্রতিটি মা, বোন ও কন্যাকে অভিনন্দন জানাচ্ছি। গতকাল এবং পরশু আমরা সবাই একটি নতুন ইতিহাস তৈরি হতে দেখেছি এবং আমরা সবাই ভাগ্যবান যে লক্ষ লক্ষ মানুষ আমাদের এই ইতিহাস তৈরি করার সুযোগ দিয়েছেন। সংসদে মহিলা সংরক্ষণ বিল পাশ হওয়ার পর শুক্রবার সকালে বিজেপির সদর দফতরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে সংবর্ধনা জানানো হয়। মহিলা-শক্তিকে মাথা নত করে প্রণাম করেন প্রধানমন্ত্রী মোদী।

পরে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'এই সিদ্ধান্ত এবং এই দিনটি আগামী বহু প্রজন্মের জন্য আলোচিত হবে। সংসদের উভয় কক্ষে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে """নারী শক্তি বন্দন আইন"""" পাশ করার জন্য আমি সমগ্র দেশকে অভিনন্দন জানাই।' প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, 'কখনও কখনও একটি সিদ্ধান্ত একটি দেশের ভাগ্য পরিবর্তন করার ক্ষমতা রাখে। আজ আমরা সবাই এমন একটি সিদ্ধান্তের সাক্ষী হয়েছি।'

প্রধানমন্ত্রীর কথায়, 'নারী শক্তি বন্দন আইন সংসদের উভয় কক্ষে রেকর্ড ভোটে পাস হয়েছে। গত কয়েক দশক ধরে দেশবাসী যে স্বপ্নের অপেক্ষায় ছিল তা এখন পূরণ হয়েছে।'

## অভিষেককে রক্ষাকবচ দিল হাইকোর্ট, তবে খারিজ হল না ইডি-র এফআইআর

কলকাতা, ২২ সেপ্টেম্বর (হি.স.): নিয়োগ দুর্নীতি মামলায় তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়কে রক্ষাকবচ দিল কলকাতা হাইকোর্ট। তবে প্রবর্তন নির্দেশালয় (ইডি)-র ইসিআইআর (ইডির করা এফআইআর) খারিজ করল না হাইকোর্ট। শুক্রবার অভিষেককে রক্ষাকবচ দিয়েছেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। বিচারপতির পর্যবেক্ষণ, সুজয়কৃষ্ণ ভদ্র গ্রেফতার হওয়ার পরে ইডি কোনও তথ্য প্রমাণ আদালতের সামনে তুলে ধরতে পারেনি।

উল্লেখ্য, প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলায় ইডি-র দায়ের করা ইসিআইআর খারিজের আবেদন করেছিলেন অভিষেক। শুক্রবার সকাল সাড়ে ১০টায় রায়দান করে অভিষেককে স্বস্তি দেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। বিচারপতি বলেন, """"""""ইডির দায়ের করা ইসিআইআরের ভিত্তিতে কোনও কড়া পদক্ষেপ করা যাবে না।' একইসঙ্গে অভিষেককে রক্ষাকবচ প্রদান করেছে হাইকোর্ট।

## একদিনের বিশ্বকাপ : ২০১১ সাল থেকে আয়োজক দেশই জিতে আসছে শিরোপা

মুম্বাই, ২২ সেপ্টেম্বর (হি.স.): এসে গেল একদিনের বিশ্বকাপ। অক্টোবরের ৫ তারিখ থেকে ভারতের মাটিতে বসছে একদিনের বিশ্বকাপের আসর। খেতাব জয়ের লক্ষ্য নিয়ে লড়াইয়ের নামছে দশটি দল। ক্রিকেট বিশ্বকাপকে ঘিরে প্রত্যাশার পারদ আকাশ ছুঁয়েছে। সমর্থকেরা অধীর আগ্রহে চেয়ে রয়েছে বিশ্বকাপের দিকে। নিজের দলকে সমর্থন জানাতে সমর্থকরা রীতিমত তৈরি।

ভারত, পাকিস্তান, অস্ট্রেলিয়া, ইংল্যান্ড ও নিউজিল্যান্ডের মত দেশগুলি চ্যাম্পিয়ন হওয়ার জন্য রীতিমতো তৈরি।এবারের বিশ্বকাপে উল্লেখযোগ্য বিষয় হল প্রথম দুবারের বিশ্ব চ্যাম্পিয়ন ওয়েস্ট ইন্ডিজ এবার বিশ্বকাপে খেলছে না।কোয়ালিফাই পর্ব থেকে তারা ছিটকে গেছে। এবারের বিশ্বকাপে চ্যাম্পিয়ান হওয়ার দাবীদার কে? সবচেয়ে আগে উঠে আসবে অস্ট্রেলিয়ার নাম। কারণ বিশ্বকাপে তারাই সফল দল।বিশ্বকাপে যারা পাঁচ বার চ্যাম্পিয়ন হয়েছে। তাছাড়া এবার টেস্ট চ্যাম্পিয়নশিপ জিতে অস্ট্রেলিয়ার দাবিটা আরো জোরদার হয়েছে। এবার শিরোপা জেতার লড়াইয়ে জোরালোভাবে যে নামটা উচ্চারিত হচ্ছে সেই দলটা হল ইংল্যান্ড। গতবারের চ্যাম্পিয়ন ইংল্যান্ড এই মুহূর্তে একদিনের ক্রিকেটে যথেষ্ট শক্তিশালী দল। এরপর তো আসছেই ভারত পাকিস্তান নিউজিল্যান্ডের নাম।

তবে গত ২০১১ সাল থেকে পরিসংখ্যান কিন্তু স্বাগতিকদের হয়েই কথা বলছে। কারন এই সাল থেকে আয়োজক দেশই জিতে আসছে শিরোপা। ট্রেন্ডটা চালু করেছে ভারতই। ২০১১ সালে ধোনির নেতৃত্বেই ভারত বিশ্বকাপ জিতেছিল দেশের মাটিতে। এরপর দু'দুটো বিশ্বকাপ সেই ট্রেডিশন ধরে রেখেছে। ২০১৫তে দেশের মাটিতে বিশ্বকাপ জিতেছে অস্ট্রেলিয়া। আর ২০১৯ সালে দেশের মাটিতে জিতেছে ইংল্যান্ড। আর এই পরিসংখ্যানই ভারতকে ভরসা যোগাচ্ছে এবার। সুতরাং এবার ঘরের মাঠে সেই ট্র্যাডিশন বজায় রাখতে মরিয়া থাকবে 'মেন ইন ব্লু।'

## মহিলা সংরক্ষণ বিল পাশ সংসদে, গণতান্ত্রিক যাত্রায় ঐতিহাসিক মুহূর্ত আখ্যা দিলেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর (হি.স.): আইনসভায় মহিলাদের এক তৃতীয়াংশ আসন সংরক্ষণ সংক্রান্ত ১২৮-তম সংবিধান সংশোধনী বিল সংসদে পাস হয়েছে। রাজ্যসভায় বৃহস্পতিবার রাতে "নারী শক্তি বন্দন অধিনিয়ম শীর্ষক" বিলটি অনুমোদিত হয়। বিলের পক্ষে ভোট দেন ২১৪ জন সদস্য। বিপক্ষে একটিও ভোট পড়েনি। লোকসভায় বুধবারই বিলটি পাশ হয়েছে।

রাজ্যসভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, মহিলাদের আসন সংরক্ষণ বিলের ওপর ইতিবাচক আলোচনা হয়েছে। উভয়সভার ১৩২ জন সদস্য এতে অংশ নিচ্ছেন। বিলটিকে সমর্থন করার জন্য সব সদস্যকে ধন্যবাদ জানান তিনি। পরে টুইট করে প্রধানমন্ত্রী জানান, 'আমাদের দেশের গণতান্ত্রিক যাত্রায় একটি ঐতিহাসিক মুহূর্ত! ১৪০ কোটি ভারতীয়কে অনেক অভিনন্দন! নারী শক্তি বন্দন আইন সম্পর্কিত বিলের পক্ষে ভোট দেওয়ার জন্য সমস্ত রাজ্যসভার সাংসদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা। সর্বসম্মতিক্রমে পাশ হওয়া খুবই উৎসাহব্যঞ্জক।'

## স্থায়ী উপাচার্য মনোনয়ন নিয়ে ধন্দ এখনও কাটেনি

কলকাতা, ২২ সেপ্টেম্বর (হি. স.) : পশ্চিমবঙ্গের সরকারি বিশ্ববিদ্যালয়গুলোর স্থায়ী উপাচার্য মনোনয়ন নিয়ে ধন্দ এখনও পুরোটা কাটেনি। এ ব্যাপারে সুপ্রিম কোর্ট স্পষ্ট নির্দেশিকা দিলেও রাজ্য হাঁটছে তার গতিতে। এখনও শিক্ষা দফতরের তরফে কতটা এগোনো গিয়েছে, তার ইঙ্গিত পাওয়া যায়নি।

সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির উপাচার্য নিয়োগের জন্য সার্চ কমিটির সদস্যদের তালিকা তৈরি হয়ে গিয়েছে। জানিয়ে দিলেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস। ওই সার্চ কমিটিতে কি ভিনরাজ্যের কেউ থাকবেন? এ প্রশ্নের জবাব এদিন এড়িয়ে গিয়েছেন রাজ্যপাল। স্বাভাবিক ভাবেই ওই জল্পনাও মাথাচাড়া দিয়ে উঠছে।

রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে উপাচার্য নিয়োগ নিয়ে রাজ্যপালের সঙ্গে সরকারের মধ্যে সংঘাতের আবহ দীর্ঘদিনের। সেই সংঘাত মেটাতে খোদ সুপ্রিম কোর্ট একটি সার্চ কমিটি গঠনের নির্দেশ দিয়েছিল।

শীর্ষ আদালতের বক্তব্য ছিল, আর একতরফা স্থায়ী উপাচার্য নিয়োগ নয়। স্থায়ী উপাচার্য নিয়োগে সার্চ কমিটি গঠন করে আলোচনার মাধ্যমে উপাচার্য নিয়োগ করতে হবে। ওই কমিটিতে থাকার জন্য রাজ্য, রাজ্যপাল এবং ইউজিসিকে কমপক্ষে ৩-৫জন বিশিষ্ট ব্যক্তির নাম প্রস্তাব করার কথা বলা হয়েছে।

অর্থাৎ ওই কমিটিতে রাজ্য, রাজ্যপাল এবং ইউজিসির প্রতিনিধি থাকার কথা। রাজ্যের তরফে এখনও কোনও প্রতিনিধির নাম ঘোষণা করা হয়নি। কার্যত রাজ্যপাল জানিয়ে দিলেন,"মহামান্য সুপ্রিম কোর্টের নির্দেশে সার্চ কমিটি গড়ার জন্য সদস্যদের নামের তালিকা তৈরি হয়ে গিয়েছে।"এর আগে রাজ্যপালের বিরুদ্ধে ভিনরাজ্যের আধিকারিকদের দিয়ে কাজ করানোর অভিযোগ বারবার উঠেছে।

## বিরসা মুন্ডা বিমানবন্দরে যাত্রীর বাগ থেকে বুলেট উদ্ধার

রাঁচি, ২২ সেপ্টেম্বর (হি. স.) : ঝাড়খন্ডের বিরসা মুন্ডা বিমানবন্দরে এক যাত্রীর ব্যাগ থেকে উদ্ধার হয়েছে বুলেট। শুক্রবার বিমানবন্দরের সিআইএসএফ কর্মীরা অভিযুক্তকে বিমানবন্দর থানায় তুলে দেন।

প্রাপ্ত তথ্য অনুযায়ী, গিরিডির বাসিন্দা বিনোদ যাদবের ব্যাগ থেকে বুলেট উদ্ধার করা হয়েছে। জানা গেছে, বিনোদ তার সন্তানদের চিকিৎসার জন্য বেঙ্গালুরু যাচ্ছিলেন। এ সময় বিমানবন্দরে নিয়োজিত নিরাপত্তা কর্মীরা তার জিনিসপত্র তল্লাশিতে তার ব্যাগ থেকে রাইফেলের একটি বুলেট উদ্ধার করা হয়। ডিএসপি রাজা কুমার মিত্র জানান, পুলিশ বিষয়টি খতিয়ে দেখছে।

## পাকিস্তানের বিশ্বকাপ দল ঘোষণা

করাচি, ২২ সেপ্টেম্বর(হি.স.): শেষমেশ সেই শঙ্কাই সত্যি হলো। পাকিস্তানের বিশ্বকাপ দল থেকে ছিটকে গেলেন তারকা পেসার নাসিম শাহ।

নাসিম শাহ ছিটকে যাওয়ায় এলেন হাসান আলী। শাদাব খানকে নিয়েও সমালোচনা হয়েছিল বেশ।

তবে সহ-অধিনায়ক হিসেবে ভালোভাবেই স্কোয়াডে জায়গা করে নিয়েছেন এই অলরাউন্ডার। বিশ্বকাপে পাকিস্তানকে নেতৃত্ব দেবেন নিয়মিত অধিনায়ক বাবর আজম।

আজ শুক্রবার ওয়ানডে (২২ সেপ্টেম্বর) বিশ্বকাপের জন্য দল ঘোষণা করেছে পাকিস্তান ক্রিকেট বোর্ড।

পাকিস্তানের বিশ্বকাপ দল: বাবর আজম (অধিনায়ক), শাদাব খান, ফখর জামান, ইমাম উল হক, আবদুল্লাহ শফিক, মোহাম্মদ রিজওয়ান, সৌদ শাকিল, ইফতিখার আহমেদ, আগা সালমান, মোহাম্মদ নওয়াজ, উসামা মীর, হারিস রউফ, হাসান আলী, শাহিন আফ্রিদি ও মোহাম্মদ ওয়াসিম জুনিয়র।

## কানাডা-ভারত দ্বিপাক্ষিক বর্তমান সম্পর্কে মন্তব্য তথাগত রায়ের

কলকাতা, ২২ সেপ্টেম্বর (হি. স.) : কানাডা-ভারত দ্বিপাক্ষিক বর্তমান সম্পর্কে ভারতকে দৃঢ় সমর্থন করলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।

তিনি এক্স হ্যাণ্ডেলে শুক্রবার লিখেছেন, "কানাডার প্রধানমন্ত্রী যেভাবে অভিযোগ করেছেন ভারতীয় রাষ্ট্র কখনও বিদেশী ভূখণ্ডে আক্রমণ করেনি। কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্র পাকিস্তানের ভূখণ্ডে আক্রমণ করে ওসামা বিন লাদেনকে তুলে নিয়েছিল। এ বিষয়ে ট্রুডো কী বলবেন? আমি বলি, এটা ন্যায়সঙ্গত ছিল। ৫১তম

## জমা জলের খোঁজে শুক্রবারও সমীক্ষায় ডেপুটি মেয়র

কলকাতা, ২২ সেপ্টেম্বর (হি. স.) : পুজোর আগে কার্যতই পথের কাঁটা হয়ে দাঁড়িয়েছে ডেঙ্গি। জেলায় জেলায় ক্রমশই ডেঙ্গি আক্রান্তের সংখ্যা বেড়েই চলেছে। বিশেষ করে উত্তর ২৪ পরগনা তো বটেই, কলকাতাতেও লাগামছাড়া থাবা বসিয়েই চলেছে ডেঙ্গি।

পরিস্থিতি খতিয়ে দেখতে শুক্রবার ফের পথে নামলেন পুরসভার ডেপুটি মেয়র। ডেঙ্গি মোকাবিলায় সচেতনা প্রচারে যান। এদিন কলেজ স্ট্রিটে বর্ণপরিচয় মার্কেটে উপস্থিত হন অতীন ঘোষ।

পুজোর আগে কলকাতায় ডেঙ্গিতে আক্রান্তের সংখ্যা বাড়ছে। ডেঙ্গি মোকাবিলায় পথে নেমেছেন কলকাতা পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষ। বৃহস্পতিবার তিনি স্থানীয় কাউন্সিলারকে সঙ্গে নিয়ে আসেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ে। ৫৬ নম্বর ওয়ার্ডের কামারডাঙা রেল কলোনি কার্যত মশার আঁতুড়ঘর। সম্প্রতি তৃণমূল কাউন্সিলর স্বপন সমাদ্দারকে নিয়ে এলাকা পরিদর্শণে যান ডেপুটি মেয়র। তাঁর অভিযোগ, রেলকে বারবার বলা সত্ত্বেও কাজ হয়নি। গোটা এলাকাজুড়ে ঝোপঝাড় থেকে জমা জলে গোটা এলাকা হয়ে উঠেছে ডেঙ্গির আঁতুড়ঘর। এলাকায় এডিস মশার লার্ভা সহ জলের নমুনা রেলের কর্মী-অফিসারদের সামনে নিজেই তুলে ধরেছিলেন কেএমসি-র ডেপুটি মেয়র। যার পরে ৪৮ ঘণ্টা সময়সীমা বেঁধে দেওয়ার পাশাপাশি, ডেপুটি মেয়র অতীন ঘোষের হুঁশিয়ারি, কাজ না হলে পুরসভাই কামারডাঙা রেল কলোনি পরিস্কার করে রেলের কাছে টাকা দাবি করবে।

## এবার খড়গপুরে ডেঙ্গি আক্রান্ত হয়ে মৃত্যু একজনের

পশ্চিম মেদিনীপুর, ২২ সেপ্টেম্বর (হি. স.) : রাজ্যে ফের ডেঙ্গি আক্রান্তের মৃত্যু। এবার পশ্চিম মেদিনীপুরের খড়গপুরে মৃত্যু হল ডেঙ্গি আক্রান্ত এক গৃহবধূর। খড়গপুর পুরসভার ৮ নম্বর ওয়ার্ডের খরিদার বাঙালি পাড়ার বাসিন্দা রংনিতা মল্লিক। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থাতেই মৃত্যু হল তাঁর।

পরিবার সূত্রে খবর, সোমবার থেকে জ্বরে ভুগছিলেন রংনিতা। রক্ত পরীক্ষায় ডেঙ্গি পজিটিভ আসে ওই গৃহবধূর। অবস্থার অবনতি হওয়ায় বুধবার তাঁকে খড়গপুরের মালঞ্চতে একটি নার্সিংহোমে ভর্তি করা হয়। পরে অবস্থার আরও অবনতি হলে মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়। গতকাল রাতে মৃত্যু হয় তাঁর। ডেঙ্গি শক সিনড্রমের কারণে হৃদযন্ত্র বিকল হয়ে মৃত্যু হয়েছে বলে দাবি মৃতার পরিবারের।

## প্রধানমন্ত্রীর নেতৃত্বে মহিলা ক্ষমতায়নে নেওয়া হয়েছে গুরুত্বপূর্ণ পদক্ষেপ : জে পি নাড্ডা

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে মহিলা ক্ষমতায়নে নেওয়া হয়েছে গুরুত্বপূর্ণ পদক্ষেপ। সংসদে মহিলা সংরক্ষণ বিল পাস হওয়া প্রসঙ্গে বললেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা। মহিলা সংরক্ষণ বিল পাস হওয়ার পর শুক্রবার সকালে দিল্লিতে বিজেপির সদর দফতরে প্রধানমন্ত্রী মোদীকে অভ্যর্থনা জানানো হয়। সেই অনুষ্ঠানে নাড্ডা বলেন, 'এটি আমাদের সকলের জন্য একটি অত্যন্ত ঐতিহাসিক মুহূর্ত। আমরা সবাই এই মুহূর্তের প্রত্যক্ষদর্শী হয়েছি, এটা আমাদের সৌভাগ্য। আমরা সবাই এই মুহূর্তটির জন্য দীর্ঘ সময়ের জন্য অপেক্ষা করছিলাম। দূরদর্শিতা, অটল সংকল্প এবং দৃঢ় অভিপ্রায় নিয়ে প্রধানমন্ত্রী 'নারী শক্তি বন্দন বিল' যথাসময়ে পাশ করিয়েছেন। এ জন্য আমরা তাকে অভিনন্দন জানাই।'

নাড্ডা বলেছেন, 'শুধু এই একটি নয়, নারীর ক্ষমতায়নের জন্য অনেক পদক্ষেপ নেওয়া হয়েছে। এর পাশাপাশি, প্রধানমন্ত্রী মোদীজিও গণতান্ত্রিক পদ্ধতিতে দেশের দীর্ঘদিনের অমীমাংসিত সমস্যার সমাধান করেছেন।' নাড্ডা আরও বলেছেন, 'প্রধানমন্ত্রী মোদীজি নারীর ক্ষমতায়নের জন্য অনেক কর্মসূচি পরিচালনা করেছেন। স্বচ্ছ ভারত অভিযানের অধীনে ১২ কোটি বোনকে ইজ্জত ঘর (শৌচাগার) দেওয়া হয়েছে। যে জন্য ইউনিসেফও প্রশংসা করেছে।

# ''আমাদের পুজো, আমরাই মুখ' যৌনকর্মীদের পুজোর থিম

কলকাতা, ২২ সেপ্টেম্বর (হি. স.) : এবার নিজেদের কথাই বলতে চান উত্তর কলকাতার দুর্গাচরণ মিত্র স্ট্রিট, অবিনাশ কবিরাজ স্ট্রিট, শেঠবাগান, রামবাগান গলির মেয়েরা। পুজোর থিমে তাই যৌনকর্মীদের সগর্ব ঘোষণা 'আমাদের পুজো, আমরাই মুখ।' কলকাতার পুজোয় বড় কমিটিগুলি থিমের সঙ্গে সঙ্গে ব্র্যান্ড অ্যাম্বাসাডর নিয়োগ করে। অভিনেতা, অভিনেত্রী থেকে মডেলরা সুযোগ পান। সেই দায়িত্বটাও নিজেদের হাতেই রাখতে চাইছেন যৌনকর্মীরা। নিজেরাই মডেল হিসাবে ফোটোশুটে অংশ নিয়েছেন।

যৌনকর্মীদের সংগঠন দুর্বার মহিলা সমন্বয় কমিটির যা পরিকল্পনা তাতে সোনাগাছির পুজোর হোর্ডিং দেখা যাবে কলকাতার বিভিন্ন জায়গায়। আর সেই হোর্ডিংয়ে দুর্গার সঙ্গে মুখ থাকবে পাড়ার মেয়েদেরই। সেই মেয়েদের মধ্যে রয়েছেন যৌনকর্মী তথা দুর্বারের সম্পাদক বিশাখা লস্কর।

তিনি বলেন, "যত যাই হোক, আমরা উৎসবের দিনেও আলাদাই থাকি। এ বার আমরা ঠিক করেছি, আমরাও অন্যদের মুখাপেক্ষী হয়ে থাকব না। আমরাই হয়ে উঠব পুজোর মুখ। একটি সংস্থার সাহায্যে শুটিংপর্ব মিটে গিয়েছে। হোর্ডিং, ব্যানার তৈরি হচ্ছে। কিছু দিনের মধ্যেই কলকাতার বিভিন্ন জায়গায় লাগানো হবে।"

প্রসঙ্গত, বিশাখা নিজেও মুখ হিসাবে থাকছেন দুর্গাপুজোর হোর্ডিংয়ে।

কলকাতার শারদীয় উৎসবের সঙ্গে 'লাল রঙের পাড়া' সোনাগাছির যোগ অনেক দিনের। এ বার যৌনকর্মীদের পুজোর বয়স ১১ বছর। শেষ কয়েক বছর ধরে থিমও ঢুকেছে সোনাগাছির পুজোয়। কিন্তু প্রতি বারই একটা সামাজিক বার্তা দেওয়ার ভাবনা থাকে পুজোর আয়োজক। এবার তাঁদের ভাবনায় অনেকেরই নজর পড়বে বলে বিশ্বাস উদ্যোক্তাদের।

## বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের ছাত্রকে অপহরণের অভিযোগ

বীরভূম, ২২ সেপ্টেম্বর (হি. স.) : বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের ছাত্রকে অপহরণের অভিযোগ উঠল। কয়েক জন অজ্ঞাতপরিচয় দুষ্কৃতী ওই ছাত্রকে অপহরণ করেছে অভিযোগ। বোলপুর থানায় অভিযোগ দায়ের করেছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। পুলিশ সূত্রে খবর, এই ঘটনায় অভিযোগ দায়ের করা হয়েছে। তদন্ত শুরু করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে খবর, ওই ছাত্রর বাড়ি মায়ানমারে। বিশ্বভারতীর সংস্কৃত বিভাগের পিএইচডি স্কলার ফাইনাল ইয়ারের ছাত্র। কী কারণে তাঁকে অপহরণ করা হল, তা এখনও স্পষ্ট নয়। ওই ছাত্রের নাম পান্না।

শান্তিনিকেতনের ইন্দিরা পল্লি এলাকায় একটি ভাড়া বাড়িতে থাকতেন ছাত্র। ওই বাড়িতে তাঁর এক বন্ধুও থাকতেন। জানা গিয়েছে, বৃহস্পতিবার দুপুরে সাত-আট জন দুষ্কৃতী গাড়ি নিয়ে ওই বাড়িতে চড়াও হয়। ইন্দিরা পল্লি এলাকায় কয়েকটি বাড়িতে প্রথমে ছাত্রের ছবি নিয়ে খোঁজ শুরু করেন দুষ্কৃতীরা। তার পর ছাত্রটিকে খুঁজে পান তাঁরা। ছাত্রটিকে গাড়িতে তুলে নিয়ে চম্পট দেন দুষ্কৃতীরা। ছাত্রের ফোনও হাতানো হয় বলে অভিযোগ।

বৃহস্পতিবার সন্ধ্যায় ঘটনাটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নজরে আনেন ছাত্রের বন্ধু। তার পরই নড়েচড়ে বসেন বিশ্বভারতী কর্তৃপক্ষ। থানায় মেল করে অভিযোগ দায়ের করা হয়েছে। এই ঘটনার নেপথ্যে অপহরণ না কি অন্য কোনও কারণ রয়েছে, তা খতিয়ে দেখা হচ্ছে বলে পুলিশ সূত্রে খবর।

# ভারত-বাংলাদেশ ফ্রেন্ডলি ফুটবল ম্যাচ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।।** পর্যটন দিবসকে সামনে রেখে বিশেষ আয়োজন ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের। ভারত-বাংলাদেশ ফ্রেন্ডলি ফুটবল ম্যাচ হতে যাচ্ছে চট্টগ্রাম স্পোর্টস জার্নালিস্ট ক্লাব ও ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের মধ্যে। প্রস্তুতিপর্ব চূড়ান্ত। প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশ থেকে চট্টগ্রাম স্পোর্টস জার্নালিস্ট ক্লাবের সাংবাদিক ফুটবলারদের টিম ২৬শে সেপ্টেম্বর আগরতলায় পৌঁছুবে। এদিকে, ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের ফুটবল টিমও যথারীতি অনুশীলনে ব্যস্ত। চট্টগ্রাম সাংবাদিকদের টিম তিন দিনের আগরতলা সফরকালে বেশ কিছু পর্যটন কেন্দ্র পরিদর্শন, প্রীতি ফুটবল ম্যাচ সহ মতবিনিময় সভাও অনুষ্ঠিত হবে। আজ, শুক্রবার দুপুরে প্রেস ক্লাবের কনফারেন্স হলে ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের কার্যকরী কমিটির এক বিশেষ বৈঠকে এ বিষয়ে চূড়ান্ত রূপরেখা তৈরি করা হয়। বৈঠকে ইউনিয়নের এক্সিকিউটিভ এডভাইজর সৈয়দ সাজ্জাদ আলী, সভাপতি প্রণব সরকার, সেক্রেটারি জেনারেল অলক ঘোষ প্রমুখ উপস্থিত ছিলেন। বৈঠক শুরুতে সম্পাদক সন্তোষ গোপ সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানান। যুগ্ম সম্পাদক অভিষেক দে আসন্ন আন্তর্জাতিক মৈত্রী সমন্বয় অনুষ্ঠানের পূর্ণাঙ্গ রূপরেখা তুলে ধরেন। প্রত্যেকের সহযোগিতায় অনুষ্ঠান সাফল্যমন্ডিত করে তোলার আহ্বান জানানো হয়।

## গৃহবধূ

● আটের পাতার পর

এর আকাশে বাতাসে উনার স্বামী আত্মীয়-স্বজন কান্নাভেঙ্গে পড়েন হসপিটাল চত্বরে। ঘটনার বিবরণ আমরা জানতে পারলাম যে রত্না বেগম এবং শিক্ষিতা গৃহবধূ, চার বছরের একটি শিশুকন্যা রয়েছে। উনি টি আর এম এল এর অধীনে ব্যাংক সখীর কাজে নিয়োজিত। সংসারে প্রায় সময় শাশুড়ি এবং স্বামী স্ত্রীর মধ্যে কলহ হতো।সংসারের কল হওয়ার কারণেই রত্না বেগমের মৃত্যু বলে প্রতিবেশী থেকে জানা গেল। আজ আড়াইটা নাগাদ হাসপাতালে মৃত্যু হয়েছে বলে ডাক্তার জানিয়েছেন। এই মৃত্যু খবর থানাতে দেওয়ার পর থানা কর্তৃপক্ষ পুলিশি ময়না তদন্ত শুরু করেছেন। রত্না বেগমের মৃত্যুতে গোটা এলাকা শোকের ছায়া নেমে এসেছে। পুলিশ একটি আত্মার মামলা গ্রহণ করেছে।

## মহিলার

● আটের পাতার পর

১ম শান্তিরবাজার জেলা হাসপাতালে নিয়ে আসলে সেখানে কর্তব্যরত চিকিৎসক মহিলাকে চিকিৎসা করার সময় মহিলা মৃত্যুর মুখে ঢলে পরে। মহিলার মৃতদেহ ময়নাতদন্তের পর পরিবারের লোকজনদের হাতে তুলে দেওয়া হয়েছে। মহিলার অস্বাভাবিক মৃত্যুতে সমগ্র এলাকা জুড়ে শোকের ছায়া নেমে এসেছে। মৃত্যুর সঠিক কারন জানতে তদন্তে নেমেছে শান্তির বাজার থানার পুলিশ।

## উদ্যোগ

● প্রথম পাতার পর


সম্মেলনে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান জানান, রাজ্যের শিল্পের উন্নয়ন ও প্রসারে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আন্তরিক। সম্প্রতি মুখ্যমন্ত্রী রাজস্থানে এগিয়ে শিল্প উদ্যোগীদের রাজ্যে শিল্প স্থাপন ও বিনিয়োগে আহ্বান জানিয়েছেন। আগামী ২৯ সেপ্টেম্বর আরকেনগর শিল্প নগরীতে একটি আগরবাতি কারখানার উদ্বোধন হবে। সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের এমডি বিশ্বশ্রী বি এবং ওএসডি বিনয়ভূষণ দাস উপস্থিত ছিলেন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# গণপতি বাপ্পা দর্শনে মুম্বই সফরে যাচ্ছেন অমিত শাহ

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর (হি.স.): গণেশ উৎসবে যোগদান করতে শনিবার (২৩ সেপ্টেম্বর) মুম্বই সফরে যাবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। আগামীকাল দুপুর ২টায় মুম্বই বিমানবন্দরে পৌঁছানোর পর অমিত শাহ বিকাল ৩ টায় লালবাগের রাজাকে দেখতে যাবেন। এরপর তিনি মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে বাপ্পাকে দর্শন করবেন।

এরপর সাড়ে ৫টায় মুম্বই বিশ্ববিদ্যালয়ের লক্ষ্মণ রাও ইনামদার মেমোরিয়াল স্মারক বক্তৃতায় যোগ দেবেন এবং ৭টায় দিল্লির উদ্দেশে রওনা দেবেন। মুম্বই বিশ্ববিদ্যালয় এবং সহকার ভারতী আয়োজিত লক্ষ্মণ রাও ইনামদার মেমোরিয়াল স্মারক বক্তৃতার কথা অমিত শাহ তাঁর নিজের এক্স (টুইটার) হ্যান্ডেলে শেয়ার করেছেন।

# বাঁকুড়ায় ডেঙ্গুর বাড়বাড়ন্ত উদ্বেগ জেলা জুড়ে

বাঁকুড়া, ২২ সেপ্টেম্বর (হি. স.) : বাঁকুড়া জেলা জুড়ে ডেঙ্গুর বাড়বাড়ন্তে সর্ব স্তরে উদ্বেগ ছড়িয়ে পড়েছে। স্বাস্থ্য দফতর সূত্রে জানা গেছে জেলায় এখনও পর্য্যন্ত ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা ২৭৭। এরমধ্যে বাঁকুড়া পৌর এলাকায় ডেঙ্গুর প্রাদুর্ভাব বেশী। স্বাভাবিক ভাবেই বিরোধীরা নিশানা করেছেন পৌর প্রশাসনকে।

অভিযোগ, তাদের উদাসীনতার কারণেই ডেঙ্গুর বাড়বাড়ন্ত। বাঁকুড়ার বিজেপি বিধায়ক নিলাদ্রীশেখর দানা তীব্র সমালোচনা করে বলেন পৌরসভা ডেঙ্গু মোকাবিলায় সম্পূর্ন ভাবে ব্যর্থ। এলাকার নর্দমা পরিষ্কার করা হচ্ছে না। ফলে নর্দমার জল জমে থাকছে এবং এই জমা জলে মশার লার্ভা জন্মাচ্ছে। তার অভিযোগ পুর এলাকার পাশাপাশি প্রতিটি ব্লক থেকে ডেঙ্গুর সংক্রমণ বৃদ্ধি পাওয়ার খবরেও তা দমন করার উদ্যোগ সেভাবে চোখে পড়ছে না। আসলে পুর প্রশাসন থেকে পঞ্চায়েত সমিতি ও পঞ্চায়েত গুলিও উদাসীন। তারা কেবল কল্পিত উন্নয়ন নিয়েই মশগুল।জেলা কংগ্রেসের কার্যকরী সভাপতি অরূপ ব্যানার্জি বলেন, পৌরসভার সময় কোথায় এসব পর্য্যবেক্ষণ করার। তারা নিজেদের ঢাক পেটাতেই ব্যস্ত। বিরোধীদের এই সব অভিযোগের জবাবে পৌর প্রধান অলকা সেন মজুমদার বলেন আমাদের প্রত্যেক কাউন্সিলর প্রতিটি ওয়ার্ডে সজাগ দৃষ্টি রেখে চলেছেন। তারা পুর নাগরিকদের সচেতন করছেন। তবু কিছু এলাকার মানুষ এখনও সচেতন হচ্ছে না। তবে পুরকর্মীরা ডেঙ্গু মোকাবিলায় নিরলস ভাবে কাজ করছেন। বিরোধীদের কাজই হলো সমালোচনা করা।

এদিকে ডেঙ্গুর মারাত্মক প্রভাব সম্বন্ধে সতর্ক বার্তা শুনিয়েছেন ক্ষুদে পড়ুয়ারা। বাঁকুড়ার জঙ্গলমহলের চাতরী নিম্ন বুনিয়াদী আবাসিক স্কুলের ছাত্র ছাত্রীরা শুক্রবার চাতরী, মানহারা সহ স্কুল লাগোয়া পার্শবর্তী গ্রামগুলিতে সচেতনতা র‍্যা লি বের করে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক উত্তম মন্ডল জানান, ছাত্রছাত্রীরা বাড়ি বাড়ি গিয়ে বোঝাচ্ছেন এডিস মশা হচ্ছে ডেঙ্গুর বাহক। আর এই এডিস মশার জন্ম হয় পরিষ্কার জমা জলে। তাই বাড়িতে বা বাড়ির আশপাশে যাতে জল জমে না থাকে সেদিকে নজর রাখতে হবে। বাড়ি সংলগ্ন ঝোপঝাড় পরিষ্কার করা, রাতে মশারি ছাড়া না ঘুমানো ইত্যাদি বিষয়ে প্রত্যেক বাড়ি বাড়ি গিয়ে সচেতন করছে পড়ুয়ারা বলে জানান।

# সরকারের সদিচ্ছা থাকলে দ্রুততম সময়েই প্রতিশ্রুতি পূরণ সম্ভব : রাণা দাশগুপ্ত

কলকাতা, ২২ সেপ্টেম্বর (হি. স.) : সরকারি দলের নির্বাচনী ইশতেহারে সংখ্যালঘু স্বার্থবান্ধব প্রতিশ্রুতিসমূহ বাস্তবায়নের দাবিতে শুক্রবার কেন্দ্রীয় শহীদ মিনারে ৪৮ ঘণ্টা গণঅনশন ও গণঅবস্থান শুরু করল বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ।এক প্রেস বিজ্ঞপ্তিতে পরিষদের তরফে জানানো হয়েছে, "সরকারি দলের বিগত নির্বাচনী ইশতেহারে সংখ্যালঘু স্বার্থবান্ধব প্রতিশ্রুতিসমূহ অবিলম্বে বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক এ্যাড. রাণা দাশগুপ্ত। শুক্রবার ভোর ৬টা থেকে রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে শুরু হওয়া ৪৮ ঘণ্টার গণঅনশন ও গণঅবস্থান কর্মসূচি চলাকালে আয়োজিত এক প্রেস ব্রিফিং থেকে তিনি এই আহ্বান জানান।প্রেস ব্রিফিংয়ে এ্যাড. রাণা দাশগুপ্ত বলেন, আমাদের দেওয়ালে পিঠ ঠেকে গেছে বলেই বাধ্য হয়ে আমরা ৪৮ ঘণ্টার অনশনে বসেছি। আমরা আশা করতে চাই, বাংলাদেশের সকল রাজনৈতিক দলের নেতৃবৃন্দ শহীদ মিনারে এসে আমাদের অনশনের সাথে সংহতি জানাবেন।এ্যাড. দাশগুপ্ত শারদীয় দুর্গাপূজার আগে প্রতি বছরের মতো এবারও মূর্তি ভাঙ্গা শুরু হয়ে গেছে বলে উল্লেখ করে বলেন, ২০২১ সালের শারদ সন্ত্রাসের সময় গ্রেফতার হওয়া সহিংসতার সূচনাকারী কুমিল্লার ইকবালকে যদি পাগল না সাজিয়ে যথাযথ বিচার ও সাজার মুখোমুখি করা হতো, তাহলে এতো মূর্তি ভাঙ্গা, মন্দির ভাঙ্গার ঘটনা আমাদের দেখতে হতো না। আমরা ইতোমধ্যেই স্বরাষ্ট্রমন্ত্রীর সাথে সাক্ষাৎ করে শারদীয় দুর্গাপূজার সময় ও পূজার আগে-পরে নিরাপত্তার প্রশ্নে সতর্ক থাকার আহ্বান জানিয়েছি।আসন্ন দুর্গাপূজার সময় কোনো রাজনৈতিক কর্মসূচি না দেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, যে রাজনৈতিক দল আমাদের এই আহ্বানে সাড়া দেবেন না, আমরা তাদের বন্ধু মনে করবো না। প্রেস ব্রিফিংয়ে রাণা দাশগুপ্ত সাড়ে চার বছরের বেশি সময়েও নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন না করায় ক্ষোভ প্রকাশ করে বলেন, আরেকটি সংসদ নির্বাচন দোরগোড়ায় এসে গেলেও বিগত নির্বাচনী অঙ্গীকার পূরণ না করা দুর্ভাগ্যজনক। সদিচ্ছা থাকলে আগামী মাসে সংসদের শেষ অধিবেশনে এবং কিছু নির্বাহী আদেশে দ্রুততম সময়ে এসব অঙ্গীকার পূরণ করা সম্ভব।প্রেস ব্রিফিংয়ে এ্যাড. দাশগুপ্ত জানান, চলতি অনশন কর্মসূচির পরে সরকারের পদক্ষেপ পর্যবেক্ষণ করে আগামী ৬ অক্টোবরের সোহরাওয়ার্দী উদ্যানের মহসমাবেশ থেকে পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে।

# কুনুর ব্রীজ সংস্কারে বন্ধ থাকবে পানাগড়-ইলামবাজার রাজ্য সড়ক

দুর্গাপুর, ২২ সেপ্টেম্বর (হি. স.) : নামের বিভ্রাট। আর তাতেই বিভ্রান্তি। মেরামতের কাজে বন্ধ থাকবে জাতীয় সড়ক! এরকমই নাম বিভ্রাটের এক ভুয়ো পোস্টার ভাইরাল হয়েছে সোশ্যাল সাইটে। আর তাতে বিভ্রান্ত ছড়িয়েছে রাজ্যজুড়ে। তবে ১৯ নং জাতীয় সড়ক নয়, কুনুর ব্রীজ মেরামতের কাজে পাঁচদিন যান চলাচল বন্ধ থাকবে পানাগড় -ইলামবাজার রাজ্য সড়ক। এমনই নির্দেশিকা দিয়েছে পশ্চিম বর্ধমান জেলা প্রশাসন।প্রসঙ্গত, দীর্ঘদিন ধরে বেহাল অবস্থায় পানাগড় -ইলামবাজার ১৪ নং রাজ্য সড়কের ওপর কুনুর সেতু। লোহার পাত দিয়ে কোনভাবে ঠেকানো রয়েছে। আর তার ওপর দিয়ে চলছে বালি ও পাথার বোঝাই ভারী যানবাহন। তাতে ক্রমশ দুর্বল হয়ে পড়ছে ওই সেতু। অবশেষে ওই দুর্বল সেতু সংস্কারের উদ্যোগ নিল পশ্চিম বর্ধমান জেলা প্রশাসন। সংস্কারের জন্য পাঁচদিন কুনুর সেতুর ওপর দিয়ে যান চলাচল আপাতত বন্ধ রাখার নির্দেশিকা জারি করেছে জেলা প্রশাসন। নির্দেশিকায় জানানো হয়েছে, ওই সেতুর ওপর দিয়ে আগামী ২৬ সেপ্টম্বর থেকে ৩০ সেপ্টেম্বর যান চলাচল বন্ধ থাকবে। আর তাতেই ধন্দে পড়েছে শিল্পাঞ্চলবাসী। গুরুত্বপুর্ন ওই সড়কটি দক্ষিনবঙ্গ থেকে উত্তরবঙ্গ যাওয়ার অন্যতম সড়ক। কোলকাতা, শিলিগুড়ি, মালদা, মুর্শিদাবাদগামী সরকারি বেসরকারী বাস যাতায়াত যেমন করে। তেমনই পণ্যপরিবহনের গুরুত্বপুর্ন সড়ক। তবে পণ্য পরিবহনের ও ছোট গাড়ী যাতায়াতের বিকল্প রুট আপাতত জানিয়ে দেওয়া হয়েছে বিজ্ঞপ্তিতে। উত্তরবঙ্গ থেকে কলকাতা গামী বাস ছোট গাড়ী ইলামবাজারের পর ১১ মাইল মোড় থেকে গুসকরা রুট এনএইচ-টুবি ধরে বর্ধমান নবাবহাটের কাছে ১৯ জাতীয় সড়কে উঠবে। এবং পণ্য পরিবাহী গাড়ী এনএইচ -৬০ রুটি দুবরাজপুর, ভীমগড়, পান্ডবেশ্বর দিয়ে রানীগঞ্জ পাঞ্জাবী মোড়ে ১৯ নং জাতীয় সড়কে উঠবে। এছাড়াও দুর্গাপুর থেকে মুচিপাড়া -শিবপুর রোড দিয়ে মলানদীঘি থেকে রঘুনাথপুর মোড়ে উঠবে।

# বারুইপুর থেকে আগ্নেয়াস্ত্র সহ গ্রেফতার এক দুষ্কৃতী

বারুইপুর, ২২ সেপ্টেম্বর (হি. স.) : গোপন সূত্রে খবর পেয়ে আগ্নেয়াস্ত্র সহ এক দুষ্কৃতিকে গ্রেফতার করল দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর থানার পুলিশ। ধৃতের নাম মোহাম্মদ সোহেল ওরফে প্রেম চোপড়া। বৃহস্পতিবার রাতে বারুইপুর থানার মল্লিকপুর এলাকা থেকে গ্রেফতার করা হয় অভিযুক্তকে।

ধৃতের কাছ থেকে উদ্ধার হয়েছে একটি বন্দুক, এক রাউন্ড গুলি ও দুটি মোবাইল ফোন। এলাকায় সন্ত্রাস করার জন্যই সে আগ্নেয়াস্ত্র মজুত করেছিল বলেই পুলিশ প্রাথমিক ভাবে জানতে পেরেছে। এর আগেও একাধিক অভিযোগ জেলার বিভিন্ন থানায় রয়েছে এই অভিযুক্তের বিরুদ্ধে। ধৃতকে গ্রেফতার করে নিয়ে আসার সময় অভিযুক্তের পরিবারের সদস্যরা বাধা দেওয়ায় এই ঘটনায় আরও এক মহিলাকে গ্রেফতার করেছে পুলিশ। বারুইপুরের এসডিপিও অতিশ বিশ্বাস বলেন, " বারুইপুর সহ জেলার বিভিন্ন থানায় আগে থেকেই এর বিরুদ্ধে নানা অপরাধমূলক কাজের অভিযোগ রয়েছে। বৃহস্পতিবার রাতে গোপনসূত্রে খবর পেয়েই পুলিশকর্মীরা তল্লাশি চালিয়ে একে গ্রেফতার করেছে।" ধৃতকে এদিন বারুইপুর মহকুমা আদালতে তোলা হলে বিচারক তিন দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছেন।

# শতাধিক ত্রাণ সামগ্রীর প্যাকেট উদ্ধার

জয়নগর, ২২ সেপ্টেম্বর (হি. স.) : জয়নগর থানার হাসিমপুর এলাকায় রাস্তার ধারে একটি গোডাউন থেকে দুর্গত মানুষদের জন্য দেওয়া রাজ্য সরকারের শতাধিক ত্রাণ সামগ্রীর প্যাকেট উদ্ধারের ঘটনায় উত্তেজনা তৈরি হয় শুক্রবার দুপুরে।জানা যায়, ২০২০ সালে লকডাউন চলাকালীন আমফান নামক ঘূর্ণি ঝড় আছড়ে পড়েছিল। সেই ঝড়ে দক্ষিণ ২৪ পরগনার জেলার সুন্দরবনসহ বিস্তীর্ণ এলাকা লন্ডভন্ড হয়ে গিয়েছিল। সেই সময় রাজ্য সরকারের বিপর্যয় ব্যবস্থাপন ও অসামরিক প্রতিরক্ষা দফতরের পক্ষ থেকে দুর্গত মানুষদের জন্য একটি ত্রাণ সামগ্রীর প্যাকেট পৌঁছে দেওয়ার ব্যবস্থা করে। যার মধ্যে আছে একটি স্টোভ, কড়া, ডেচকি, বালতি, জগ ও মগ সহ একটি সংসারের নিত্য প্রয়োজনীয় নানান জিনিসপত্র। এদিন প্রায় তিন বছর পর জয়নগর ১ নম্বর ব্লকের বহরু গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত হাচিমপুরে রাস্তার ধারে একটি গোডাউন থেকে রাজ্য সরকারের লেবেল সাটা সেই শতাধিক ত্রাণ সামগ্রীর প্যাকেট ভ্যানে করে পাচার করা হচ্ছিল। গ্রামের মহিলাদের সন্দেহ হতেই তারা আটকে দেয় সেই ভ্যান।

গ্রামের মানুষের প্রশ্ন, আমফান ঝড়ের সময় দুর্গত মানুষদের জন্য দেওয়া সরকারি এই জিনিসপত্র গুলি এই গোডাউনে কে বা কারা কেন রেখেছিল এবং এখন এগুলি কোথায় পাঠানো হচ্ছে ? দুর্গত মানুষদের জন্য রাজ্য সরকারের দেওয়া এই জিনিসগুলি আটকে দিয়ে গ্রামবাসীরা খবর দেয় জয়নগর থানায়। খবর পেয়ে ঘটনাস্থলে আসে জয়নগর থানার পুলিশ। ততক্ষণে এলাকায় উত্তেজনা চরম পর্য্যায়ে পৌঁছায়। দুর্গত মানুষদের জন্য প্রাপ্য সরকারি জিনিস কে বা কারা এভাবে মজুত করে রেখেছিল এবং কোথায় পাচার করা হচ্ছিল সে ব্যাপারে তদন্ত শুরু করেছে জয়নগর থানার পুলিশ।

# অমৃত কলস হাইলাকান্দিতে ঘরে ঘরে মাটি সংগ্রহ শুরু

হাইলাকান্দি (অসম) ২২ সেপ্টেম্বর (হি.স.) : হাইলাকান্দি জেলায় মেরি মাটি মেরা দেশ কার্যসূচির আওতায় অমৃত কলস যাত্রায় ঘরে ঘরে এক মুষ্টি মাটি সংগ্রহ শুরু হয়েছে। জেলার এস এইচ জি-র সদস্যরা বাড়ি বাড়ি গিয়ে এই মাটি সংগ্রহ করছেন। তবে হাইলাকান্দি ও লালা পুরসভায় যাদের বাড়িতে মাটি নেই তাদের ক্ষেত্রে এক মুঠি চাল সংগ্রহ করা হচ্ছে। এই সংগ্রহের সময় এসএইচজির সদস্যরা পঞ্চ প্রাণের শপথ পাঠ করাচ্ছেন। এদিকে জেলা প্রশাসন থেকে প্রচারিত এক আবেদনে জেলার সব বাড়ির গৃহকর্তাকে এই কাজে সহযোগিতা করার আবেদন জানানো হয়েছে। প্রসঙ্গত এই একমুঠি মাটি বা চাল সংগ্রহ করে সংশ্লিষ্ট গাঁও পঞ্চায়েত অফিসে রাখা হবে।

# রোহিঙ্গা সঙ্কট নিয়ে ফের সরব বাংলাদেশের প্রধানমন্ত্রী

ঢাকা, ২২ সেপ্টেম্বর (হি.স.) : রোহিঙ্গা সঙ্কটের চেয়ে ইউক্রেন-রাশিয়া যুদ্ধকে বিভিন্ন দেশের রাষ্ট্রনেতা এবং আন্তর্জাতিক সংগঠনগুলি বেশি গুরুত্ব দিচ্ছে বলে অভিযোগ বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার। বাংলাদেশের প্রধানমন্ত্রী রোহিঙ্গা সংকটের একটি স্থায়ী সমাধানেরও দাবি তুলে তিনি বলেন, রোহিঙ্গা সঙ্কটের স্থায়ী সমাধান থেকে বিশ্ব নজর সরিয়ে নিয়েছে। নিরাপত্তা পরিষদ ও সাধারণ পরিষদের প্রস্তাব বাস্তবায়নের দাবিও জানিয়েছেন তিনি।

রাষ্ট্রসংঘ সাধারণ পরিষদের ৭৮তম অধিবেশনে রাষ্ট্রসংঘ সদর দফতরে রোহিঙ্গা সঙ্কট নিয়ে এক উচ্চ পর্য্যায়ের অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানের পরিচালনার দায়িত্ব পালন করেন বাংলাদেশের বিদেশমন্ত্রী ড. একে আব্দুল মোমেন। রোহিঙ্গাদের নিজ মাতৃভূমি মায়ানমারে ফিরিয়ে দিতে সম্মিলিত প্রচেষ্টা আরও বহুগুণ বাড়াতে বৈশ্বিক সম্প্রদায় বিশেষ করে আশিয়ান সদস্য দেশগুলোর প্রতি আহ্বান জানান শেখ হাসিনা। রোহিঙ্গা সঙ্কটের স্থায়ী সমাধানে বিশ্বের সামনে চারটি প্রস্তাব তুলে ধরে বাংলাদেশের প্রধানমন্ত্রী বলেছেন, "মায়ানমার থেকে উদ্ভূত এই (রোহিঙ্গা) সমস্যার স্থায়ী সমাধান নিশ্চিত করতে সম্মিলিত প্রচেষ্টা আরও বহুগুণ বাড়াতে হবে।" প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর প্রথম ও দ্বিতীয় প্রস্তাবে বলেন, "আমি বিশ্ব সম্প্রদায়ের কাছে আহ্বান জানাচ্ছি, তারা যেন বিষয়টি সমাধান করে এবং এই দুর্দশাগ্রস্ত ও অসহায় মানুষের জীবনধারণের জন্য মানবিক প্রচেষ্টা অব্যাহত রাখে।" তৃতীয় প্রস্তাবে তিনি বলেন, "এই জাতিগত সংখ্যালঘুদের বিরুদ্ধে ক্রমাগত, ঘৃণ্য নৃশংসতাকারী অপরাধীদের জবাবদিহি নিশ্চিত করে আইনি প্রক্রিয়া অনুসরণ করতে হবে।"শেখ হাসিনা বলেন, "রোহিঙ্গাদের বাড়িঘর জ্বালিয়ে দেওয়া এবং পরিবারের সদস্যদের প্রতি নির্মম হত্যাকাণ্ডের কারণে ১০ লাখ মানুষ বাংলাদেশে পালিয়ে আসে। এরপর থেকে আমরা আমাদের মাটিতে তাদের আশ্রয় এবং তাদের মৌলিক ও মানবিক সেবা দিয়ে আসছি।"ইস্যুটি এখন স্থবিরতার পর্যায়ে পৌঁছেছে বলেও মনে করেন তিনি। এ নিয়ে তিনি বলেছেন, "গত ছয় বছরে একজনও বাস্তুচ্যুত রোহিঙ্গা মায়ানমারে তাদের বাড়িতে ফিরে যেতে পারেনি। বাংলাদেশে দীর্ঘ উপস্থিতি তাদের আরও হতাশার দিকেই ঠেলে দিচ্ছে।"

# নাবালিকাকে অপহরণেরর অভিযোগে সাজা ঘোষণা আদালতের

ঝাড়গ্রাম, ২২ সেপ্টেম্বর (হি. স.) : স্কুল যাওয়ার সময় এক নাবালিকাকে অপহরণ করার অভিযোগ আট বছর পর এক ব্যক্তিকে দোষী সাব্যস্ত করে সাজা ঘোষণা করল আদালত। এই ঘটনায় অভিযুক্ত আরও দুই ব্যক্তিকে বেকসুর খালাস দেন বিচারক।

জানা গিয়েছে ২০১৫ সালের ৩ মার্চ বেলিয়াবেড়া থানার এলাকার এক নাবালিকা স্কুলে যাওয়ার নিখোঁজ হয়ে যায়। পরে ৪ মার্চ বেলিয়াবেড়া থানায় দেবাশীষ পড়িয়া, স্বপন পড়িয়া ও সাবিত্রী পড়িয়ার বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন নাবালিকার পরিবারের লোকজনেরা। পরে মূল অভিযুক্ত দেবাশীষ পড়িয়্যার মামা বাড়ি কেশিয়াড়ী থেকে নাবালিকাকে উদ্ধার করেন পুলিশ। পরে ২৮ আগস্ট ২০১৫ সালে তিন জনের নামে চার্জশিট পেশ করেন। এবং অভিযুক্ত ব্যক্তিরা আগাম জামিনে মুক্তি পেয়েছিলেন। এরপর দীর্ঘ ৯ বছর ধরে মামলা চলার পর ৭ জনের সাক্ষ্য গ্রহনের পর বৃহস্পতিবার ঝাড়গ্রাম জেলা এডিশনাল ডিস্ট্রিক্ট জার্জ অভিযুক্ত ব্যক্তিকে দোষী সাব্যস্ত করে নিজেদের হেপাজতের নেয়। শুক্রবার তার তিন বছরের সাজা ও দশ হাজার টাকা জরিমানা করেন। অনাদায়ে আরও তিন মাসের সাজা ঘোষণা করেন আদালত।

# কর ফাঁকির অভিযোগে নানা অফিসে হানা আয়কর দফতরের

নয়াদিল্লি, ২২ সেপ্টেম্বর (হি.স.) : কর ফাঁকি দেওয়ার অভিযোগ উঠল লাক্স ইন্ডাস্ট্রিজের বিরুদ্ধে। ২০০ কোটি টাকা কর ফাঁকির অভিযোগে শুক্রবার লাক্সের শীর্ষ দফতর কলকাতা-সহ দেশের বিভিন্ন প্রান্তে সংস্থার বিভিন্ন অফিসে তল্লাশি চালাচ্ছে আয়কর দফতর। সংস্থার শীর্ষ আধিকারিকদের বাড়িতেও তল্লাশি চালানোর কথা জানা যাচ্ছে। যার ধাক্কায় ৩ শতাংশ শেয়ার পড়ল লাক্সের।শুক্রবার লাক্সের সদর দফতরে হানা দেয় আয়কর দফতর। এছাড়াও দেশের বিভিন্ন শহরে সংস্থার নানা অফিসে তল্লাশি চালানো হচ্ছে। পাশাপাশি সংস্থার শীর্ষ আধিকারিকদের বাড়ি ও অফিসেও চলছে তল্লাশি। সংস্থার তরফে এই তল্লাশির বিষয়টি নিশ্চিত করা হয়েছে। সেই সঙ্গে সংস্থার তরফে জানানো হচ্ছে, তারা পূর্ণ সহযোগিতা করছে।এদিকে, আয়কর হানার জেরে এক ধাক্কায় রাতারাতি ৩ শতাংশ শেয়ার পড়ে গিয়েছে লাক্সের। সংস্থার মোট লাভ ৫৭ শতাংশ কমে ৪৪ কোটিতে পৌঁছেছে ২০২৩-২৪ অর্থবর্ষের প্রথম ত্রৈমাসিকের হিসেবে।

# ডেঙ্গিতে মৃত্যু প্রৌঢ়ের, উদ্বেগ

কলকাতা, ২২ সেপ্টেম্বর (হি. স.) : রাজ্যে বাড়ছে ডেঙ্গি ও মৃতের সংখ্যা আক্রান্তের সংখ্যা। বিধাননগরে ডেঙ্গি আক্রান্ত এক প্রৌঢ়ের মৃত্যু হয়েছে।গত ১৫ সেপ্টেম্বর জ্বর নিয়ে বাইপাসের ধারে বেসরকারি হাসপাতালে ভর্তি হয়েছিলেন পিনাক সরকার। বৃহস্পতিবার রাতে সল্টলেকের এ-ই ব্লকের ৬৬ বছরের এই বাসিন্দা মারা যান। তাঁর মৃত্যুর শংসাপত্রে ডেঙ্গি শক সিনড্রোমের উল্লেখ রয়েছে।খড়্গপুরে ও ঘাটালে আরও দুই মহিলারও মৃত্যু হয়েছে। বেসরকারি মতে গত ২৪ ঘণ্টায় এই ৩ মৃত্যুর জেরে রাজ্যের ডেঙ্গিতে মৃতের সংখ্যা পৌঁছে গেল ৩৯-এ।প্রসঙ্গত, চিকিৎসক সুমন পোদ্দার জানাচ্ছেন, ২ টো জিনিস দেখতে পাচ্ছি। ডেঙ্গি মানেই যে গাঁটে গাঁটে ব্যথা, ব্রেক বোন ফিভার বলতাম যাকে। এবার ব্যথা নেই দেখা যাচ্ছে। আগে আমরা জানতাম একটা বাচ্চা সর্দি-কাশি নিয়ে আসছে। আমরা ধরে নিতাম ডেঙ্গি নয় ফ্লু। এবার পরে পরীক্ষা করে দেখা যাচ্ছে ডেঙ্গি। যা নিয়ে উদ্বেগ ঘিরে চিকিৎসক জয়দেব রায় বলেছেন, বাড়িতে থেকে সময় নষ্ট করবেন না। জ্বর হলেই ডেঙ্গি পরীক্ষা করতে হবে। সিচুয়েশন হাতের বাইরে চলে গেলে আর কিছু করার থাকবে না।

# স্কিল ডেভেলপমেন্ট দুর্নীতিতে আরও দুদিনের হেফাজত বাড়ল চন্দ্রবাবু নায়ডুর

অমরাবতী, ২২ সেপ্টেম্বর (হি.স.): স্কিল ডেভেলপমেন্ট মামলায় গ্রেফতার হওয়া অন্ধ্রপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও টিডিপি প্রধান এন চন্দ্রবাবু নায়ডুর জেল হেফাজতের মেয়াদ বাড়ানো হল আরও দু""দিন। শুক্রবার অন্ধ্রপ্রদেশের এসিবি কোর্টের তরফে বাড়ানো হয় প্রাক্তন মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নায়ডুর হেফাজতের মেয়াদ।

সেপ্টেম্বরের ৯ তারিখে বাসভবন থেকে গ্রেফতার করা হয় চন্দ্রবাবু নায়ডুকে। স্কিল ডেভলপমেন্টের দুর্নীতিতে ৩০০ কোটি টাকা সরকারের ক্ষতি হয় বলে জানা গিয়েছে। এ বিষয়ে সিআইডি তাঁকে গ্রেফতার করে। শুক্রবার বিজয়ওয়াড়ার এসিবি আদালত আরও দু""দিন বাড়িয়েছে নাইডুর জেল হেফাজতের মেয়াদ।

জয়নগরে তল্লাশি অভিযান চালিয়ে উদ্ধার ময়ূর ও বাজপাখি

জয়নগর, ২২ সেপ্টেম্বর (হি. স.) : বাড়ির মধ্যে থাকা লুকানো লোহার খাঁচা থেকে উদ্ধার হল ময়ূর ও বাজপাখি। পলাতক বাড়ির মালিক। দক্ষিণ ২৪ পরগনার বকুলতলা থানা এলাকার ঘটনা। বৃহস্পতিবার রাতে গোপন সূত্রে খবর পেয়ে বকুলতলা থানার পুলিশ জয়নগর ২ নম্বর ব্লকের বাইশহাটা গ্রাম পঞ্চায়েতের পাতপুকুর এলাকার জিয়াউল হক খানের বাড়িতে হানা দেয়।

পুলিশ দেখেই অন্ধকারের সুযোগে পালিয়ে যায় জিয়াউল হক খান। তারপরে বাড়ির দোতলার একটি ঘরে ঢুকে চক্ষু চরক গাছ পুলিশের। লুকোনো একটি লোহার খাঁচার মধ্যেই রয়েছে আস্ত ময়ূর ও বাজপাখি। সাথে সাথেই খবর দেওয়া হয় বনদফতরকে। তারপরে সেই লোহার খাঁচা থেকে ময়ূর ও বাজপাখিকে উদ্ধার করে বকুলতলা থানায় নিয়ে আসে পুলিশ।আজ বনদপ্তরের হাতে ময়ূর ও বাজপাখিটি তুলে দেবে বকুলতলা থানা পুলিশ। পাশাপাশি জিয়াউল হক খানের খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ। কি উদ্দেশ্যে ময়ূর ও বাজপাখি বাড়ির মধ্যে খাঁচা বন্দি করে রেখেছিল পেশায় ইমারতি দ্রব্যের ব্যবসায়ী জিয়াউল? সে কি ইমারতী দ্রব্যের ব্যবসার আড়ালে কোন পাচার চক্রের সঙ্গে জড়িত? সব উত্তর জিয়াউল হক খান ধরা পড়লেই জানা যাবে। এ বিষয়ে এসডিপিও বারুইপুর অতীশ বিশ্বাস বলেন, ' ইতিমধ্যেই বন্যপ্রাণী সংরক্ষণ আইন মামলা করা হয়েছে। এই ঘটনায় অভিযুক্তের খোঁজে তল্লাশি শুরু হয়েছে।'

## চেষ্টা

● প্রথম পাতার পর

হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক থেকে জানা গেছে রোগীর অবস্থা এখনো আশঙ্কাজনিত। তাকে অন্যত্র রেফার করা হতে পারে।

## প্রদ্যোতের

● প্রথম পাতার পর

তবে দলের ভাঙনের ফলে তিপ্রাসাকে কতটুকু ঐক্যবদ্ধ করা সম্ভব হবে তা নিয়ে জোর চর্চা চলছে রাজনৈতিক মহলে।

## সুদীপ

● প্রথম পাতার পর

হয়েছিল। কিন্তু সরকার কোনো সম্প্রদায়ের কথা ভাবেনি। তিনি আরও বলেন, দেশে প্রায় ৪৫ শতাংশ ওবিসি সম্প্রদায়ের মানুষ রয়েছে। তবে তাদের জন্য বাজেটের বরাদ্দ অত্যন্ত কম। মোট বাজেটের মাত্র ৫ শতাংশ টাকা ব্যয় করা হয়েছে। তিনি বলেন মোদী সরকারের ষড়যন্ত্রের শিকার হচ্ছেন তারা। এদিনের সাংবাদিক সম্মেলনে বিধায়কের সুদীপ রায় বর্মণের সঙ্গে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা।

## রাজ্যে

● প্রথম পাতার পর

পদ্মার ইলিশ রাজ্যে আসে। তবে চাঁদপুরের ইলিশের সংখ্যা বেশি। বিশ্বকর্মা পুজোর আগেই পদ্মা এবং চাঁদপুর মিলে রাজ্যে ভালো পরিমাণেই ইলিশ এসেছে। ফলে সাধারণের নাগালের মধ্যে ছিল ইলিশের দাম। এখন শহরে বিভিন্ন বাজারে ছোট ইলিশ যাকে যাত্রীক বলে অনেকেই চিনেন সেই ইলিশের দাম এখন ৪০০ থেকে ৫০০ টাকা কিলো দরে বিক্রি হচ্ছে। এই ছোট ইলিশ দিয়েই অনেকেই ইলিশ খাওয়ার স্বাদ মেটাচ্ছেন। বড় ইলিশও এসেছে তবে দাম কিলো ১২০০ থেকে ১৪০০ টাকায় বিক্রি হচ্ছে। পুজোতে ইলিশের যোগান আরো বাড়বে বলে মৎস্য বিক্রেতাদের অভিমত। কারণ সেই সময় পদ্মায় প্রচুর পরিমাণে ইলিশ ধরা পড়ে। বিশেষ করে দুর্গোৎসবের দিনগুলিতে অনেকেই নিরামিষ খাওয়ায় চাহিদা কম থাকে। তবে দশমীতে পদ্মা এবং চাঁদপুরের ইলিশ বাজার দখল করবে বলে মনে করছে মৎস্য ব্যবসায়ী।

## বেহেনজি

● প্রথম পাতার পর

নেশামুক্তি, স্বাস্থ্যশিবির, স্বচ্ছতা অভিযানের মত বিভিন্ন কাজের মাধ্যমে তিনি সর্বদাই ত্রিপুরার সুন্দর পরিবেশের জন্য কাজ করেছেন।

## বিক্রমের

● প্রথম পাতার পর

আমরা আগামীকাল ২৩ সেপ্টেম্বর তা করব। ল্যান্ডার এবং রোভারকে স্লিপ মোড থেকে বের করে আনার পরিকল্পনা রয়েছে আমাদের।... আমাদের রোভারটিকে প্রায় ৩০০-৩৫০ মিটারে নিয়ে যাওয়ার পরিকল্পনা ছিল। কিন্তু কিছু কারণে, রোভারটি সেখানে ১০৫ মিটার সরে গেছে।

## আহত চার

● প্রথম পাতার পর

এলাকা থেকে উদয়পুরের দুরত্ব কম হওয়ায় স্থানীয় লোকজনেদের সহযোগীতায় আহতদের গোমতী জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। ঘটনার পরবর্তী সময় ঘটনাস্থলে উপস্থিত হয় মনপাথর ফাঁড়ী থানার পুলিশ। পুলিশ ঘটনাস্থলে গিয়ে দুর্ঘটনা সম্পর্কে তদন্ত নেমেছেন।

# সুপার লীগে খেলা নিশ্চিত করে লালবাহাদুর একক শীর্ষের লক্ষ্যে

## লালবাহাদুর ব্যায়ামাগার:৩ ফ্রেন্ডস ইউনিয়ন:১

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।। দুর্দান্ত জয় পেয়েছে লাল বাহাদুর ব্যায়ামাগার। সিনিয়র ডিভিশন লিগ ফুটবলে সুপার ফোরে পৌঁছার ব্যাপারে এটি লাল বাহাদুর ব্যায়ামাগারের গুরুত্বপূর্ণ জয়।

সুপার লীগে খেলা সুনিশ্চিত হওয়ার পাশাপাশি নয় দলীয় লীগে এককভাবে শীর্ষে ওঠার জন্যও লাল বাহাদুর মরিয়া। পরবর্তী ম্যাচে জুয়েলস এসোসিয়েশন কে হারাতে পারলে ফরওয়ার্ডের মুখোমুখি হবে লীগ শীর্ষে ওঠার জন্য।

অনেকটা প্রত্যাশিতভাবেই লাল বাহাদুর ব্যায়ামাগার তিন-এক গোলের ব্যবধানে ফ্রেন্ডস ইউনিয়নকে পরাজিত করে পুরো ৩ পয়েন্ট সংগ্রহ করে নিয়েছে। স্থানীয় উমাকান্ত মিনি স্টেডিয়ামে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন আয়োজিত টেকনো ইন্ডিয়া চন্দ্র মেমোরিয়াল সিনিয়র ডিভিশন লিগ ফুটবলের ৩০ তম ম্যাচে আজ শুক্রবার লাল বাহাদুর ব্যায়ামাগার ৩-১ গোলে জিতে সুপার লীগে খেলা নিশ্চিত করে নিয়েছে। প্রথমার্ধে বিজয়ী দল দুই-এক গোলে এগিয়েছিল। খেলার ১৬ মিনিটের মাথায় শ্যাম কুমারের গোল ৫ মিনিট বাদেই ফ্রেন্ডস ইউনিয়নের বিশাল জমাতিয়া শোধ করে খেলায় সমতা ফিরিয়ে আনে। পরবর্তী সময়ে আক্রমণ প্রতি আক্রমণের মধ্য দিয়ে ম্যাচ এগোতে থাকলে খেলার ৩৫ মিনিটের মাথায় লাল বাহাদুর ব্যায়ামাগারের অবর্ণ হরি জমাতিয়া আরও একটি গোল করে দলকে দুই-এক এ লিড এনে দেয়। প্রথমার্ধে আর কেউ গোলের সুযোগ পায়নি। দ্বিতীয়ার্ধের ৮ মিনিটের মাথায় লাল বাহাদুর ব্যায়ামাগারের ঝটিকা আক্রমণে সুযোগ সন্ধানী স্ট্রাইকার প্রীতম সরকার একটি গোল করে ব্যবধান ৩-১ করে নেয়। পরবর্তী সময়ে লাল বাহাদুর ব্যায়ামাগারের খেলা অনেকটা রক্ষণাত্মক হলেও ফ্রেন্ডস ইউনিয়নের ছেলেরা ঘন ঘন আক্রমণ শানাতে থাকে। কার্যত লালবাহাদুরের দুর্গ ভাঙতে পারেনি। শেষ পর্যন্ত লাল বাহাদুর ৩-১ গোলে জয়ী হয়ে মাঠ ছাড়ে। এদিকে ফ্রেন্ডস ইউনিয়নের অনন্ত বিজয় খেলায় অসদাচরনের দায়ে রেফারি হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি অসীম বৈদ্য, অরিন্দম মজুমদার, তপন নাথ ও শিবজ্যোতি চক্রবর্তী। দিনের খেলা: ফরোয়ার্ড ক্লাব ও টাউন ক্লাব, বিকেল তিনটায় উমাকান্ত মিনি স্টেডিয়ামে।

# পর্যটন দিবস উদযাপন উপলক্ষে আন্তর্জাতিক প্রীতি ফুটবল ম্যাচ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।। পর্যটন দিবসকে সামনে রেখে বিশেষ আয়োজন ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের। ভারত-বাংলাদেশ ফ্রেন্ডলি ফুটবল ম্যাচ হতে যাচ্ছে চট্টগ্রাম স্পোর্টস জার্নালিস্ট ক্লাব ও ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের মধ্যে। প্রস্তুতিপর্ব চূড়ান্ত। প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশ থেকে চট্টগ্রাম স্পোর্টস জার্নালিস্ট ক্লাবের সাংবাদিক ফুটবলারদের টিম ২৬শে সেপ্টেম্বর আগরতলায় পৌঁছুবে। এদিকে, ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের ফুটবল টিমও যথারীতি অনুশীলনে ব্যস্ত। চট্টগ্রাম সাংবাদিকদের টিম তিন দিনের আগরতলা সফরকালে বেশ কিছু পর্যটন কেন্দ্র পরিদর্শন, প্রীতি ফুটবল ম্যাচ সহ মতবিনিময় সভাও অনুষ্ঠিত হবে। আজ, শুক্রবার দুপুরে প্রেস ক্লাবের কনফারেন্স হলে ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের কার্যকরী কমিটির এক বিশেষ বৈঠকে এ বিষয়ে চূড়ান্ত রূপরেখা তৈরি করা হয়। বৈঠকে ইউনিয়নের এক্সিকিউটিভ এডভাইজর সৈয়দ সাজ্জাদ আলী, সভাপতি প্রণব সরকার, সেক্রেটারি জেনারেল অলক ঘোষ প্রমুখ উপস্থিত ছিলেন। বৈঠক শুরুতে সম্পাদক সন্তোষ গোপ সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানান। যুগ্ম সম্পাদক অভিষেক দে আসন্ন আন্তর্জাতিক মৈত্রী সমন্বয় অনুষ্ঠানের পূর্ণাঙ্গ রূপরেখা তুলে ধরেন। প্রত্যেকের সহযোগিতায় অনুষ্ঠান সাফল্যমন্ডিত করে তোলার আহ্বান জানানো হয়।

# কাঞ্চনপুরে ফুটবল : জমজমাট লড়াইয়ে জয় ছিনিয়ে ফরেস্ট টিম্বার এসো: মূলপর্বে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা , ২২ সেপ্টেম্বর।। দ্বিতীয় রাউন্ডে হাড্ডাহাড্ডি লড়াই করে জয়ী হয়েছে কাঞ্চনপুর ফরেস্ট এন্ড টিম্বার এসোসিয়েশন। দেও ভ্যালী নক আউট টুর্নামেন্ট থেকে ছিটকে গেল কারণই ক্লাব (কম্পুই )। শুক্রবার কারণই ক্লাবকে ৩--১ গোলে হারিয়ে জয়ী হয়েছে ফরেস্ট এন্ড টিম্বার এসোসিয়েশন। খেলার শুরু থেকে উভয় দলের মধ্যে ছিল টান টান উত্তেজনা। উভয় দলের খেলোয়াড়দের মাঠে বেশ কয়েকবার হলুদ কার্ড দেখিয়ে রেফারি দক্ষতার সঙ্গে মাঠকে নিয়ন্ত্রণে রাখেন। শুক্রবার বিকেলে কাঞ্চনপুর পঞ্চায়েত মাঠেদেও ভ্যালী নক আউট ফুটবল টুর্নামেন্টে মুখোমুখি হয় ফরেস্ট এন্ড টিম্বার এসোসিয়েশন বনাম কারণই ক্লাব।

খেলার প্রথমার্ধে ৪ মিনিটের মাথায় কারণই ক্লাবের এলপিও একটি গোল করেন। ফলে ১-০ গোলে এগিয়ে যায় কারণই ক্লাব। দ্বিতীয়ার্ধে খেলার ৮ মিনিটের মাথায় প্যালান্টি পায় ফরেস্ট। আর এই পেনাল্টির সুযোগ কাজে লাগিয়ে ফরেস্টের খেলোয়াড় খেলার সমতা ফেরায়। ১৯ মিনিটের মাথায় আরও একটি গোল করে ২--১ গোলে এগিয়ে যায় ফরেস্ট এন্ড টিম্বার এসোসিয়েশন।খেলা শেষ হওয়ার ৫ মিনিট আগে ফরেস্টের দল আরও একটি গোল করে দলকে ৩--১ গোলে এগিয়ে নিয়ে যায়।

কারণই ক্লাবের লক্ষ্য ভ্রষ্ট শটের ফলে কারণই ক্লাবের খেলোয়াড় একাধিকবার ব্যর্থ হয়েছে গোল দিতে।

এদিন বিকেলে পঞ্চায়েত মাঠের মধ্যে দর্শকের উপচে পড়া ভিড় তিল ধরানোর জায়গা ছিলনা।এদিন ফরেস্ট এন্ড টিম্বার এসোসিয়েশনের দলের হয়ে গোল করেন এমর্শন ২টি গোল এবং তৈবাঙ ১টি করে গোল করেন।

# সাব্রুমে সুকান্ত স্মৃতি প্রাইজমানি ফুটবল ফাইনালে বয়েজ ক্লাব

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।। সুকান্ত স্মৃতি প্রাইজমানি নকআউট ফুটবল টুর্নামেন্টে গত বছরের চ্যাম্পিয়ন বিন্দাস বয়েজ কে হারিয়ে ফাইনালে পৌঁছায় রয়েলস ক্লাব। সাব্রুম ফুটবল অ্যাসোসিয়েশন এবং ৪০ সাব্রুম মন্ডল যুব মোর্চার উদ্যোগে সাব্রুম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের স্কুল মাঠে, সুকান্ত স্মৃতি প্রাইজমানি নকআউট ফুটবল টুর্নামেন্টের প্রথম সেমিফাইনাল ম্যাচে ট্রাইবেকারে গুরুত্বপূর্ণ জয় পেয়েছে রয়েল বয়েজ ক্লাব। শুক্রবার প্রথম সেমিফাইনাল ম্যাচকে কেন্দ্র করে সাবরুম দ্বাদশ শ্রেণীর মাঠের গ্যালারি ছিল কানায় কানায় পূর্ন। ক্রীড়া মোদী দর্শকের উপস্থিতিতে খেলা বেশ জমে উঠে। খেলার প্রথমাধর্রে ২২ মিনিটের মাথায় রয়েল বয়েসের সুনীল প্রথম গোলটি করে খেলার উত্তেজনাকে আরো বাড়িয়ে তুলে। মাঠ অস্থির হয়ে উঠে। বিন্দাস ভয়েস আক্রমণাত্মক হয়ে উঠে। ফলে হলুদ কার্ড দেখে বিন্দাস ভয়েসের প্রেমা রায় ।খেলার দ্বিতীয়ার্ধে প্রথম থেকে মারমুখী হয়ে ওঠে বিন্দাস বয়েজ। দ্বিতীয়ার্ধের ৫৯ মিনিটের মাথায় বিন্দাস বয়েজের অরুন দুর্দান্ত একটি গোল করে খেলার সমতা ফিরিয়ে আনে। দ্বিতীয়ার্ধের ৭৯ মিনিটের মাথায় বিন্দাস ভয়েসের প্রেম রায়ের মারমুখী আক্রমণের কারণে রেফারী অভিজিৎ দাস তাকে লাল কার্ড দেখিয়ে মাঠ থেকে বের করে দেয়। কিন্তু সে আক্রমণ মুখী হয়ে রেফারি অভিজিৎ দাসকে হেনস্থা করে। পরে অবশ্য সহ রেফারি মাঠে এসে আক্রমণকারী ফুটবলারকে মাঠ থেকে বের করে নিয়ে যায়। এই ঘটনার পর মাঠে প্রবল উত্তেজনা শুরু হয়। পরে অবশ্য নিরাপত্তা কর্মীদের সহায়তায় মাঠে ফের শান্তি ফিরে আসে।

নির্ধারিত সময়ে খেলা ড্র থাকার কারণে রেফারী অভিজিৎ দাস ট্রাইবেকারের নির্দেশ দেন এবং ট্রাইবেকারে রয়েল বয়েজ ২-০ গোলে বিন্দাসকে হারিয়ে ফাইনালে পৌঁছায়।

## পশ্চিম জেলা যোগা কমিটির বৈঠক কাল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।। পশ্চিম জেলা যোগা কমিটির বৈঠক ২৪ সেপ্টেম্বর রবিবার অনুষ্ঠিত হচ্ছে। পশ্চিম ত্রিপুরা জেলা যোগা অ্যাসোসিয়েশনের কার্যকরী কমিটির জরুরি বৈঠক ওই দিন বেলা সাড়ে ১১ টায় ধলেশ্বরস্থিত প্রান্তিক ক্লাবের প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে। চলতি বছরে যোগা মিট এবং কোচিং ক্যাম্প চালু করার বিষয় নিয়ে এতে আলোচনা হবে। জেলা কার্যকরী কমিটির সকল সদস্যদের যথাসময়ে বৈঠকে উপস্থিত থাকার জন্য সভাপতি উত্তম দেবনাথ এক বিবৃতিতে অনুরোধ জানিয়েছেন।

# পটুনগর মর্নিং ফুটবল টুর্নামেন্ট জমজমাট, ফাইনাল আগামীকাল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।। শহর উত্তরে এয়ারপোর্ট এলাকায় পটুনগর মর্নিং ফুটবল টুর্নামেন্ট এখন জমজমাট পর্যায়ে। আগামী রবিবার সকালে দুটি সেমিফাইনাল ম্যাচের পর দুপুরে অনুষ্ঠিত হবে ফাইনাল ম্যাচ। লীগ পর্যায়ের খেলা শেষে সেমিফাইনালে উন্নীত চারটি দল চূড়ান্ত লড়াইয়ে মাঠে নামবে ২৪ সেপ্টেম্বর। রবিবার সকাল সাড়ে ছয়টায় প্রথম সেমিফাইনালে মর্নিং বুলস খেলবে মর্নিং লায়যস -এর বিরুদ্ধে। সকাল আটটায় দ্বিতীয় সেমিফাইনালে মর্নিং ওয়ারিওর্স খেলবে মর্নিং টার্মিনেটরের বিরুদ্ধে। দুটি ম্যাচে বিজয়ী দুই দল বেলা দেড়টায় ফাইনাল ম্যাচে পরস্পরের মুখোমুখি হবে। উল্লেখ্য, ২০২০ সাল থেকে পটুনগর মর্নিং ফুটবল লিগের আয়োজন হয়ে আসছে। এবার হবে সিজন ফোর। প্রতি রবিবার প্রায় ৬০-৬৫ জন ছেলে এখানে ফুটবল খেলতে আসে। পটু নগর মাঠকে ফুটবলের আতুর ঘরও বলা চলে। স্থানীয় সাত আট জন ছেলে মিলে ২০১২ সাল থেকে এই মাঠে ফুটবল খেলা শুরু করেছিল। বর্তমানে তা ৬০-৭০ এ এসে ঠেকেছে। এই মুহূর্তে সেখানকার ছেলেদের মূলমন্ত্র হল যুব সমাজকে খারাপ প্রভাব ও আসক্তি থেকে দূরে রাখা এবং তাদের সমাজের শৃঙ্খলা ও ভালো মানুষ হিসেবে গড়ে তোলা ।ফুটবলপ্রেমী অনির্বাণ দেবনাথ, অভিজিৎ সাহা, অভিক দেব, রাহুল দাস, মোঃ আলী, জয় দাস, কৃষ্ণা পোদ্দার এবং অন্যান্য সকল সহযোগী যারা সকালের ফুটবল লীগ আয়োজনের পরিকল্পনা নিয়েছে যা শুধুমাত্র সকালের ক্লাব সদস্যদের মধ্যে খেলা হবে। এর মাধ্যমে তারা প্রতি বছর ফুটবল মরশুম শেষ করে এবং অনেক স্বপ্ন ও উত্তেজনা নিয়ে আগামী বছরের এই মহা উৎসবের জন্য অপেক্ষা করে থাকে।

## কলকাতায় অনূর্ধ-৭ দাবায় পিছিয়ে ত্রিপুরার দাবাড়ু-রা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।। কিছুটা পিছিয়ে পড়লো ত্রিপুরা। জাতীয় অনূর্ধ-৭ দাবা প্রতিযোগিতায়। কলকাতার যুবভারতী ক্রীড়াঙ্গনের মিলনায়তনে শুক্রবার আসরের তৃতীয় এবং চতুর্থ রাউন্ডের খেলা হয়। ৪ রাউন্ড শেষে মেট্রিক্স চেস আকাদেমির দাবাড়ু শুভায়ন দাস আড়াই পয়েন্ট নিয়ে ত্রিপুরার দাবাড়ুদের মধ্যে শীর্ষে রয়েছে। তৃতীয় রাউন্ডে দুর্দান্ত জয় পাওযার পর চতুর্থ রাউন্ডে পরাজিত হয়ে কিছুটা পিছিয়ে পড়ে শুভায়ন। রাজ্যের অন্য দাবাড়ুদের মধ্যে দেবরাজ ভট্টাচার্য এবং রোহিল সাহা-র পয়েন্ট ২, কানিষ্ক চৌধুরি ও অবান্তিকা চৌধুরির পয়েন্ট ১। আগামীকাল পঞ্চম এবং ষষ্ঠ রাউন্ডের খেলা হবে। প্রসঙ্গত: আসরের উদ্যোক্তা সারা বাংলা দাবা সংস্থা। সহযোগিতায় রয়েছে দাবা ফেডারেশন।


PRESS NOTICE INVITING e-TENDER NO: 16/EE-JRN/PWD/2023-24 Dated: 19- 09-2023

The Executive Engineer, Jirania Division, PWD(R&B) Jirania invites on behalf of the 'Government of Tripura percentage rate e-tender from the Central & State public sector undertaking/enterprise and eligible Bidders/Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/Other State PWD up to 3.00 P.M. on 11-10-2023 for the following work:

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|
| 1 | DNIeT No: 41/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | ₹ 70,69,328.81 | ₹ 1,41,387.00 | 180 (One hundred eighty) Days | Appropriate Class |
| 2 | DNIeT No: 42/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | ₹ 61,26,377.61 | ₹ 122,528.00 | 180 (One hundred eighty) Days | Appropriate Class |
| 3 | DNIeT No: 77/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | ₹ 80,17,172.79 | ₹ 1,60,343.50 | 180 (One hundred eighty) Days | Appropriate Class |
| 4 | DNIeT No: 78/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | ₹ 70,69,407.83 | ₹ 1,41,388.16 | 180 (One hundred eighty) Days | Appropriate Class |
| 5 | DNIeT No: 79/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | ₹ 70,68,740.06 | ₹ 141,374.80 | 180 (One hundred Eighty) Days | Appropriate Class |
| 6 | DNIeT No: 80/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | ₹ 84,83,415.27 | ₹ 1,69,668.00 | 180 (One hundred seventy) Days | Appropriate Class |

- Bid document can be seen in the website https://tripuratenders.gov.in. w.e.f 20-09-2023 to 11-10-2023 .
- Last Date and Time for Document Downloading and Bidding: 11-10-2023 up to 15.00 Hrs
- Date and Time for Opening of BID: 11-10-2023 up to 15.30 Hrs
- Document Downloading and Bidding at Application: https://tripuratenders.gov.in.
- Class of tenderer :- Appropriate Class.
- Bid Fee: Rs. 4,000 each, (Non refundable).
- All details are available in the https://tripuratenders.gov.in.

Note: *NO NEGOTIATION WILL BE CONDUCTED WITH THE LOWEST BIDDER*

For and on behalf of the Governor of Tripura

ExecutiveEngineer
Jirania Division, PWD(R&B)
Jirania, West Tripura
eejirania@gmail.com

ICA/C-2384/23



**NOTICE FOR e-TENDER**

**NOTICE FOR e-TENDER (Re-Tender) UNDER ANIMAL RESOURCES DEVELOPMENT DEPARTMENT FOR THE YEAR 2023-2024**

e -Tender is hereby invited on behalf of the Animal Resources Development Department, Government of Tripura from the Registered/Recognized Out Sourcing Agency/Non-Government Organization for providing Security guards (10 Nos) for the College of Veterinary Sciences & A.H., R. K. Nagar, West Tripura. The details of e-Tender and along with Documents are made available in the website (http://tripuratenders. gov.in, e-procures.gov.in and www.ardd.tripura.gov.in

The last date for submission of the Tender by online is on 10/10/2023 at 4 PM.

All future Modification/Corrigendum shall be made available in the e-Procurement portal, so bidders are requested to get update themselves from the e-Procurement web portal only.

ICA/C-2377/23

Animal Resources Development Department
Govt. of Tripura



**NOTICE INVITING TENDER**

The District Programme Co-ordinator, (District Magistrate & Collector) South Tripura District, Belonia invites sealed tender in plain paper on behalf of the Governor of Tripura from the eligible Suppliers/Firms/Agencies/Co-operative Societies/NGOs/Individuals having experience for quoting the rates for printing and supply of 1,00,000 nos. newly designed Job Card covering 44 (forty four) pages in Bengali script (for distribution to the MGNREGA job card holder) from 21st September, 2023 up to 2.00 PM of 06-10-2023 (the 6th October, 2023) on any working days.

Details information of NIT along with terms & 'conditions and specifications of Job Card may be collected from the office of the undersigned at 10.30 AM to 5.30 PM during office hours only and the same may also be seen in the website www.southtripura.nic.in or office Notice Board.

The quotation will be received up to 2.00 PM of 06-10-2023 (the 6th October, 2023). The tender will be opened on the same day at 3.00 PM, if possible in presence of the tenderer or his/ her representatives.

ICA/C-2370/23

District Programme Coordinator
(District Magistrate & Collector)
South Tripura, Belonia.



**Ref No: 19(28)/DIT/SDC/2022/Vol-I-Part(1) Date 19.09 2023**

Sealed e-Tenders are hereby invited for "Request for Proposal for Engagement of Agency for providing specialized manpower service for operation of 'Tripura State Data Centre (TSDC)". Details of tender document can be seen and downloaded from the website https://tripuratenders.gov.in or https://dit.tripura.gov.in and the bids needs to be submitted online through http://tripuratenders.gov.in only.

ICA/C-2365/23

Director.
Directorate of Information Technology
Govt. of Tripura



# EMPLOYMENT NOTIFICATION

**Advertisement No. 09/2023**

Online applications are invited for recruitment to post of **Laboratory Technician, Pharmacist (Ayurved), Pharmacist (Homoeopath),** under the Health & Family Welfare Department, Government of Tripura on purely temporary and fixed pay basis @ Rs.20,475/- being 75% of the minimum slab of entry level pay in the Pay Level-9 of Tripura State Civil Services (Revised Pay) (First Amendment) Rules, 2018 plus additional remuneration increased by the Government from time to time. Candidates who are permanently residing in the State of Tripura shall exclusively eligible for applying the post within the age limit of minimum 18 years and maximum 40 years. Upper age limit is relaxable by 5 years for ST/SC/PwDs(PH)/Ex- Service man.

| Name of Post | Vacancies | Educational Qualification |
|---|---|---|
| 1. Laboratory Technician | 143 nos. [SC-18, ST-55, UR-70, (out of 143 posts, 1(one) UR posts reserved for Ex-Serviceman. | (a) Madhyamik or its equivalent examination from any recognized institute and 3 (three) years Diploma in Medical Laboratory Technology from an institute recognized by AICTE/UGC/Govt. recognized Board. OR (b) H.S. (+2 Stage) with Science passed from any recognized institute and at least 2 (two) years Diploma in Medical Laboratory Technology from an institute recognized by AICTE/UGC/Govt. recognized Board. OR (c) Bachelor/B.Sc. in Medical Laboratory Technology from an institute recognized by AICTE/ UGC/Govt. recognized Board. |
| 2. Pharmacist (Ayurved) | 25 nos. [SC-07, ST-16, UR-02, | H.S(+2 Stage) in Science passed from any recognized institute / Intermediate Examination in Science. Diploma in Pharmacy (Ayurveda), Duration of Course Minimum two years from any recognized institute. Or B. Pharma (Ayurveda) from recognized university. |
| 3. Pharmacist (Homoeopathy) | 22 nos (ST-15.UR-7). | H.S(+2 Stage) in Science passed from any recognized institute, Diploma in Pharmacy (Homoeopathic), from any recognized institute, Compulsory 03 months practical training from Govt. approved Homoeopathic Health Institute. |

4% of total vacancies reserved for PwD candidates. 33% vacancy, of each category reserved for women in accordance with GA(P&T) Department's Notification No. F.23(17)-GA(P&T)/2022, dated 28th June, 2022.

Desirable : Knowledge in Bengali or Kokborok.

Selection of candidate will be made by written examination carry 85 marks followed by viva voce / interview carry 15 marks. For submission of online application visit Department's website (www.health.tripura.gov.in or www.healthrecruitment.tripura.gov.in ) The link for online application is available w.e.f. 23rd September, 2023 to 7th October, 2023 (upto 5:00 PM). The application(s) received after the closing date will not be entertained. No TA & DA is admissible for appearing in written examination or interview. The number of vacancies may increase or decrease at any stage of selection.

Sd/- (Dr. Supriya Mallik)
I/C Director of Health Services
Government of Tripura

ICA-D-1023/23

# পরিকাঠামোর উন্নয়ন ও জনসাধারণের জীবনযাত্রার মান উন্নয়নে অগ্রাধিকার দেওয়া হয়েছে : কৃষিমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।।** রাজ্যের সার্বিক বিকাশে সরকার বহুমুখী পরিকল্পনা নিয়ে কাজ করছে। পরিকাঠামোর উন্নয়ন ও জনসাধারণের জীবনযাত্রার মান উন্নয়নে অগ্রাধিকার দেওয়া হয়েছে। সরকারের লক্ষ্য এক ত্রিপুরা-উন্নত ত্রিপুরা গড়ে তোলা। আজ মোহনপুর বাজারে সরকারের উন্নয়ন কর্মসূচি নিয়ে এক আলোচনা সভায় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। আলোচনা সভায় কৃষিমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকার এক ভারত নতুন ভারত গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। এই লক্ষ্যেই রাজ্য সরকারও এক ত্রিপুরা-উন্নত ত্রিপুরা গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। তিনি বলেন, উন্নয়ন কর্মসূচি ও পরিকাঠামো উন্নয়নের বিষয়গুলি এখন রাজ্যের সমস্ত জেলা, মহকুমা ও ব্লকগুলিতে রূপায়ণ করা হচ্ছে। মোহনপুরে ইতিমধ্যেই দ্বিতল মার্কেট স্টল নির্মাণের কাজ শেষ হয়েছে। মোহনপুরে একটি উন্নতমানের টাউনহল নির্মাণের কাজ চলছে। মোহনপুর মহকুমায় বিভিন্ন বিদ্যালয়ের পাকা ভবন নির্মাণ করা হচ্ছে। ৩টি জিম নির্মাণ করা হয়েছে। আরও নতুন ৫টি জিম নির্মাণ করা হবে। তিনি জানান, মোহনপুরের তুলাবাগানে ইতিমধ্যেই সিন্থেটিক ফুটবল মাঠ নির্মাণের কাজ শেষ হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৫ কোটি টাকা। মোহনপুরে পাবলিক লাইব্রেরী নির্মাণের কাজ প্রায় শেষের পথে।
আলোচনা সভায় কৃষিমন্ত্রী বলেন, মোহনপুর মহকুমায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে সরকার উদ্যোগ নিয়েছে। মোহনপুরে বেইলি ব্রিজ নির্মাণের কাজ খুব শ্রীঘ্রই সমাপ্ত হবে। এই বেইলি ব্রিজ নির্মাণে ব্যয় হবে ৩ কোটি টাকা। উন্নত যোগাযোগ ব্যবস্থাই এলাকার বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এডিসি'র কার্যনির্বাহী সদস্য রংনিয়েল দেববর্মা, মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শঙ্কর দেব, লেফুঙ্গা বিএসি'র চেয়ারম্যান রণবীর দেববর্মা ও পূর্ত দপ্তরের আধিকারিকগণ। আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ মোহনপুর পুর পরিষদের উদ্যোগে এদিন স্বচ্ছতা সেবা কর্মসূচির অঙ্গ হিসেবে একবার ব্যবহার যোগ্য প্লাস্টিক বর্জনের জন্য এক সচেতনতামূলক পথনাটক অনুষ্ঠিত হয়।

# গাছ পড়ে মৃত্যু এক মহিলার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।।** বাড়ির পার্শবর্তী এলাকায় লাকড়ি সংগ্রহ করতে গিয়ে গাছ পরে মৃত্যু এক মহিলার। ঘটনার বিবরনে জানা যায়, শুক্রবার বেলা আনুমানিক ১১ ঘটিকায় শান্তিরবাজার মহকুমার অন্তর্গত সুভাষকলোনী গ্রামপঞ্চায়েতের অধীনে নগদা এলাকায় উজ্জ্বলা দাস ( ৫২ ) নামে এক মহিলা উনার বাড়ীর পাশ্ববর্তী এলাকায় লাকড়ী সংগ্রহ করতে গেছিলেন। সেখানে এক ঠিকেদার গাছ কাটার ফলে একটি গাছ মহিলার গায়ে এসে পরে। মহিলার অসাবধনতার ফলেই এই দুর্ঘটনা বলে দাবি প্রত্যক্ষদর্শী দের। দুর্ঘটনার পরবর্তী সময় পরিবারের লোকজনেরা মহিলাকে ☞ ৬ এর পাতায় দেখুন

# আজ থেকে দু'দিনের সম্প্রীতি উৎসব আগরতলায়




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।।** খুম্পুই কালচারাল একাডেমির উদ্যোগে অনুষ্ঠিত হতে যাচ্ছে সম্প্রীতি উৎসব। আগামী ২৩ ও ২৪ সেপ্টেম্বর দুদিন ব্যাপী এই অনুষ্ঠান অনুষ্ঠিত হবে বিবেকানন্দ ময়দানে। উৎসবের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা।
খুম্পুই কালচারাল একাডেমির কর্মকর্তারা জানিয়েছেন, এ দুইদিনের অনুষ্ঠানে থাকবে ফ্যাশন শো ,নাচ, গান , উপজাতিদের বিভিন্ন নৃত্য এবং বাঙ্গালীদের বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান। থাকবে বিভিন্ন খাবারের স্টল। যুব সমাজ যেভাবে নেশার কবলে তলিয়ে যাচ্ছে, তাদেরকে সংস্কৃতির প্রতি উৎসাহিত করে সম্প্রতির বার্তা দেওয়াই এই দুই দিনের অনুষ্ঠানের মূল উদ্দেশ্য বলেও জানায় সংস্থার কর্মকর্তারা। খুম্পুই কালচারাল একাডেমির সম্পাদক পাঞ্চালি দেববর্মা জানিয়েছেন, এই দুইদিন ফ্যাশন শো ,নাচ গানের মাধ্যমে শহরবাসীকে আনন্দ প্রদান করা হবে। পাশাপাশি বিভিন্ন খাবারের স্টলসহ এই দুই দিনের অনুষ্ঠানকে আরো জমজমাট করা হবে।যুব সমাজ যেভাবে নেশার কবলে তলিয়ে যাচ্ছেন তাদেরকে সংস্কৃতির প্রতি উৎসাহিত করে সম্পত্তির বার্তা দেওয়াই এই দুই দিনের অনুষ্ঠানের মূল উদ্দেশ্য বলেও জানিয়েছেন তিনি।

# শান্তিরবাজার ডিগ্রী কলেজে অনুষ্ঠিত প্রয়াস কর্মসূচী




**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২২ সেপ্টেম্বর।।** যুবসমাজকে নেশার করাল গ্রাস থেকে মুক্তি দিতে ও দুর্ঘটনা এড়াতে শান্তিরবাজার থানার এস আই সুজিত সরকারের উদ্যোগে বেতাগায় শান্তির বাজার ডিগ্রি কলেজে এক প্রয়াস অনুষ্ঠান অনুষ্ঠিত করা হয়েছে। শান্তিরবাজার ডিগ্রী কলেজে পাঠরত ছাত্র ছাত্রীদের নিয়ে আজকের এই প্রয়াস অনুষ্ঠান অনুষ্ঠিত করা হয়। অনুষ্ঠানে উপস্থিত বক্তারা কিভাবে যুবসমাজকে নেশার করাল গ্রাস থেকে নিজেদের মুক্ত রাখতে পারে তা নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে উপস্থিত বক্তা শান্তিরবাজার জেলা হাসপাতালের এম এস জে এস রিয়াং জানান এই এলাকাটি শান্তির বাজার জেলা হাসপাতালের অধীনে না থাকা সত্বেও তিনি যুব সমাজের কথাচিন্তা করে আজকে এই অনুষ্ঠানে যোগদান করেছেন। এমএস জে এস রিয়াং উনার মূল্যবান বক্তব্য রাখতে গিয়ে নেশার বিভিন্ন দিকগুলি আলোচনা করেন। নেশাগ্রস্থ হলে কি কি ক্ষতির সন্মুখিন হতে হয় তা নিয়ে আলোচনা করলেন এম এস। তিনি জানান শান্তির বাজার জেলা হাসপাতালে নেশাগ্রস্থ লোকজনদের রাখার জন্য ৫০ সিট বিশিষ্ট নেশামুক্ত কেন্দ্র গড়ে তোলা হবে। রাজ্যসরকার নেশার করাল গ্রাস থেকে যুবকদের মুক্তি দিতে এই বিশেষ পদক্ষেপ গ্রহন করেছেন। এছাড়া আউটডোর চলাকালীন সময়ে যেসকল লোকজনেরা নেশার করালগ্রাস থেকে নিজেদের পরিবারের সদস্যদের রক্ষা করতে চান তাদের চিকিৎসা করাতে পারেন। শান্তির বাজার জেলা হাসপাতাল থেকে এক প্রকারের ঔষধ দেওয়া হয় যেগুলি খেলে নেশার মনোভাব কিছুটা কমবে। এই সুযোগ সুবিধাগুলি নেওয়ার জন্য বিশেষ আহব্বান জানান এম এস। এছাড়া এম এস জানান নেশা থেকে মুক্তি পেতে তেমন কোনো ঔষধ নেই। অনেকে মনে করেন ঔষধ খেলে নেশা থেকে মুক্তি পেতে পারেন। এগুলো লোকজনদের ভুল ধারনা। নেশাগ্রস্থ লোকজনেরা নিজেদের মানসিক সন্তোলনের মাধ্যমে নেশার করালগ্রাস থেকে মুক্তি পেতে পারে বলে জানান এমএস জে এস রিয়াং। আজকের এই আলোচনা সভায় উপস্থিত ছিলেন শান্তির বাজার জেলা হাসপাতালের এমএস জে এস রিয়াং, শান্তির বাজার পৌর পরিষদের চেয়ারম্যান সপ্না বৈদ্য, ভাইস চেয়ারম্যান সত্যব্রত সাহা, শান্তির বাজার থানার এস আই সুজিত সরকার, বিশিষ্ট সমাজসেবী বিপুল ভৌমিক , শান্তির বাজার ডিগ্রী কলেজের প্রিন্সিপাল সঞ্জয় দাস সহ অন্যান্যরা।

# চোর সন্দেহে আটক এক নেশাগ্রস্থ যুবক

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২২ সেপ্টেম্বর।।** নেশাগ্রস্থ এক যুবককে চোর সন্দেহে আটক করে তাকে পুলিশের হাতে তুলে দেয় এলাকাবাসী। ঘটনা বৃহস্পতিবার রাতে তেলিয়ামুড়া থানাধীন ডি এম কলোনী এলাকায়। ধৃত যুবকের নাম মানিক ঘোষ। তার বাড়ি তেলিয়ামুড়া মহারানীপুর এলাকায়।
তেলিয়ামুড়ার বিস্তীর্ণ এলাকায় নেশা কারবারীর ও নেশাখোরদের তৎপরতা ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে। যুবসমাজ নেশার কবলে পড়ে হাবুডুবু খাচ্ছে। এলাকার পরিবেশ কলুষিত হচ্ছে। রাজ্য সরকার ও পুলিশ প্রশাসন নেশা বিরোধী অভিযান অব্যাহত রাখলেও নেশাখোর ও নেশাকারবারিদের তৎপরতা পুরোপুরি বন্ধ করা সম্ভব হচ্ছে না। বিষয়টি খুবই উদ্বেগ ও উৎকণ্ঠার। এই ভয়ংকর প্রবণতা থেকে মুক্তি পেতে হলে সমাজের সচেতন সকল অংশের জনগণকে এগিয়ে আসতে হবে। অভিভাবকদের নিজেদের সন্তানদেরকে এই ভয়ঙ্কর নেশার কবল থেকে দূরে সরিয়ে আনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। সামাজিক সচেতনতাই এই ভয়ংকর প্রবণতা থেকে সমাজকে রক্ষা করার একমাত্র উপায়। শুধুমাত্র সরকার বা প্রশাসন ইচ্ছে করলেই এই ভয়ঙ্কর প্রবণতা পুরোপুরি বন্ধ করতে পারবেনা। এজন্য প্রয়োজন সার্বিক সহযোগিতা।

# ফের চুরি কান্ড বিশালগড়ে

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ২২ সেপ্টেম্বর।।** বিশালগড়ের বিস্তীর্ণ এলাকা জুড়ে চুরির ঘটনা দিনের পর দিন বৃদ্ধি পেয়ে চলেছে। গতকাল রাতেও শাসকদলের মেম্বারের বাড়ি সহ একই রাতে চার বাড়িতে দুঃসাহসিক চুরি কান্ড সংঘটিত করে চোরের দল। ঘটনা চড়িলামে। চুরির ঘটনায় এলাকায় তীব্র উত্তেজনা ও ক্ষোভ বিরাজ করছে। পরিবারের লোকজনরা জানিয়েছেন, শুক্রবার সকালে ঘুম থেকে উঠে তারা লক্ষ্য করেন ঘরের দরজা খোলা। ঘর থেকে নগদ টাকা পয়সা সহ মূল্যবান সামগ্রী চুরি করে নিয়ে গেছে চোরের দল। ঘটনা প্রত্যক্ষ করে পরিবারের লোকজনরা হতভম্ব হয়ে পড়েন। খবর পেয়ে স্থানীয় লোকজনরাও ওই বাড়িতে এসে ভিড় জমান। খবর পাঠানো হয় বিশালগড় থানার পুলিশকে। পুলিশ এসে ঘটনার তদন্ত শুরু করেছে। তবে চুরি যাওয়া টাকা-পয়সা জিনিসপত্র উদ্ধার করা কিংবা চোরদের আটক করা সম্ভব হয়নি। ঘটনাকে কেন্দ্র করে এলাকার জনমনে তীব্র আতঙ্কের সৃষ্টি হয়েছে। রাত্রিকালীন নিরাপত্তা নিয়ে এলাকার জনমনে সংশয় ক্রমশ বাড়ছে। এলাকাবাসীরা জানিয়েছেন প্রতিরাতেই কোনো না কোনো বাড়িতে চোরের দল হাত সাফাই করছে। রাত্রিকালীন এলাকায় পুলিশি টহল বাড়ানোর জন্য এলাকাবাসীর তরফ থেকে জোরালো দাবি জানানো হয়েছে। এসব চুরির ঘটনায় নেশাখোর যুবকরা জড়িত থাকতে পারে বলেও অনেকেই আশঙ্কা করছেন।

# ফাঁসিতে আত্মহত্যা গৃহবধূর

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২২ সেপ্টেম্বর।।** সাংসারিক অশান্তি, রাগে,অভিমানে,অপমানের গ্লানি সহ্য না করতে পেরে ফাঁসিতে আত্মহত্যার চেষ্টা ২৪ বছরের গৃহবধুর। ঘটনাটি ঘটে বক্সনগর দক্ষিণপাড়া নিবাসী দ্বীন ইসলামের স্ত্রী রত্না বেগম নামে এক মহিলার। রোগীর আত্মীয়রা জানান কেন বা কি কারণে ফাঁসিতে আত্মহত্যা করছে তা আমরা জানিনা, প্রত্যেক সংসারের টুকটাক তর্ক বিতর্ক ঝগড়াঝাঁটি হয় তাবলে সে ফাঁসি দিবে এটা কেমন করে হয়। প্রতিদিনের মতোই সংসারের সব কাজকর্ম সেরে নিজ ঘরে ফাঁসিতে ঝুলে রইলেন রত্না বেগম। বাড়ির এক মহিলা প্রথম দেখতে পেয়ে চিৎকার শুরু করেন, সঙ্গে সঙ্গে পাড়া-প্রতিবেশীর লোকজন জরু হয়, এবং রত্না বেগমকে বক্সনগর সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসা হয় চিকিৎসার জন্য। বক্সনগর হাসপাতালে অধীনে ন্যূনতম ১২ থেকে ১৪ টি গ্রাম পঞ্চায়েত চিকিৎসা পরিষেবা পাবার জন্য বক্সনগর সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে আসেন। রত্না বেগমকে বাইকে করে নিয়ে আসে, হাসপাতালে ইমারজেন্সি টেবিলে শুইয়ে উনার স্বামী এবং আত্মীয়-স্বজন নার্সকে বলেন ডাক্তারবাবু কোথায় ডাক্তার বাবুকে ডাকেন,ফাঁসির একটা রোগী এসেছে। নার্স অন্যান্য স্টাবদের মধ্যে দৌড়ঝাপ শুরু হয়ে যায়। একজন পুরুষ নার্স বলেন ডাক্তার বলতে রতন দেববর্মা আছেন। উনি নিজেও অসুস্থ স্যালাইন লাগিয়ে কোয়াটারে শুয়ে আছেন। উনার শরীর খুবই খারাপ। তখনই শুরু হয়ে যা হসপিটালে হইচই, কলরব চিৎকার চেঁচামেচি এটা কি হাসপাতাল নাকি অন্য কিছু কেন ডাক্তার থাকবে না একজন মর্মস রোগীকে নিয়ে এসে ২০ থেকে ৩০ মিনিট ডাক্তারবাবু দেখা নেই। তারপরে নার্স এবং রোগীর আত্মীয়-স্বজনরা মিলে রতন বাবু কে তিন জনে ধরে কোয়াটার থেকে বের করে, ধরে এনে পরীক্ষা নিরীক্ষা শুরু করেনরোগীকে। হাসপাতাল সূত্রে ঘটনার বিবরণে জানা যায় আজ সকাল১২ পর্যন্ত চিকিৎসা করেছেন ডাক্তার শুভ্রজিত দাস,। যেহেতু বক্সনগর হাসপাতালে চলে আসছে ডাক্তার বাবুদের শিফটিং ডিউটি, অর্থাৎ একজনের বেশি ডাক্তার হাসপাতালে থাকেন না। একজন বাড়িতে চলে গেলে আর একজন আসেন।এটাই হচ্ছে বক্সনগর হাসপাতালে ডাক্তার বাবুদের রোজ নামচা। যথারীতি কিন্তু উনার স্থলাভিষিক্ত ডাক্তার হাসপাতালে ইনচার্জ। ডাক্তার শুভজিৎ বাবু জেনে গেছেন,ডাক্তার রতন দেববর্মার শারীরিক অবস্থা খুবই খারাপ, এ হেনা পরিস্থিতির মধ্যে উনি কি করে নিজ বাড়িতে চলে যান গোটা বক্সনগরবাসীর প্রশ্ন। উনার ভিতরে মানবতা বলতে কিছু নেই। উনি ডাক্তার নামে কলঙ্ক এবং কসাই এর সমতুল্য। উনি একবারও ভাবলেন না, রতন দেববর্মা অসুস্থ উনাকে ফেলে আমি কিভাবে চলে যাই। যে কোন সময় ইমারজেন্সি রোগী আসলে তাদের চিকিৎসা পরিষেবা কে দেবে। কি হবে হসপিটালের অবস্থা, ওইসবের তোয়াক্কা করেন না তিনি সেজন্য চলে গেলেন। বক্সনগর হাসপাতালে ন্যূনতম আটজন ডাক্তারের প্রয়োজন কিন্তু ডাক্তার চারজন আছেন তারপরও দায়িত্বএবং স্থায়ীত বলতে কোন ডাক্তার নেই। এরকম অহরহ ঘটনা কারণে বক্সনগর এলাকার অনেক রোগী বিনা চিকিৎসা মারা যায়। অপরদিকে ডাক্তার শ্যাম দেববর্মা উনি হাসপাতালে ইনচার্জ উনি সঠিক সময়ও হাসপাতালে উপস্থিত হননি যার কারনে ফাঁসির সঠিক সময়ে পরীক্ষা নিরীক্ষা হয়নি। অবশেষে অসুস্থ রতন বাবু এবং হাসান হোসেন প্যাথলজির একজন তাপ দিয়ে পরীক্ষা নিরীক্ষা করে ডাক্তার বাবু রত্না বেগমকে মৃত বলে ঘোষণা করেন। তখন হসপিটাল ☞ ৬ এর পাতায় দেখুন

# মহুরী নদীতে ছাড়ল মাছের পোনা

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২২ সেপ্টেম্বর।।** প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখতে ও মাছের উৎপাদন বৃদ্ধিতে বিশেষ উদ্যোগ গ্রহন করেছে মৎস্য দপ্তর। নদীতে মাছের উৎপাদন বেশি পরিমানে হয়ে থাকে অপরদিকে অধিকাংশ লোকজন নদীর মাছের উপর নির্ভরশীল হয়ে থাকে। নদী থেকে মাছ ধরলেও মাছ ছাড়ার পরিকল্পনা কারোর থাকেনা। তাই নদীতে মাছের ভারসাম্য বজায় রাখতে শান্তির বাজার মৎস্য দপ্তরের উদ্যোগে প্রত্যেকবছর নদীতে মাছের পোনা ছাড়া হয়। এইবছরও শুক্রবার কলসী এলাকায় এক অনুষ্ঠানের মধ্যদিয়ে কলসী ব্যারেজের মুহুরী নদীতে মাছের পোনা ছাড়া হয়। মাছের পোনা ছাড়ার পূর্বে এলাকার লোকজনদের নিয়ে এক সচেতনতা সভা অনুষ্ঠিত করা হয়েছ। এই অনুষ্ঠানের মধ্য দিয়ে কিভাবে মাছ রক্ষনাবেক্ষন করা যায় ও নদীতে মাছের পোনা ছাড়ার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করলেন অনুষ্ঠানে উপস্থিত অতিথীবৃন্দরা। আজকের এই অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, এম ডি সি সঞ্জীব রিয়াং, জোলাইবাড়ী ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রবি নমঃ, ব্লকের বি এস সি চেয়ারম্যান অশোক মগ, মৎস্য দপ্তরের তত্বাবধায়ক ওয়াটসন রিয়াং, আর ডি দপ্তরের এক্সিউটিভ উকেন্দ্র রিয়াং,বিশিষ্ট সমাজসেবী চেথই মগ সহ অন্যান্যরা। আলোচনাসভা শেষে সকলে মিলে নদীতে মাছের পোনা ছাড়েন। আজকের এই কর্মসূচী সম্পর্কে সংবাদমাধ্যমের সামনে জানান মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। মন্ত্রী সকলের প্রতি আহব্বান জানিয়ে এই মাছের পোনাগুলি রক্ষনাবেক্ষনের জন্য জানান। কেউ যাতে কারেন্ট জাল ব্যবহার না করে ও বিষ ঢেলে দিয়ে মাছ নষ্ট না করে তার জন্য বিশেষ আহব্বান জানান মন্ত্রী। এছাড়া কলসী ব্যারেজকে কেন্দ্র করে পর্যটনকেন্দ্র নির্মান করে এই এলাকার সার্বিক উন্নয়নে কাজ করে যাবেন বলে জানান মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। মন্ত্রীর কাছ থেকে এইধরনের আশ্বাস পেয়ে খুবই খুশি কলসীর এলাকাবাসী।

# গৃহবধূর মৃত্যু ঘিরে মামলায় স্বামীর পাঁচ বছরের সাজা ঘোষণা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।।** গৃহবধূর মৃত্যু ঘিরে মামলায় স্বামীর পাঁচ বছরের সাজা ঘোষণা করলেন মাননীয় জেলা ও দায়রা আদালেতের বিচারপতি অংশুমান দেববর্মা।এই বিষয়ে সরকারি আইনজীবী পার্থ পাল জানিয়েছেন, ২০১৭ সালের ২২ জুলাই মাসে স্বামীর অত্যাচারে অতিষ্ঠ হয়ে বাড়িতে আত্মহত্যা বেঁচে নিয়েছিলেন রেবতী দাস নামে এক গৃহবধূ। তখন গৃহবধূ সন্তান সম্ভবা ছিল।
ওই ঘটনার পরিপ্রেক্ষিতে ২৪ জুলাই গৃহবধূর পিতা অনিল মাহিষ্য দাস কদমতলা থানায় স্বামী রিপন দাসের বিরুদ্ধে লিখিত অভিযোগ জানিয়ে একটি মামলা করেন। ভারতীয় দণ্ড বিধির ৪৯৮/৩০৬ ধারায় একটি মামলা গ্রহণ করে কদমতলা থানা। পরবর্তীতে এই মামলা আদালতে চলতে থাকে। মোট ২৭ জনের সাক্ষী গ্রহণ করা হয় আদালতে। অবশেষে মাননীয় বিচারপতি অংশুমান দেববর্মা এই মামলায় স্বামী রিপন দাসকে দোষী সাব্যস্ত করে রায় ঘোষণা করেন। যেখানে ৪৯৮ ধারায় ৩ বছর ও ৩০৬ ধারায় ৫ বছর সাজা ঘোষণা করা হয়। সেই সঙ্গে দুটি ধারায় ৫ হাজার টাকা করে জরিমানা অনাদায়ে ছয় মাসের জেল।

# বিদ্যুৎ যন্ত্রণায় ভুগছে ধর্মনগরবাসী

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২২ সেপ্টেম্বর।।** বিদ্যুৎ দপ্তরের চরম উদাসীনতায় ধর্মনগরে বিদ্যুৎ পরিষেবার বেহাল অবস্থা। বিদ্যুৎ পরিষেবা নিয়ে ধর্মনগর শহর সহ শহর সংলগ্ন এলাকাগুলিতে জনগণের মধ্যে চরম অসন্তোষ সৃষ্টি হয়েছে। সমস্ত দিন কিংবা রাত্র একই অবস্থা বারবার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হচ্ছে। এছাড়াও কোথাও কোথাও বিদ্যুৎ পরিষেবা বিপর্যস্ত হয়ে পড়েছে ঘন্টার পর ঘন্টা অর্থাৎ বিদ্যুৎ সংযোগ ছিন্ন হয়ে পড়েছে। কিন্তু দপ্তরের কর্মীদের কোন হেলদোল নেই। গ্রাহকদের অভিযোগ দপ্তরে অভিযোগ নথিভুক্ত করতে গেলে অফিসে কোনো কর্মী পাওয়া যায় না। এমনকি দিনে বা রাত্রে যে কোন মুহূর্তে অফিসের মোবাইল ফোনে ফোন করলে মোবাইল ব্যস্ত দেখায়, কখনো কখনো মোবাইল ফোন সুইচ অফ দেখায়। যেকোনো গ্রাহক যেকোনো মুহূর্তে ফোন করলেই একই অবস্থা ভাগ্য ভালো হলে দিনে দুই একজন তাদের সঙ্গে যোগাযোগ করতে সক্ষম হয় অন্যথায় সারাদিন কিংবা রাত ফোন সুইচ অফ দেখায়।
গ্রাহকের আরো অভিযোগ অদক্ষ কর্মীরা বিদ্যুৎ পরিষেবায় মেরামতির কাজে নিযুক্ত থাকায় কাজের গুণগত মান নিয়েও প্রশ্ন উঠেছে। বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হলে সারাই করতে গিয়ে কিছুক্ষণের মধ্যে আবার সংযোগ ছিন্ন হয়ে যায় , এর জন্য গ্রাহকরা কর্মীদের অদক্ষতাকে দায়ী করছেন। সব দিক দিয়েই বিদ্যুৎ পরিষেবার বেহাল দশায় জনমনে চরম অসন্তোষ বিরাজ করছে। বিদ্যুৎ দপ্তরের এই খামখেয়ালিপনার কারণে দপ্তরের সঙ্গে গ্রাহকদের দিন দিন সম্পর্কের অবনতি ঘটছে বলে অভিজ্ঞ মহলের অভিমত। ফলে যে কোন সময় দপ্তরের কর্মীদের সঙ্গে গ্রাহকদের ভুল বোঝাবুঝির কারণে সমস্যা তীব্র রূপ নিতে পারে বলে আশঙ্কা অভিজ্ঞ মহলের।

# রাজ্য অতিথিশালায় সাইবার নিরাপত্তা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর।।** আজ রাজ্য অতিথিশালায় কার্টস ইন্টারন্যাশনালের উদ্যোগে এমএসএমই এবং মহিলা উদ্যোক্তাদের নিয়ে সাইবার নিরাপত্তা বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
এদিনের কর্মশালায় ক্রমবর্ধমান ই-ব্যবসায় উপর নজর রাখার আহ্বান জানিয়েছে মহিলা উদ্যোক্তাদের। পাশাপাশি কিভাবে সাইবার অপরাধ থেকে নিজেদের সংস্থাকে বাঁচিয়ে রাখবে সেইসব বিষয়ে আলোচনা হয়েছে।
কার্টস ইন্টারন্যাশনালের ডিরেক্টর অর্ণব গাঙ্গুলি বলেন, ভারতবর্ষে প্রায় ছয় কোটি এম এস এম ই আছে। তার মধ্যে ৩০ শতাংশ হচ্ছে মহিলাদের দ্বারা পরিচালিত। ২০২২সালে যখন করোনা ভয়াবহতা বৃদ্ধি পায় সেই সময় এই এমএসএমই গুলি তাদের ব্যবসা অনলাইনে শুরু করে। সেই সময় ১লক্ষ ৮৮ হাজার এম এস এম ই সাইবার অপরাধের শিকার হয়েছে।সাইবার অপরাধীরা যেন তাদেরকে বোকা বানাতে না পারে ও তাদের অ্যাকাউন্ট হ্যাক করতে না পারে সেইসব বিষয়ে আজকের এই কর্মশালায় আলোচনা করা হয়েছে।
এদিন তিনি আরো বলেন, এই কর্মশালা পাটনা থেকে শুরু হয়েছে। ত্রিপুরায় এই প্রথমবারের মত কর্মশালা আয়োজিত হয়েছে। মূলত মহিলা উদ্যোক্তাদের সাইবার নিরাপত্তা কি সেই বিষয়ে আলোচনা করা হয়েছে।

# ফের বিরোধী শিবিরে ভাঙ্গন

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২২ সেপ্টেম্বর।।** আসন্ন লোকসভা নির্বাচনকে সামনে রেখে কাজ করে যাচ্ছে জোলাইবাড়ী বিজেপির মন্ডল সভাপতি অজয় রিয়াং। মন্ডল সভাপতির নেতৃত্বে প্রতিনিয়ত জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের নানান জায়গায় চলছে যোগদানসভা। মূল লক্ষ্য লোকসভা নির্বাচন। জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রে বিরোধী শূন্য করতে চলছে এই যোগদান সভা। মন্ডল সভাপতি অজয় রিয়াং এর নেতৃত্বে শুক্রবার জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের শ্রীকান্তবাড়ী এডিসি ভিলেজে অনুষ্ঠিত হয়েছে এক যোগদানসভা। এই যোগদান সভায় তিপ্রামথা থেকে দলত্যাগ করে ২৩ পরিবারের ৬০ জন ভোটার বিজেপিতে যোগদান করেন। দলত্যাগীদের হাতে দলীয় পতাকা দিয়ে বরন করে



নেন মন্ডল সভাপতি অজয় রিয়াং। বিগতদিনে যে সকল লোকজন গ্রেটার তিপ্রাল্যান্ডের প্রলোভনে তিপ্রামথা নামক দলকে সমর্থন করেছেন বর্তমান সময়ে রাজ্যে বিজেপি ও আইপিএফটির জোট সরকারের উন্নয়নমূলক কর্মসূচী ও জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া ও মন্ডল সভাপতির নেতৃত্বে উন্নয়নমূলক কর্মসূচী দেখে তিপ্রামথা দল ত্যাগ করে আজকের দিনে তিপ্রামথা দলের কর্মীসমর্থকরা নিজেদের পরিবারের সদস্যদের নিয়ে বিজেপিতে যোগদান করেন। আজকের এই যোগদান সভায় উপস্থিত ছিলেন মন্ডল সভাপতি অজয় রিয়াং, যুব মোর্চার মন্ডল সভাপতি কেশব চেঁধুরী, যুব নেতৃত্ব পুলক ভৌমিক সহ অন্যান্যরা।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।